The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 892 | 17 October 2025 | শুক্রবার ০১ কার্তিক ১৪৩২

DNC Chair Endorsed Zohran Mamdani in NYC mayoral race → Page 18

Obama's warnings about democracy fading sound increasingly directed toward the US → Page 19

Oscar-winning actress Diane Keaton dies at 79 → Page 18

Tarique Rahman and the question of political renewal → Page 19

# প্রবাসীদের ভোটার আইডির নামে মূলা

আজকাল রিপোর্ট




ভোটার আইডি/ন্যাশনাল আইডি নিয়ে প্রবাসীদের ভোগান্তির শেষ নেই। মূলা ঝুলিয়েছেন সরকার। যুক্তরাষ্ট্রের ১০ ভাগ প্রবাসীও আগামী নির্বাচনের আগে স্থানীয়ভাবে ভোটার আইডি করতে পারবেন না। অথচ কত না ঢাকডোল পিটিয়ে এ কার্যকমে উদ্বোধন করা হলো। প্রবাসীরা ঘন্টার পর ঘন্টা সময় ব্যয় করে অনলাইনে আবেদন পূরণ করছেন। শেষে এপোয়েন্টমেন্ট এর জন্য ক্লিক করলেই স্ক্রিনে ভেসে উঠছে নভেম্বর পর্যন্ত ফুল। অর্থাৎ আগামী নভেম্বরের পরে হয়তো ডেট পাওয়া যাবে। কিন্তু ইলেকশন কমিশনের ঘোষণা মতে ফেব্রুয়ারিতে প্রবাসীরা ভোট দিতে চাইলে ভোটার আইডি করতে হবে নভেম্বরের মধ্যে। আজকাল প্রতিবেদককে নিউইয়র্কে বসবাসরত একাধিক বাংলাদেশি এপোয়েন্টমেন্ট না পাবার অভিযোগ করেছেন। কনস্যুলেটে গিয়েও অনেকে সহায়তা পাচ্ছেন না। এদিকে নিউইয়র্ক কনস্যুলেট ও ওয়াশিংটন দূতাবাসে কচ্ছপ গতিতে ভোটার আইডি তৈরির কাজ চলছে। যে লজিস্টিক্যাল সাপোর্ট তাদের রয়েছে তাতে প্রতিদিন ২০ থেকে ২৫ জনের বেশি আইডি তৈরি করা সম্ভব নয়। গড়ে প্রতিদিন ২০টি করে আইডি দিলে আগামী নভেম্বরের মধ্যে নিউইয়র্ক কনসুলেট দিতে পারবে মাত্র ৭০০টি। কোনভাবেই ১ হাজারের উপরে যেতে পারবে না। অথচ নিউইয়র্কে কমপক্ষে ৫০ হাজার বাংলাদেশি ভোটার আইডির অপেক্ষায়। বৃহস্পতিবার কনসাল জেনারেল মোজাম্মেল হকের সাথে বারবার যোগাযোগ করেও তাকে পাওয়া যায়নি। ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার গোলাম মর্তুজার দৃষ্টি আর্কণষন করা হয় ভোটার আইডি প্রদানের অগ্রগতি নিয়ে। তিনি আজকালকে বলেন, বর্তমান এরপর ২৬ পৃষ্ঠায়

# সারোয়ার বাবুর বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

## হাসপাতাল থেকে ফিরেছেন প্রমি



আজকাল রিপোর্ট

নিউইয়র্কে রিয়েল এস্টেট এজেন্ট সারোয়ার খান বাবু কর্তৃক কণ্ঠশিল্পী প্রমি তাজকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে।এ ঘটনায় প্রমি রিয়েল এস্টেট এজেন্ট সারোয়ার খানের বিরুদ্ধে এনওয়াইপিডি পুলিশে অভিযোগ দায়ের করেছেন। পুলিশ সারোওয়ারকে আটকের চেষ্টা করছে।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে জামাইকার ১৮৯-১০ হিলসাইড এভিনিউস্থ এক্সিট রিয়েলটর অফিসে এ ঘটনাটি ঘটে। ঘটনার পরপরই সারোয়ারকে চাকরিচ্যুত করেছে এক্সিট রিয়েলটি। বিষয়টি কমিউনিটিতে ব্যাপক আলোড়ন ও সমালোচনার সৃষ্টি হয়েছে। সর্বত্র আলোচনার ঝড় এরপর ২৪ পৃষ্ঠায়

জাতিসংঘের আহ্বান

# সেনা কর্মকর্তাদের বেসামরিক আদালতে আনুন

আজকাল রিপোর্ট

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয় বাংলাদেশে গুম, খুনের মামলায় গ্রেপ্তারি পরোয়ানা পাওয়া সেনা অফিসারদের বেসামরিক আদালতে বিচারের আহবান জানিয়েছে। অভিযুক্ত অনেককে এখন ঢাকা ক্যান্টনমেন্টের একটি ভবনে সেনা এরপর ২৬ পৃষ্ঠায়

# ল'সোসাইটির ফ্যামিলি নাইট অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

বাংলাদেশী আইনজীবী, এটর্নী, ব্যারিস্টার ও ল' ডিগ্রীধারীদের প্রফেশনালদের সংগঠন বাংলাদেশ ল'সোসাইটি ইউএসএ'র বার্ষিক ফ্যামিলি নাইট-২০২৫ গত ১২ অক্টোবর জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি এরপর ২৬ পৃষ্ঠায়

# সরকার ও সেনাবাহিনীর দূরত্ব বাড়ছেই

আজকাল রিপোর্ট



বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের প্রধান নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস এবং সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার উজ জামানের মধ্যে দূরত্ব বেড়েই চলেছে। এই কাজে সর্বশেষ যুক্ত হয়েছে সেনা কর্মকর্তাদের বিচারের প্রসঙ্গ। হঠাৎ করেই গত ৮ অক্টোবর আন্তর্জাতিক ক্রাইম ট্রাইব্যুনাল (আইসিটি)-এর চীফ প্রসিকিউটর সেনাবাহিনীর সাবেক ও বর্তমান প্রায় ৩০ জন কর্মকর্তার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের জন্য অভিযোগ দায়ের করেন। এই অভিযোগ পাওয়া মাত্রই ট্রাইব্যুনাল তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে। আইসিটি আগামী ২২ শে অক্টোবরের মধ্যে আসামীদের আদালতে হাজির করার নির্দেশ এরপর ২৬ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416


সারা আওয়াদ-এর কলাম
গাজা কেন ফ্লোটিলার আশায় সাগরের দিকে চেয়ে থাকে
১০ পৃষ্ঠায়


এস এম মোজাম্মেল হক-এর কলাম
জাতিসংঘ সম্মেলনে এসে জয় করলেন ও প্রশংসায় ভাসলেন
০৬ পৃষ্ঠায়


মহিউদ্দিন আহমদ-এর কলাম
ভুল স্বীকার করলেই কি রাজনীতি শেষ হয়ে যায়
০৫ পৃষ্ঠায়




# শাটডাউনে ফেডারেল কর্মীদের ছাঁটাই বেআইনী : আদালত

আজকাল রিপোর্ট



সান ফ্রান্সিসকোর একজন ফেডারেল বিচারক ট্রাম্প প্রশাসনকে অবিলম্বে সরকারী শাটডাউনের সময় প্রায় ৪,১০০ ফেডারেল কর্মীদের ছাঁটাই করার চেষ্টা বন্ধ করার নির্দেশ দিয়েছেন। ছাটাইয়ের এই পদক্ষেপকে বেআইনী বলে অভিহিত করেছেন তিনি। মার্কিন জেলা জজ সুসান ইলস্টন বুধবার একটি শুনানির সময় বলেন যে তিনি গত শুক্রবার থেকে শুরু হওয়া ছাঁটাই স্থগিত করার জন্য একটি জরুরি আদেশের জন্য ফেডারেল কর্মীদের প্রতিনিধিত্বকারী ইউনিয়নগুলির কাছ থেকে একটি অনুরোধ মঞ্জুর করেন। ইলস্টন বলেন, এই মুহূর্তে (অস্থায়ী সংযত আদেশ) কার্যকর রয়েছে। বিচারক বলেন, এই আদেশে প্রশাসনকে আপাতত পরিকল্পনা নিয়ে মামলা করা বেশ কয়েকটি ইউনিয়নের সদস্যদের জন্য কোনও ছাঁটাই নিয়ে এগিয়ে যেতে বা সেই ইউনিয়নের সদস্যদের জন্য কোনও নতুন ছাঁটাইয়ের নোটিশ জারি করতে বাধা দেওয়া হয়েছে। ইউনিয়নগুলির আইনি চ্যালেঞ্জ কার্যকর না হওয়া পর্যন্ত এটি কার্যকর থাকবে।

ইউনিয়নগুলি, যারা গত মাসের শেষের দিকে প্রশাসনের বিরুদ্ধে মামলা করেছিল, কর্মকর্তারা বলেছিলেন যে তারা বন্ধের মধ্যে শ্রমিকদের ছাঁটাই করবে, তারা যুক্তি দিয়েছে যে সরকার ছাঁটাইয়ের যৌক্তিকতা হিসাবে তহবিলের ত্রুটিটিকে অবৈধভাবে ব্যবহার করছে।

ইলস্টন বলেছিলেন যে তিনি প্রমাণ দেখেছেন যে প্রশাসন সরকারী ব্যয়ের ক্ষেত্রে, সরকারী কার্যকারিতার ক্ষেত্রে ত্রুটির সুযোগ নিয়েছিল, ধরে নিয়েছিল যে এরপর ২৪ পৃষ্ঠায়




## নজরুল একাডেমির ইউএসএ'র যুগপূর্তি ও নজরুল জয়ন্তী

আজকাল রিপোর্ট

নজরুল একাডেমি অব ইউএসএ-এর 'যুগপূর্তি ও নজরুল জয়ন্তী ২০২৫' উপলক্ষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা 'অবিস্মরণীয় নজরুল' ১১ অক্টোবর নিউইয়র্কের উডসাইডের 'কুইন্স প্যালেস'-এ অনুষ্ঠিত হয়। সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত টানা চলা এই অনুষ্ঠানে নিউইয়র্কের বাংলা ভাষা-ভাষী সংগীত, সাহিত্য ও সংস্কৃতিপ্রেমী বিপুল দর্শকশ্রোতা উপস্থিত ছিলেন। নজরুল একাডেমির সাধারণ সম্পাদক শাহ আলম দুলালের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে প্রথম পর্ব সূচনা হয়। নজরুল একাডেমির নিজস্ব শিল্পীদের পরিবেশনায়, সংগীত এরপর ৩৪ পৃষ্ঠায়



## টর্চ-বিয়ারার অ্যাওয়ার্ড পেলেন ফখরুল ইসলাম দেলোয়ার

আজকাল রিপোর্ট

সমাজের সেবায় অনুপ্রেরণা মূলক কাজের জন্য 'টর্চ-বিয়ারার অ্যাওয়ার্ড' বা আলো বাহক সম্মাননা-২০২৫-এর জন্য মনোনীতদের তালিকায় স্থান পেয়েছেন নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ ও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি সদস্য এবং জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার। চলতি বছর দেলোয়ার ছাড়াও আরো একাধিক ব্যক্তি 'টর্চ-বিয়ারার অ্যাওয়ার্ড' এর জন্য মনোনীত এরপর ৩৪ পৃষ্ঠায়

## নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের নির্বাচন কমিশন গঠন

আজকাল রিপোর্ট

বাংলাদেশের উত্তর-বঙ্গের ১৬ জেলার প্রবাসীদের বৃহৎ সামাজিক সংগঠন নর্থবেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইনক'র নতুন কার্যকরি পরিষদ নির্বাচনের জন্য তিন সদস্যের নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। গত ৫ অক্টোবর রোববার সন্ধ্যায় জ্যাইকায় অনুষ্ঠিত সংগঠনের কার্যকরী কমিটি, উপদেষ্টা পরিষদ ও ট্রাস্টিবোর্ড সদস্যদের এক যৌথ সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

ফাউন্ডেশনের সভাপতি ডা. চৌধুরী সারোয়ারুল হাসান ও সাধারণ সম্পাদক মোজাক্কর হোসেনের উপস্থিতিতে সর্বসম্মতিতে গঠিত তিন সদস্যের নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার ড. রুহুল কুদ্দুস। অপর দুই নির্বাচন কমিশনার মোহাম্মদ দবিরুল এরপর ২৭ পৃষ্ঠায়




## হিউম্যান সাপোর্ট কর্পোরেশনের বিনামূল্যে টিকাদান কর্মসূচি

আজকাল রিপোর্ট

চলতি বছরের প্রথম বিনামূল্যে টিকাদান কর্মসূচি পালন করেছে হিউম্যান সাপোর্ট কর্পোরেশন। হিউম্যান সাপোর্ট কর্পোরেশনের ২০তম টিকাদান কর্মসূচিতে ফ্রি ফ্লু ভাইরাস বা ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের প্রতিষেধক টিকা দেয়া হয়।

গত ১১ অক্টোবর জ্যাকসন হাইটসে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আয়োজক সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি রিয়েলস্টেট ব্রোকার মো সোলায়মান আলী। ওয়ালগ্রিন ফার্মাসির স্পন্সরশিপে ও ওয়ালগ্রিন ফার্মেসী ম্যানেজার কর্তিজা শাহ'র সার্বিক সহযোগিতায় এই কর্মসূচীতে কর্মসূচিতে এরপর ২৭ পৃষ্ঠায়

## সিলেটের উন্নয়ন দাবিতে নিউইয়র্কে মানবন্ধন

আজকাল রিপোর্ট

দেশের অন্যান্য এলাকার চেয়ে সিলেট অঞ্চল চরম অবহেলা বৈষম্যের শিকার হচ্ছে বলে মনে করে সিলেট বাসী। এ অবস্থায় সিলেটের জন্য পর্যাপ্ত উন্নয়ন খাত বরাদ্দ ও বিভিন্ন সুযোগ সুবিধা চেয়ে বিক্ষোভ ও সমাবেশ করেছে নিউইয়র্ক প্রবাসী বৃহত্তর সিলেটের বাসিন্দারা। এজন্য গত ১৫ অক্টোবর নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ডাইভার্সিটি প্লাজায় ব্যতিক্রমী সমাবেশে তাদের ক্ষোভ, বেদনা ও আশাভঙ্গের কথা তুলে ধরেন।

'বিয়ক্ত সিলেটবাসী নিউইয়র্ক' ও 'জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকা'র ব্যানারে এ সমাবেশে সিলেটবাসী অংশ নেন।

বক্তারা বলেন, স্বাধীনতার অর্ধশতাব্দী পেরিয়ে গেলেও বৃহত্তর সিলেটের আশার আলো এরপর ২৪ পৃষ্ঠায়



## আন্তর্জাতিক লোকসঙ্গীত সম্মেলনের প্রস্তুতি সভা

আজকাল রিপোর্ট

মরমী কবি বিজয় সরকার ও বারী সিদ্দিকী স্মরণে নিউইয়র্কে আগামী ২২ নভেম্বর অনুষ্ঠিত হবে আন্তর্জাতিক লোকসংগীত সম্মেলন। এখন চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি। এ সম্মেলনকে সামনে রেখে গত ১০ অক্টোবর জ্যামাইকায় এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, সংগঠনের উপদেষ্টা তোফায়েল আহমেদ চৌধুরী। মোহর খানের পরিচালনায় প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন হাজী আব্দুর রহমান, সৈয়দ হাসমত আলী, খান হাবীবুর রহমান, মীর আফসার আলী, ইমদাদুল হক, সুলতানা খানম ও নুর ইসলাম বর্ষণ। এরপর ২৪ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

# কমিউনিটির বিরুদ্ধে অবস্থান নিবেন না প্লিজ!

নির্বাচন শেষে আমরা আমরাই। ৪ নভেম্বর নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচন। ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী জোহরান মামদানি ও স্বতন্ত্র প্রার্থী (বিদ্রোহী ডেমোক্র্যাট) এন্ড্রু কুমোর সাথেই প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। হয়তো রিপাবলিক্যান প্রার্থী কার্টিজ সিলওয়া তৃতীয় হবেন। রাজনৈতিক হিসেবে নিকেশে প্রেসিডেন্ট ট্রাম্প প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কুমোকেই সমর্থন দিচ্ছেন। কুমোকেই পাশ করানোর স্বপ্নে মেয়র এরিক এডামসকে বসিয়ে দিলেন। অথচ এক বছর আগেও ট্রাম্প ও কুমোর মধ্যে দা-মাছ সম্পর্ক ছিল। জনমত জরিপে মামদানি এখন ৪৬% সমর্থনে এগিয়ে। কুমোর সমর্থন ৩৪%। কার্টিজ ১৫%।

নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচন নিয়ে বাংলাদেশি কমিউনিটি উজ্জীবিত। আন্দোলিত। অধিকাংশ মা-বোন, চাচা-চাচি ও আবালবৃদ্ধবণিতার আবেগের একটি যায়গা করে নিয়েছেন মামদানি। ডেমোক্র্যাটিক প্রাইমারিতে তার স্বাক্ষর রেখেছেন প্রবাসী বাংলাদেশিরা। একজন মুসলমান বংশোদভূত প্রার্থী হিসেবে মুসলমানদের সমর্থন বেশি পাবেন সেটাই স্বাভাবিক। বাংলাদেশি কমিউনিটি তাকে সমর্থন করায় তিনিও বারবার কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। বারবার ছুটে এসেছেন উদীয়মান ছোট একটি কমিউনিটির কাছে।

> ৪ নভেম্বরের পর আমরাই আপনার ভাই। সকালে ঘুম থেকে উঠে আমাদের মুখটিই দেখবেন। রাজনৈতিক অভিলাসে আমাদের সমর্থনই দরকার হবে। হয়তোবা কুমো জিতলে একটি পদবীও পেয়ে যাবেন। কিন্তু ভালোবাসার জন্য বাংলাদেশি কমিউনিটির কাছেই আসতে হবে। এই বাস্তবতা ভুলে যাবেন না প্লিজ!

মামদানির একটি বক্তব্য নিয়ে বির্তকের সৃষ্টি হয়েছে। তিনি নিউইয়র্ক সিটিতে প্রোস্টেটিটিউশন লিগালাইজের কথা বলেছেন। আর অমনি কিছু মুসলমান জাত গেলো জাত গেলো বলে জিকির তুলতে শুরু করলেন। অথচ শতকরা ৯০ ভাগ মুসলমানের দেশ বাংলাদেশেও এই পেশাকে এখনও নিষিদ্ধ করা হয়নি। গোয়ালন্দ ঘাটে এই পেশাটিতে হাজারো মানুষ জড়িত রয়েছেন।

কমিউনিটিতে ফাহাদ সোলায়মান একজন একটিভিস্ট হিসেবে পরিচিত। তিনি অবৈতনিক ও ভলেন্টিয়ার সার্ভিসের অংশ হিসেবে মেয়র এরিক এডামসের এশিয়া বিষয়ক উপকমিটির এডভাইজার ছিলেন। সিটির নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ছিলেন না। এরপরও তাকে নিয়ে কমিউনিটি গর্বিত ছিল। একজন রেজিস্টার্ড ডেমোক্র্যাটও তিনি। জ্যাকসন হাইটস বিজনেস এসোসিয়েশনের একাংশের তিনি সভাপতি। যদিও তার রানিংমেট সভাপতি হারুন ভূঁইয়া তাকে আর ধারণ করেন না। ফাহাদও মামদানির পক্ষে কাজ করেছেন একসময়। হঠাৎ করেই দলীয় প্রার্থীর বিপরীতে গিয়ে কুমোর পাশে দাঁড়ালেন। তার অভিযোগ, নিউইয়র্ক সিটিতে প্রোস্টেটিটিউশন লিগালাইজেশনের পক্ষে মামদানির অবস্থান। হতেই পারে। ফাহাদ সোলায়মানের গনতান্ত্রিক অধিকার রয়েছে যে কারো পক্ষে যাওয়া। এটা দোষের কিছু না। বরং প্রকাশ্যে কুমোর জন্য কথা বলছেন। ভিডিও ছাড়ছেন। বলছেন, প্রোস্টেটিটিউশন সমর্থক প্রার্থীকে সাপোর্ট করতে পারি না। কিন্তু তিনি যাকে সমর্থন করছেন, তাকে কি তিনি চেনেন। চরিত্রহীন, নারীকে জোড় করে শালীনতা হরনের অপরাধে গর্ভনর পদ থেকে পদত্যাগ করেছিলেন। অপকর্মের জন্য মেয়ে ও স্ত্রীর কাছে প্রকাশ্যে ক্ষমা চেয়ে ছিলেন। সাবেক প্রেসিডেন্ট জো বাইডেন ও সিনেটর চাক শুমার সহ অধিকাংশ ডেমোক্র্যাট লিডার তাকে পদত্যাগ করতে আহবান জানিয়েছিলেন। এমন একজন প্রার্থীকে সমর্থন কি নৈতিকতা বিরোধী নয়? আমাদের সন্তানদের বলবেন, চরিত্র স্খলনের দায়ে পদত্যাগী গর্ভনরকে মেয়র পদে ভোট দিতে? চরিত্রহীনতার আচঁড় মামদানি নাকি কুমোকে দেবেন?

এরপরও অসামাজিক কর্মকান্ডের দায়ে পদত্যাগী গর্ভনরকে আপনি সমর্থন করতেই পারেন। কিন্তু প্রবাসী বাংলাদেশি কমিউনিটির ভালোবাসা, সমর্থন ও আবেগের বিরুদ্ধে অবস্থান নিয়ে ফাহাদ আপনি কি সঠিক সিদ্ধান্ত নিয়েছেন? নিউইয়র্ক টাইমস কিংবা জুইস মালিকানাধীন নিউইয়র্ক পোস্ট আপনাকে বাহবা দিলেও আপনি কি কমিউনিটির বিপরীতে অবস্থান নিলেন না? ৪ নভেম্বরের পর আমরাই আপনার ভাই। সকালে ঘুম থেকে উঠে আমাদের মুখটিই দেখবেন। রাজনৈতিক অভিলাসে আমাদের সমর্থনই দরকার হবে। হয়তোবা কুমো জিতলে একটি পদবীও পেয়ে যাবেন। কিন্তু ভালোবাসার জন্য বাংলাদেশি কমিউনিটির কাছেই আসতে হবে। এই বাস্তবতা ভুলে যাবেন না প্লিজ!

# ভুল স্বীকার করলেই কি রাজনীতি শেষ হয়ে যায়

মহিউদ্দিন আহমদ



রাজনীতি একটি শাস্ত্র বটে। কিন্তু শাস্ত্র মেনে রাজনীতি হয় না। এর নিজস্ব একটি ভাষা আছে। যাঁরা রাজনীতি করেন, তাঁদের ইচ্ছা-অনিচ্ছা, পছন্দ-অপছন্দ, অনুরাগ-বিরাগ ইত্যাদি অনেকটাই নির্ধারণ করে দেয় রাজনীতি কোন পথে, কোন ছন্দে, কোন গতিতে চলবে।

রাজনীতি করতে তাই পলিটিক্যাল সায়েন্স বা রাজনীতিবিজ্ঞানের ডিগ্রি না হলেও চলে। এমনকি বকলম হলেও অসুবিধা নেই। আমাদের নির্বাচন কমিশন প্রার্থীদের জন্য আবেদনপত্রে কয়েকটি তথ্য দেওয়া বাধ্যতামূলক করেছে। তার মধ্যে একটি হলো শিক্ষাগত যোগ্যতা। এই যোগ্যতার অর্থ হলো, প্রার্থীর পড়াশোনা কোন স্তরের, তিনি কী ডিগ্রি পেয়েছেন। কেউ কেউ তথ্য পূরণ করতে গিয়ে উল্লেখ করেছেন, তিনি 'স্বশিক্ষিত'। কথাটা জুতসই। ডিগ্রির একটা বাজারমূল্য আছে। কোনো ডিগ্রি নেই-এ কথা জানাজানি হয়ে গেলে ভাবমূর্তির সংকট হতে পারে। তাই স্বশিক্ষিত বলা। কেউ কেউ অবশ্য ফান করেও এটা লিখতেন।

রাজনীতির লাইসেন্স নেয় যারা, আমরা তাদের বলি রাজনৈতিক দল। দলের এক বা একাধিক শাস্ত্র আছে। দল কীভাবে চলবে, সে জন্য আছে গঠনতন্ত্র বা দলীয় সংবিধান। দল কী চায়, কোথায় যেতে চায়, সে জন্য আছে ঘোষণাপত্র। পৃথিবীর সবচেয়ে সুন্দর ও পবিত্র শব্দমালায় সাজানো হয় এই ঘোষণাপত্র। এখানেই শেষ নয়। নির্বাচন এলে নতুন করে অনেক কিছু বলতে হয়। এর নাম ইশতেহার বা ইস্তাহার, যে বানানেই লেখা হোক না কেন। সেখানে থাকে একটি প্রলম্বিত মুখবন্ধ বা ভূমিকা। সেখানে বলা হয়, এই একটিমাত্র দল, যারা ধরায় এসেছে ত্রাতার ভূমিকায়। তারাই মানুষের সত্যিকারের বন্ধু। বাকি সবাই শত্রু। এরপর থাকে প্রতিশ্রুতির এক দীর্ঘ তালিকা।

> সমাজে নতুন-পুরোনোর দ্বন্দ্ব চিরন্তন। তাদের দৃষ্টিভঙ্গি আলাদা। একদা যে তরুণ মানুষের জন্য, দেশের জন্য অকাতরে প্রাণ দিতে ইতস্তত করেনি, বয়সের সঙ্গে সঙ্গে তার মধ্যে পরিবর্তন দেখা দেয়। একসময় তার মগজে জং ধরে যায়। সে হয়ে ওঠে মিথ্যাবাদী, লোভী, দুর্বৃত্ত, ক্ষমতালিপ্সু, অত্যাচারী। তারপরও আমাদের আশা আর ভরসা তরুণদের ওপরেই

দলগুলোকে মোটাদাগে দুভাগ করা যায়-পুরোনো ও নতুন। পুরোনো দলগুলো তুলে ধরে তাদের অতীতের কাজকারবারের ফিরিস্তি। কখনো ক্ষমতায় গিয়ে থাকলে তার অর্জন আর সফলতার বয়ান। সেখানে সবকিছু ভালো। তারা কখনো কোনো খারাপ কাজ করেনি। কাউকে কষ্ট দেয়নি। কোনো কটুকথা বলেনি। সরকারি দপ্তরে কোনো ফাইল আটকে থাকেনি। চারদিকে শুধু সুখ আর সুখ। তাদের বিরুদ্ধে কোনো খারাপ কাজের অভিযোগ থাকলে সেটি হচ্ছে দুষ্ট লোকের অপপ্রচার।

দল পুরোনো, কিন্তু ক্ষমতার উঠানে কিংবা বারান্দায় হাঁটাহাঁটি করলেও খাসকামরায় কখনো ঢুকতে পারেনি, তাদের ওয়াজ এ রকম: নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ না হওয়ায় আমরা হেরেছি বা আমাদের হারিয়ে দেওয়া হয়েছে। আমরা যদি একবার ক্ষমতায় যেতে পারি, তাহলে দেশটা সোনায় মুড়ে দেব। দেশে কোনো সমস্যা থাকবে না। চারদিকে শুধু শান্তি আর শান্তি।

কেউ কেউ এ কথাও বলেন, এই ঘুণে ধরা বুর্জোয়া সমাজে গরিবের সরকার হবে না। তাই বিপ্লব করতে হবে। এ দেশে বিপ্লবীর সংখ্যা মশা-মাছির চেয়েও বেশি। এমন কোনো বছর নেই, যে বছর বিপ্লবীদের দল ভাঙেনি। তারা অনবরত ভাঙে। তারপর ভাঙা টুকরাগুলো মিলে ঐক্য গড়ে, জোট বানায়। সেই জোট আবার ভাঙে। একেকটা টুকরা নানান 'বুর্জোয়া' দলের সঙ্গে জোটে। কারণ হিসেবে বলে, এটা হচ্ছে কৌশলগত ঐক্য। ওই যে মাও সে-তুং একদা চিয়াং কাইশেকের সঙ্গে ঐক্য করেছিলেন!

একেবারে আনকোরা দল আছে কিছু। তাদের নির্বাচনের অভিজ্ঞতা নেই। এরা আগে কোনো দলের সঙ্গেও ছিল না। তারা রাজনীতির জলে সাঁতার কাটছে। হাবুডুবু খাচ্ছে। অতল জলে পায়ের নিচে মাটি পাচ্ছে না। তাদের কারও কারও অতীতে কালো দাগ নেই। রাজনীতির কূটচালে অভিজ্ঞতা নেই। কখন কী বলতে হয়, জানে না। একদিন মুখ ফসকে একটা কথা বলে ফেলে। পরদিন বুঝতে পেরে বলে উল্টো কথা।

আমাদের দেশে একটা গোষ্ঠী আছে। আমরা তাদের বলি ফেসবুকার বা টিকটকার। তারা বেশ সেয়ানা। এই একটা প্রযুক্তি, যেখানে আমাদের কিশোর-তরুণদের পারঙ্গমতা সিলিকন ভ্যালি কিংবা নাসার বিজ্ঞানীদেরও হার মানায়! কে, কবে, কোথায় কী বলেছে, তার রেকর্ড রেখে দেয়। সুযোগমতো সেটা ছড়িয়ে দেয় সোশ্যাল মিডিয়ায়।

আমাদের সোশ্যাল মিডিয়ার কথা কী আর বলব! এখানে যত 'অসামাজিক' কাজ হয়, তাতে অ্যান্টিসোশ্যাল মিডিয়া নাম দিলেও ভুল হবে না। এটা এমন একটা প্ল্যাটফর্ম, যেখানে কে কাকে ওঠাবে, নামাবে, বাঁচাবে,

এরপর ২২ পৃষ্ঠায়

# একটি লেডিবাগ ও জীবনচক্র

এইচ বি রিতা

দিনের চকচকা সোনালি ঝলকে কিংবা রাত্রির নিবিড় স্তব্ধতাকে ছিন্ন করে, আমি প্রতিদিনের নৈঃশব্দ্য-অনুষঙ্গকে পেছনে ফেলে পথের বিড়ালদের আহার দিয়ে আসি। এই কর্ম নিছক এক দয়া-প্রসূত অভ্যেসমাত্র নয়; বরং এটি আমার এক অনবরত আত্মোপলব্ধির প্রক্রিয়া যেখানে করুণা আত্মমগ্নতার চিহ্ন নয়, বরং আত্মচর্চাকে জগতের পরিপ্রেক্ষিতে পরিণত করার এক নিরব আলেখ্য। এই ক্ষুদ্র অথচ প্রতিদিনকার কর্মযজ্ঞ আমার অস্তিত্বের সঙ্গে জড়িয়ে থাকা এক গভীর দায়বোধের অভিব্যক্তি, যেখানে আমি দৃঢ়তার সাথে বিশ্বাস করি-পশুপ্রেমে লুকিয়ে থাকে মানুষ; প্রেমের অধিকতর তত্ত্বাত্মক আভাস। কিন্তু আজকের রাত যেন নিঃশব্দে তুলে ধরল এক ভিন্ন দর্শন। খাবার হাতে পথে হাঁটতে হাঁটতে ল্যাম্পপোস্টের আলোয় চোখে পড়ল একটি কালো ও লাল রঙের পোকা, স্বভাবতই যার গতি উর্ধ্বমুখী, অথচ আজ সে উড়ছে না। আমার উপস্থিতি তাকে বিচলিত করছে না, বরং সে স্থির, নিশ্চল।

লালের উপর ছড়িয়ে থাকা কালো ফোঁটা, যেন কারও রক্তে আঁকা প্রাচীন কোনো সংকেত, নিঃশব্দে বয়ে আনছে এক অমোচনীয় গোপনতা। ফুলের পাঁপড়ি, পাতার কোমল কোণে তার থাকার কথা, কিন্তু সে কেন আজ এখানে, এই ধুলোমাখা ধুসর রাস্তায়-এই প্রশ্ন আমাকে অনিবার্যভাবে টেনে নিয়ে যায় সিগমুন্ড ফ্রয়েডের থানাটোস, যা মৃত্যুবৃত্তির তত্ত্বে। ফ্রয়েড বলেছিলেন, জীবনের সমস্ত উত্তেজনা, সংঘাত, আকাঙ্ক্ষা, ক্লান্তি থেকে মুক্তি পেতে চায় মানুষ; চায় চিরশান্ত এক স্থির অবস্থার দিকে ফিরে যেতে-এটিই 'নির্বাণ নীতি।' কিন্তু লেডিবাগ তো মানুষ নয়! সে তো শুধু একটি পোকা। তবু কি প্রাণমাত্রেই এই মৃত্যুবৃত্তির অংশীদার?

আমার চোখ আটকে যায় লেডিবাগের ধীরলয় পদক্ষেপে-সে কী তবে পথ হারিয়ে ফেলেছে কিংবা ভুল করে এসে পড়েছে মানুষের শহরে? কিংবা হতে পারে পোকাটির স্থিরতা সেই মৃত্যুবৃত্তির প্রতীকী প্রতিধ্বনি, যা তাকে ধীরে ধীরে টেনে নিয়ে যাচ্ছে আত্মবিস্মৃতির এক নিঃসঙ্গ স্থিরতায়, যেন সে নিজেই নিজের অস্তিত্ব মুছে দিতে চায় ধুলোময় পিচের উপরে।



এমন সব অদ্ভুত ও অমীমাংসিত ভাবনার ভেতর থেকেই জন্ম নিচ্ছে এক গভীরতর প্রশ্ন-আমাদের এই বেঁচে থাকা আদৌ কীসের জন্য? কী সে অন্তঃসার, যা প্রতিদিনের ক্লান্তি, সংশয় আর নির্বাক নিঃসঙ্গতার মাঝেও আমাদের টেনে রাখে জীবনের জালে? এই প্রশ্ন কোনো দার্শনিক বিলাস নয়; এটি আমার আত্মজিজ্ঞাসার গভীরতম স্তর। আমরা কি শুধু প্রাণে বেঁচে থাকাই জীবনের অর্থ ভেবে চলেছি, নাকি কোনো অনির্বচনীয় আহ্বান আমাদের প্রতি মুহূর্তে ডেকে যায়, যা এই জীবন্ত থাকাকে অর্থবোধে পরিণত করে?

আত্মার আকর্ষণ চিরন্তনতায় নয়, বরং অর্থপূর্ণ মুহূর্তে। আমরা বাঁচি সেই সম্ভাবনার টানে, যে মুহূর্তে আমরা উপলব্ধি করি-আমাদের প্রয়াস, ভালোবাসা, আত্মত্যাগ বা শুদ্ধ করুণা কোনো না কোনোভাবে অন্যের ভেতরে প্রতিফলিত হয়। ফিলোসোফার হাইডেগার তাঁর "Being-towards-death" ধারণায় যে সত্যটি উচ্চারণ করেন-তা এই যে, মৃত্যু কোনো আকস্মিকতা নয়, বরং অস্তিত্বের এক অবিচ্ছেদ্য সম্ভাবনা, যার প্রতি সচেতনতাই জীবনের পরিপূর্ণতা।

এই প্রেক্ষিতে, শেষ প্রস্থানের আগে ভাবতে হয়, আমি কি সত্যিই ছিলাম, না কি কেবল অস্তিত্বের প্রান্তদেশে হেঁটে গেছি? আমার কর্ম, আমার সম্পর্ক, আমার দুঃখ ও ভালোবাসা এইসবের মধ্যে আমি কি রেখে যাচ্ছি, এমন কোনো দ্যোতনা, যা মৃত্যুর পরেও অনুরণিত হবে অন্যদের চেতনায়? আমরা যা রেখে যাই তা বস্তু নয়-বরং তা অভিজ্ঞতার প্রতিধ্বনি, স্মৃতির অনুরণন, কিংবা কারও হৃদয়ে রোপিত এক বিন্দু করুণা। শেষ প্রস্থানের আগে এইসব প্রশ্নই আমাদের আত্মাকে জাগ্রত করে, উদ্বেল নয়, বরং সংহতভাবে প্রস্তুত করে এক অনন্ত অভিপ্রায়ের প্রতি। চারপাশ নিস্তব্ধ, আলো-আঁধারির এই রাত যেন আমাকে ধরে রেখেছে এক অদ্ভুত ধ্যানমগ্নতায়। পথের ধুলোমাখা রাস্তায় নিঃশব্দে পড়ে থাকা লাল-কালো পোকাটি এখনো আমার দৃষ্টি ও চেতনার কেন্দ্রস্থলে। তার ধীরলয় পদক্ষেপ, তার অনড়তা-সব মিলিয়ে যেন সময় আমাকে একটি অবর্ণনীয় শিক্ষা দিতে চায়। আমি দাঁড়িয়ে থাকি, অনুভব করি জীবনের গভীরে ছড়িয়ে থাকা এক নীরব দর্শন: 'থেমো না, বদলাও, প্রস্তুত হও।'

ঠিক তখনই, আমার ধ্যান ছিন্ন করে মৃদু শব্দ তোলে বিড়ালেরা। খাবারের আশায় তাদের মৃদু মিটমিট ধ্বনি আর মিউ মিউ করে অনুনয়ের সুর। তাদের চোখে এক অমোঘ অনিচ্ছা, যেন বলছে, 'খিদে জ্বলছে, কেন দেরি করো?' আমি কবে ওদের ভাষা বুঝতে শিখলাম, জানি না। প্রথমে ছিল চোখের ভাষা-চাহনিতে আকাঙ্ক্ষা, অভিমান, কৃতজ্ঞতা, প্রার্থনা। তারপর মিউ শব্দের নানান সুরে আমি শিখলাম তাদের প্রয়োজন, ভালোবাসা, অন্তর্নিহিত আকুলতা আর প্রত্যাখ্যানের অর্থ। ওদের ভাষা কোনো শব্দে বাঁধা নয়, কিন্তু হৃদয়ের ভেতর স্পষ্ট অনুরণিত হয়। তাদের শব্দহীন কথাগুলো আমাকে শিখিয়েছে, কথার অতীতেও রয়েছে অনুভবের ভাষা, যা বোঝার জন্য হৃদয়কেই হতে হয় প্রাথমিক শিক্ষক। এই পোকাটিও যেন এমনই এক অজানা ভাষায় কিছু বলতে চাইছে,

এরপর ২২ পৃষ্ঠায়

> তা এক অনন্ত অভিযাত্রা-জন্ম থেকে মৃত্যু অবধি, অনুভব থেকে উপলব্ধি পর্যন্ত, এবং অস্তিত্ব থেকে উত্তরাধিকার পর্যন্ত। আমরা প্রতিদিন, প্রতিক্ষণ এক নতুন সত্তায় রূপ নিচ্ছি-একটি পোকা, একটি বিড়াল, একটি সম্পর্ক, কিংবা একটি নীরব মুহূর্ত আমাদের বদলে দেয় নিঃশব্দে। এই বদলকে আলিঙ্গন করাই প্রস্তুতি। এই গ্রহণযোগ্যতা, এই সচেতনতাই বলে, 'আমি ক্ষণস্থায়ী, তবু প্রতিটি ক্ষণে আমি একটি চিহ্ন রেখে যেতে পারি-এই বোধই জীবনের প্রকৃততা'


Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# জাতিসংঘ সম্মেলনে এসে জয় করলেন ও প্রশংসায় ভাসলেন

এস এম মোজাম্মেল হক



সময় এবং প্রকৃতি এমন শিক্ষকদের মধ্যে যে কি শিক্ষা কৌশল লুকিয়ে আছে তা যদি মানুষ আগেই জানতে পারত তাহলে পৃথিবী থেকে ভুল অনেকাংশেই কমে যেত । কারণ বর্তমানে কৃত কাজের ফল ভবিষ্যতে খারাপ হবে তা জানার পর সে কাজ থেকে কিছু জ্ঞান বুদ্ধি আছে এমন অনেকেই বিরত থাকত। যদিও অনেক জ্ঞানীরাও লোভ হিংসা ও পরশ্রীকাতরার বসবর্তি হয়ে অহরহ ভুল সিদ্ধান্ত নিয়ে আখেরে অনুশোচনায় ভোগেন। কিন্তু তখন আর করার কিছুই থাকেনা। ব্যক্তির ভুলের জন্য ব্যক্তি বা তার পরিবার ক্ষতিগ্রস্ত হলেও নেতা বা রাষ্ট্র নায়কের ভুলের জন্য ক্ষতিগ্রস্ত হয় তার দল বা দেশের জনগণ। তাই তাদের সিদ্ধান্ত নিতে হয় অগ্র পশ্চাৎ ভেবে অত্যন্ত বিচক্ষণতার সাথে।

দেশের ইতিহাসে স্বাধীনতা পরবর্তী সরকারের মধ্যে বিপ্লব পরবর্তি সর্বাধিক জনসমর্থনপুষ্ট অন্তর্বর্তী সরকার প্রধান হিসেবে ড. মুহাম্মদ ইউনুসকে যে প্রত্যাশা নিয়ে দায়িত্ব দেয়া হয়েছিল তিনি তা অনুধাবন করে ব্যক্তিগতভাবে সর্বোচ্চ কর্মতৎপর হলেও পারিষদ বর্গের বিবিধ দুর্বলতার কারণে এবং বিগত সরকারের সুবিধাভোগীদের অপতৎপরতায় সর্বোপরি বিদ্যমান রাজনৈতিক দলের কথার সাথে কাজের গরমিলের কারণে আত্মস্তরীণ সংস্কার কাংখিত মাত্রায় না পৌঁছালেও অন্তর্বর্তী সরকারের বাকী সময়ে পূর্ণতা পাবে বলে দেশবাসী আশাবাদী। বিভিন্ন ইস্যুতে রাজনৈতিক দলের মতানৈক্যের কারণে সংস্কার কমিশনের দীর্ঘদিনের প্রত্যাশা সত্ত্বেও ঐক্যমতে পৌঁছানো সম্ভব না হওয়ায় জনমনে যে হতাশা তৈরী হয়েছে তার দায় সংশ্লিষ্ট রাজনৈতিক দল কোনোভাবেই এড়াতে পারে না। তা সত্ত্বেও সরকারের তরফ থেকে প্রচেষ্টা অব্যাহত রয়েছে যা জনমনে আশার সঞ্চার করেছে। যার অংশ হিসেবে জাতিসংঘ সাধারণ অধিবেশনে যোগদানের জন্য ৩টি প্রধান রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে অংশগ্রহণ পারস্পরিক বোঝাপড়ার ক্ষেত্রে মতপার্থক্য কমিয়ে এনে সহসাই সংস্কার বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠায় ভূমিকা রাখবে বলে অভিজ্ঞ মহলের ধারণা।

প্রতিবছর সেপ্টেম্বর মাসের শেষার্ধে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন রুটিন ওয়ার্ক হলেও বিশ্বের প্রায় সবগুলো দেশের সরকার প্রধানসহ উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের অংশগ্রহণে অনুষ্ঠান যেমন আড়ম্বরপূর্ণ হয় তেমনি সাইড লাইনে বিভিন্ন দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলাপ আলোচনার মাধ্যমে বহু চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় যা সময়ের ও অর্থের অপচয় না ঘটিয়ে একটি ইতিবাচক পদক্ষেপ হিসেবে বিবেচিত। তাই এ অধিবেশনে যোগদানের জন্য বিশ্বের সব দেশের রাষ্ট্রপ্রধান বা সরকার প্রধানের যোগদানের বিশেষভাবে মনোযোগ থাকে। পূর্বেই উল্লেখ করা হয়েছে বাংলাদেশ প্রতিনিধি দলের আগমন এ বছর বিশেষভাবে উল্লেখযোগ্য আর সে কারণে যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রবাসী বাংলাদেশীদের বিশেষ সতর্ক নজর ছিল সরব ঘিরে। প্রতিনিধিদের আগমন উপলক্ষ্যে বিমানবন্দরে সাধারণ মানুষের পাশাপাশি রাজনৈতিক দলের প্রতিনিধিদের স্ব-স্ব দলীয় কর্মীদের উপস্থিতি যেমন ছিল ক্ষমতাচ্যুত দলের নিষিদ্ধ ঘোষিত কর্মীদের প্রতিবাদ কর্মসূচিও তেমনি ছিল।

তবে প্রতিবাদ কর্মসূচি পাশ্চাত্যের ভাবধারার সাথে সাংঘর্ষিক হওয়ায় ব্যাপকভাবে সমালোচিত হয়েছে। যারা এর সাথে সরাসরি জড়িত তাদের ব্যক্তিগত রেপুটেশন যেমন খারাপ হয়েছে তেমনি দলকেও করা হয়েছে ঝুঁকিপূর্ণ। যদিও বাংলাদেশে ইতোমধ্যে দলীয়ভাবে তাদের কার্যক্রম পরিচালনা নিষিদ্ধ হয়েছে।

বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস এর আনুষ্ঠানিক বক্তব্যের দিন নির্ধারিত ছিল অধিবেশনের শেষদিন অর্থাৎ সেপ্টেম্বর ২৬ তারিখ। এ দিন বক্তব্যে তিনি অন্নান্য বিষয় সহ বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনের প্রেক্ষাপটের ধারাবাহিকতা ও বিজয় অর্জনে ছাত্র জনতার বীরত্বগাথা ও ত্যাগের মহিমা অত্যন্ত বলিষ্ঠ কণ্ঠে তুলে ধরেন যা উপস্থিত সরকার ও রাষ্ট্রপ্রধানসহ সর্বস্তরের বিশ্ব বরেণ্য ব্যক্তিদের নিকট ব্যাপকভাবে গ্রহণযোগ্য ও প্রসংশিত হয় যার প্রমাণ বক্তব্যের বিভিন্ন পর্যায়ে করতালির মাধ্যমে সমর্থন ও উৎসাহ প্রদান। আন্দোলন চলাকালীন ছাত্র জনতার বীরদর্পে বুকপেতে রুখে দাঁড়ানোর বাস্তব চিত্র তুলে ধরাকে প্রায় সকলেই মন্ত্রমুগ্ধের মত শ্রবণ করেন। রাজনৈতিক দলের প্রতিনিধিরাও অধিবেশনে উপস্থিত থেকে নিজেদের এবং দেশকে গৌরবান্বিত করেন বটে। অধিবেশনের বাইরে সরকার প্রধান যেমন অনেক দেশের সরকার প্রধানের সাথে দ্বিপাক্ষিক আলোচনা করেন তেমনি সফররত রাজনৈতিক দলের প্রতিনিধিরাও তাদের সম্মানে দেয়া সংবর্ধনায় যোগদানসহ দলীয় নেতাকর্মী ও ডায়াসপাড়া কমিউনিটির সাথে দ্বিপাক্ষিক মতবিনিময় সভায় যোগদান করে আগামীর বাংলাদেশে তাদের ভূমিকা ও করণীয় সম্পর্কে ধারণা প্রদান করেন। এতে একটি বিষয় স্পষ্ট হয় যে যৌথ সফরে কাছাকাছি অবস্থানের কারণে যেমনি ঘনিষ্ঠতা বেড়েছে তেমনি মতপার্থক্যও অনেক কমে এসেছে। দেশে ফেরার পর তাদের দলীয় ফোরামে আলোচনা করে সংস্কার বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠায় তাদের জোরালো প্রচেষ্টা অব্যাহত রেখে জাতীর কাংখিত লক্ষ্যে শীঘ্রই পৌঁছাবে বলে আশা করা যায়।

প্রতিটি কাজেই কমবেশি সাফল্য ব্যর্থতা থাকে তাই এবারের সফরটি ও যে সবার নিকট ১০০ভাগ সফল মনে হবে এমন কোনো কথা নয় তবে বাংলাদেশের বিরুদ্ধে প্রতিবেশী দেশের ষড়যন্ত্রের কথা এ পর্যন্ত কোন এরপর ২২ পৃষ্ঠায়



আর যদি শুধু ঝগড়া, উত্তেজনা আর বিভক্তির ছবি তুলে ধরি, তাহলে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হবে। তাই আজকের বাস্তব শিক্ষা হলো-যে দলেরই সমর্থক হই না কেন, প্রবাসী হিসেবে আমাদের দায়িত্ব দেশের নাম ও মর্যাদা রক্ষা করা। সমালোচনা করা অবশ্যই উচিত, কিন্তু তা হতে হবে সংযম, যুক্তি এবং সভ্যতার মাধ্যমে, যাতে বৈধ কথাবার্তাই আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছায়। বিদেশে যে একটিমাত্র আচরণও বাংলাদেশের ভাবমূর্তিকে প্রভাবিত করতে পারে, তা প্রমাণিত। তাই আমাদের উচিত এমনভাবে নিজেদের উপস্থাপন করা, যাতে আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশকে একটি সংহত, দায়িত্বশীল ও মর্যাদাশীল জাতি হিসেবে দেখে। এ সচেতনতা শুধু ব্যক্তিগত দায়িত্ব নয়; এটি দেশের কূটনৈতিক ও সাংস্কৃতিক অবস্থান দৃঢ় করার একটি অঙ্গ

# সৈয়দ মনজুরুল ইসলাম: অবক্ষয়ের চোরাবালিতে আলোর দিশারী

ড. মাহরুফ চৌধুরী

তিনি আমাদের শিখিয়ে গেছেন, শিক্ষকতা কোনো পেশা নয়; এটি এক নৈতিক দায় ও প্রতিশ্রুতি, এক মানবিক অঙ্গীকার। তাঁর কর্মময় জীবনের উদাহরণগুলোআমাদেরকে মনে করিয়ে দেয়, এক জন শিক্ষক যদি সত্যনিষ্ঠা, যুক্তিবোধ ও সহমর্মিতায় দৃঢ় থাকেন, তবে তিনি শুধু তাঁর শিক্ষার্থীদের নয়, পুরো জাতিকেও আলোকিত করতে পারেন। সেই অর্থে সৈয়দ মনজুরুল ইসলাম কেবল একজন শিক্ষক, সাহিত্যিক, সমালোচক কিংবা অনুবাদকই নন, তিনি বাংলাদেশের সাংস্কৃতিক ইতিহাসে এক অনন্য চেতনার স্থপতি যিনি অবক্ষয়ের চোরাবালিতেও আলো জ্বেলে গেছেন নীরবে, সুন্দর ও সমৃদ্ধ আগামীর অবিচল বিশ্বাসে। আর তাঁর উত্তরসূরিদের দায় এখন সেই আলোকে বয়ে বেড়ানো, আর সেই আলোয় জাতিকে আলোকিত করে তোলার



শিক্ষা, সাহিত্য, শিল্প ও সংস্কৃতির বিস্তীর্ণ অঙ্গনে সৈয়দ মনজুরুল ইসলাম এমন এক আলোকবর্তিকা, যার নাম উচ্চারণেই জ্বলে ওঠে এক নৈতিক ও মননশীল দীপ্তি। আমাদের জাগতিক জীবনে তাঁর মৃত্যু কেবল এক প্রতিভাবান শিক্ষক, সাহিত্যিক, সমালোচক বা চিন্তাবিদের প্রয়াণ নয়; এ যেন এক প্রজ্ঞাময় যুগের অবসান। তিনি ছিলেন প্রকৃত অর্থেই এমন এক অধ্যাপক, যিনি পাণ্ডিত্যকে সীমাবদ্ধ রাখেননি পাঠ্য বইয়ের পাতায়। ফলে তাঁর প্রতিটি ক্লাসরুম ছিল এক মুক্ত চিন্তার কর্মশালা, যেখানে জ্ঞানের সঙ্গে যুক্ত হত মানবিকতা, নৈতিক বোধ ও সাংস্কৃতিক সংবেদনশীলতা। তাঁর পাঠ ছিল এক ধরনের শ্রেয় চেতনার আলোকিত সাধনা যেখানে শিক্ষার্থী কেবল তথ্য অর্জন করত না, বরং আত্মসচেতনতা, মানবিক বোধ ও স্বাধীন চিন্তার প্রশিক্ষণ লাভ করত। বিশ্ববিদ্যালয়ের কঠোর রাজনৈতিক ক্ষমতাকেন্দ্রিক কাঠামোর মধ্যেও তিনি ছিলেন মুক্তচিন্তার অনুশীলক ও অভিভাবক, যিনি তাঁর শিক্ষার্থীদের শিখিয়েছেন জ্ঞান মানে শুধু তথ্য কিংবা তত্ত্ব মুখস্থ করা নয়, বরং প্রশ্ন তোলা, যুক্তি নির্মাণ ও ন্যায়ের পক্ষে অবস্থান নেওয়া। এই গুণেই সৈয়দ মনজুরুল ইসলাম বাংলাদেশের বৌদ্ধিক পরিসরে হয়ে উঠেছিলেন এক অনন্য উপস্থিতি; ভদ্রতা ও নম্রতায় হৃদ্য প্রজ্ঞা, সততা ও মানবিকতার এক দীপ্ত প্রতীক। শ্রেণিকক্ষে কিংবা যে কোনো বক্তৃতার মঞ্চে সৈয়দ মনজুরুল ইসলামের উপস্থিতি ছিল যেন এক বৌদ্ধিক উদ্‌যাপন। তাঁর শ্রেণিকক্ষে বক্তৃতা ছিল কেবল পাঠ নয়; ছিল শিক্ষার্থী বা অংশগ্রহণকারিদের জন্য চিন্তার জাগরণ, নৈতিকতার অনুশীলন, আর মানবিকতার প্রশিক্ষণ। শিক্ষার্থীরা মুগ্ধ হতো তাঁর কণ্ঠে, তাঁর শব্দচয়ন ও ব্যাখ্যার গভীরতায়; প্রতিটি বক্তৃতায় তিনি যেন সত্য, সৌন্দর্য ও কল্যাণের এক অনন্য মেলবন্ধন ঘটাতেন। তিনি ছিলেন সেই শিক্ষক, যিনি কেবল জ্ঞানের সরবরাহকারী নন, বরং শ্রেয়চেতনার প্রেরণাদাতা হিসেবে



যিনি শিখিয়েছেন সততা, যুক্তিবোধ এবং সহমর্মিতার মর্মার্থ। তাঁর পাঠদানে বিশ্ব সাহিত্যের চরিত্ররা যেমন জীবন্ত হয়ে উঠত, তেমনি সমাজ, রাজনীতি ও নৈতিকতার জটিল প্রশ্নও আলোচিত হতো গভীর দার্শনিক ও নান্দনিক দৃষ্টিকোণ থেকে। তিনি ছিলেন এমন এক শিক্ষক, যিনি জ্ঞানকে কেবল বৌদ্ধিক অর্জন নয়, বরং আত্মার বিকাশ হিসেবে দেখতেন। এক অর্থে, তাঁর শ্রেণিকক্ষে পাঠদান ছিল সক্রেটিসের 'ডায়ালগ'-এর আধুনিক প্রতিরূপ যেখানে প্রশ্ন ছিল জ্ঞানের সূচনা, আর আলোচনাই ছিল মানবতার পথে যাত্রার আয়োজন।

১৯৯৫ সালের দিকে ইংরেজি শেখার একটি বিশেষ কোর্সে তাঁকে পেয়েছিলাম শিক্ষক হিসেবে। তাঁর সরাসরি ছাত্র হওয়ার যে সৌভাগ্য আমার হয়েছিল, সেটিই ছিল এক অনন্য অভিজ্ঞতা। এ কোর্সে অংশগ্রহণ করার মধ্য দিয়ে একজন শিক্ষক নয়, সমকালীন চিন্তাচেতনায় তুলনায় প্রাগ্রসর একজন গভীর মানবিক চেতনার চিন্তাবিদকে জানার অভিজ্ঞতা। অল্প কয়েকটি পাঠেই বুঝে গিয়েছিলাম, সৈয়দ মনজুরুল ইসলাম জ্ঞানকে কখনো শিক্ষকতার পেশায় কিংবা শ্রেণিকক্ষের পরিসীমায় বন্দি রাখেননি; তিনি তাকে জীবনের এক নৈতিক অনুশাসন, এক মানবিক সাধনা হিসেবে ধারণ করেছিলেন। তাঁর শ্রেণিকক্ষের বাইরে, তাঁর ব্যক্তিগত কক্ষে একান্ত সাক্ষাতের অভিজ্ঞতা আমার মনে এক গভীর ও স্থায়ী ছাপ রেখে গেছে। ভাষা ও সাহিত্যের আলোচনার পাশাপাশি সমকালীন শিল্প, সংস্কৃতি ও রাজনীতি নিয়ে তাঁর গভীর বিশ্লেষণ দেখিয়েছে যে কীভাবে একজন প্রকৃত বুদ্ধিজীবী সমাজের প্রতিটি পরিবর্তনকে আত্মস্থ করেন, তা নিয়ে ভাবেন এবং তার নৈতিক তাৎপর্য অনুসন্ধান করেন।

তাঁর কক্ষে বসে কথা বলার অভিজ্ঞতা ছিল যেন এক উন্মুক্ত জ্ঞানের জগতে প্রবেশের মতো, যেখানে অহংকার, প্রতিদ্বন্দ্বিতা বা মানসিক প্রতিরোধের কোনো স্থান নেই। সেখানে শুধু ছিল জ্ঞানের প্রতি বিনম্র শ্রদ্ধা, শিক্ষার্থীর প্রতি আন্তরিক মমতাএবং চিন্তার অনন্ত দিগন্তে অবারিত আহ্বান। তিনি প্রতিটি আলাপচারিতাকে এক ধরনের শিক্ষার অঙ্গ হিসেবে দেখতেনযেখানে প্রশ্ন তোলা, মতামত শোনাএবং ভাবনার নতুন দিক উন্মোচন করা ছিল পাঠের অবিচ্ছেদ্য অংশ। তাঁর এই সংলাপমুখী পদ্ধতিই শিক্ষার্থীদেরকে আত্মবিশ্বাসী করে তোলে, তাদের ভেতরে নিহিত সম্ভাবনার আলোকে জাগ্রত করে। সে কক্ষে বসে বোঝা যেতসৈয়দ মনজুরুল ইসলাম বিশ্বাস করতেন যে, প্রতিটি শিক্ষার্থী এক সম্ভাবনাময় সত্তাএবং তাঁর দায়িত্ব হলো সেই সম্ভাবনাকে আবিষ্কার করে আলোকিত করা। তাঁর বিনয়, মানবিকতা ও বিনিময়ভিত্তিক শিক্ষাদর্শন শিক্ষার্থীর মননশীলতার আকাশকে প্রসারিত করতএবং জ্ঞানকে কেবল তথ্যের সঞ্চয় নয়, বরং জীবনচর্চার এক শিল্প হিসেবে উপলব্ধি করাত। সেই থেকেআমার কাছে তিনি রয়ে গেছেন এক কাঙ্ক্ষিত শিক্ষাগুরুর প্রতীক; একজন বিনয়ী, আন্তরিক ও আলোকিত শিক্ষকহিসেবেযিনি কেবল আমাদেরকে ইংরেজি ভাষাই শেখাতেন না, বরং দিতেন জীবনকে বোঝার ও উপলব্ধি করার নিত্যনতুন সূত্র। সৈয়দ মনজুরুল ইসলামের সাহিত্যকর্মে যেমন প্রতিফলিত এরপর ২৮ পৃষ্ঠায়

# মনে খটকা লেগে আছে আপা

> কবিতা তার বহিরাঙ্গিক কাঠামো (শব্দ, ছন্দ ও অলংকার) ছাড়িয়ে মূলত দর্শন ও মনস্তত্ত্বের এক সমন্বিত প্রকাশ। দর্শন যেখানে অস্তিত্বের মৌলিক জিজ্ঞাসা ও বিশ্বজনীন সত্য অনুসন্ধান করে, সেখানে মনস্তত্ত্বআবেগীয় প্রক্রিয়ার মাধ্যমে কবির অনুভূতিকে সরাসরি পাঠকের হৃদয়ে সঞ্চারিত করে। এই দ্বৈত চালিকাশক্তি কবিতাকে কেবল শিল্পমাধ্যম নয়, বরং মানবচেতনার গভীরতম ও বিমূর্ত অভিব্যক্তির বাহন করে তোলে। যদিও আধুনিক কবিতায় ক্ষেত্রবিশেষে এই গভীর দার্শনিক ও মনস্তাত্ত্বিকতার অভাব পরিলক্ষিত হয়, তবুও শ্রেষ্ঠ কবিতা সর্বদা চিন্তা ও অনুভূতির এই সেতু নির্মাণ করে চলেছে। কবিতা এভাবেই পাঠককে একইসঙ্গে ভাবায় এবং অনুভব করায়, যা মানব অভিজ্ঞতার সম্পূর্ণতাকে উদ্ভাসিত করে

শামীমুল হক



হাসু আপা, সামাজিক যোগাযোগমাধ্যমে দেখলাম আওয়ামী লীগের দায়িত্ব নিচ্ছেন পুতুল। তিনি নিজেই এ ঘোষণা দিয়েছেন। এ ছাড়া জয়কেও দেখলাম ফেসবুকে এসে বলছেন, এখন থেকে আমার বোনই সব দেখবে। তার উপরই আমরা দায়িত্ব ছেড়ে দিয়েছি। শুনে খুব খুশি হয়েছি। তবে মনে একটা খটকা লেগে আছে। এগুলো সত্যিই। নাকি এ আই দিয়ে তৈরি। আজকাল সামাজিক যোগাযোগমাধ্যমে কতো কিছু যে দেখায়? কাউকে উঠাচ্ছে, কাউকে মাটির সঙ্গে মিশিয়ে দিচ্ছে। কোনো সিরিয়াস বিষয় নিয়ে হাসির খোরাক বানাচ্ছে। এসব দেখে তিরমি খেতে হয়। এই যে দেখুন না, আপনাকে নিয়ে যে কতো রকম কি যে বানাচ্ছে। ইজ্জত যাবার অবস্থা। তারপরও এগুলো বন্ধ করা যাচ্ছে না। কদিন আগে শুনেছিলাম আপনার দেয়া আক্রমণাত্মক বক্তব্য যেন প্রচার না হতে পারে এজন্য দু'টি সাইট বন্ধ করে দেয়া হবে। কই অনেকদিন হয়ে গেল বন্ধ তো হলো না। তার মানে আপনি যেসব বক্তব্য দিচ্ছেন তা জাতি দেখতে পারবে মন ভরে। আপনার দলের লোকজন তা দেখে উজ্জীবিত হতে পারবে। কেউ কেউ আপনার কথা শুনে প্রতিপক্ষকে ঘায়েল করতে যাবে। বাড়িঘর ভাঙচুর করতে পারবে। যেমনটা আপনি নির্দেশ দিয়েছেন তেমনটা করতে পারবে। এ ছাড়া একটি রেকর্ডে তো আপনি হুঁশিয়ারিও দিয়েছেন এদের কাউকে ছাড়া হবে না। প্রত্যেকটার বিচার করবেন। তো আপা কবে আসছেন দেশে। কারণ দেশে এলে এসব বিচার তো দেখতে পারবে দেশের মানুষ।

প্রিয় হাসু আপা, আপনার এসব কথা শুনে সাধারণ মানুষ কি বলে জানেন? হয়তো জানেন। হয়তো জানেন না। মানুষ বলে হাসিনার বৈশিষ্ট্য আর বদলালো না। তিনি সরকারে থাকলে যেমন যুদ্ধংদেহী মনোভাব দেখান। বিরোধী দলে থাকলেও তেমনি থাকেন। আবার দেশ থেকে পালিয়ে গিয়েও একই চরিত্র নিয়ে মানুষের সামনে হাজির হন। মানুষ বলে, হাসিনাকে কি বুঝাবার কেউ নেই? যিনি বলবেন-আপা এভাবে বলা ঠিক নয়। আমাদের এখন নরম হতে হবে। কৌশলী হতে হবে। জনগণের কাছে যেতে হলে এটার খুবই প্রয়োজন। এটা তো আপা সত্যি আপনার আমলে জুলাই আন্দোলনে শহীদ ও আহতদের দায় আপনাকে নিতে হবে। কারণ আপনার নির্দেশে এসব হয়েছে। আপনার নির্দেশে পুলিশ গুলি চালিয়েছে। আপনার নির্দেশে সরকারি প্রতিষ্ঠান ভাঙচুর হয়েছে। এসব আপনার প্রকাশিত অডিও বক্তব্য থেকেই দেশবাসী জানছে। যার ভেতর-বাহির এমন জ্বালায় জ্বলছে তার দ্বারা এ দেশের মানুষ যে উপকার পাবে না তা দেশের মানুষ হাড়ে হাড়ে টের পাচ্ছে।



আপা, আপাগো এ মুহূর্তে আপনার জন্য বলা যায় একটি সুখবরই আছে। বিদেশি কূটনীতিকরা আওয়ামী লীগকে নির্বাচনে আনতে মাঠে নেমেছে। চার/পাঁচদিন আগে আপনার সরকারের মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর বাসায় তিন কূটনীতিক গিয়েছিলেন। অবশ্য কি কথা হয়েছে তা জানা যায়নি। তবে মানুষ আন্দাজ করছে নির্বাচন নিয়ে হয়তো কিছু একটা হবে। মাঝে মাঝে আপা, আমি চিন্তা করি ওরা কি ভেবে আওয়ামী লীগকে নিষিদ্ধ করার দাবি নিয়ে হাজির হয়েছিল। যদিও সরকার আওয়ামী লীগের কার্যক্রম সাময়িকভাবে নিষিদ্ধ করেছে। ওরা ভেবেছিল নিষিদ্ধ করে দিলে আওয়ামী লীগ নির্বাচন করতে পারবে না। কি বোকা দেখেন ওরা? নিষিদ্ধ না করলেই কি আগামী নির্বাচনে আওয়ামী লীগ অংশ নিতে পারবে? কারণ তাদের সকল নেতাই তো এখন আত্মগোপনে। কেউ বিদেশে আরামে আয়েশে দিন কাটাচ্ছে। কেউ কেউ মিটিং করে আগামী দিনের পরিকল্পনা সাজাচ্ছে। আগামী নির্বাচনে অংশ নেয়ার মতো সাহসী নেতা আওয়ামী লীগে ক'জন আছে বলুন। এটা চিন্তা না করে আপনার দল আওয়ামী লীগকে নিষিদ্ধ করার দাবি ও পরবর্তীতে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করা বহির্বিশ্বে ভালো বার্তা যায়নি। এতে কিন্তু আখেরে আপনার দলেরই লাভ হয়েছে। বহির্বিশ্ব এখন সব দলকে নিয়ে নির্বাচন করার কথা বলছে।

হাসু আপা, জানি আগামী কয়েক বছর আপনার দলের কার্যক্রম ফেসবুক নির্ভরই থাকবে। আর আপনার নির্দেশে দেশে গুপ্ত হামলা হতে পারে। দেশ অস্থিতিশীল হতে পারে। যত কিছুই হোক সরকারে থাকতে আপনার ও আপনার দলের লোকজনের যে অহংকার দেখেছে দেশবাসী, যে অত্যাচার দেখেছে দেশবাসী, চাঁদাবাজি, দখলবাজি, সন্ত্রাস, হামলা, মামলা দেখেছে তা মনে করলে দেশের মানুষ আওয়ামী লীগ নাম শুনলেই এখনো আঁতকে উঠে। এ অবস্থায় আপনার দলের অবস্থা কী একটু নিজেই চিন্তা করে দেখুন। তার উপর কদিন পরপর যদি আপনি অডিও রেকর্ডে নানা হুমকি দিতে থাকেন তাহলে তো মানুষ আরও ভয় পেয়ে যাবে। আগেও বলেছি- এমন হুমকি না দিয়ে এমন কথা বলুন জনগণের মনে যেন ফের জায়গা করে নিতে পারেন। আপনার দলের লোকজন আপনাকে যতই বলুক জনগণ আপনার পক্ষে আছে আসলে তা ডাহা মিথ্যা কথা। আপনি তাদের কথা না শুনে নিজে নিজে চিন্তা করুন। নিজে নিজে ভাবুন। জনগণের কাছে অনুতপ্ত হোন। ক্ষমা চান। বাঙালি বড়ই অদ্ভুত। তারা সহজেই মানুষকে বিশ্বাস করে। আপনি অভিনয় করে ক্ষমা চাইলেও ওরা বিশ্বাস করে নেবে। ক্ষমতায় থাকতে অগণিত প্রতিহিংসাপরায়ণ কাজ করেছেন। আবার এগুলো বুক ফুলিয়ে বলেছেন। মনে করেছিলেন তত্ত্বাবধায়ক সরকার উঠিয়ে দিয়ে মৃত্যুর আগ পর্যন্ত আপনিই থাকবেন ক্ষমতার শীর্ষে। দেশের মানুষ হবে আপনার গোলাম। একবারও কি ভাবেননি-এ এরপর ২২ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# গণভোটেও কি লাভ ক্ষতির হিসাব?

লুৎফর রহমান

এতে আইনগত কোনো সমস্যা থাকার কথা নয়। সরকার চাইলে গণভোটের বিষয়ে নির্বাচন কমিশন সিদ্ধান্ত নেবে বলে জানান তিনি। গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশে এখন সবার চাওয়া রাষ্ট্র ব্যবস্থার সংস্কার। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার এই সংস্কারের একটি রূপরেখা রেখে যেতে পারে। জুলাই সনদ স্বাক্ষরের মাধ্যমে দলগুলো এই সংস্কারের অঙ্গীকার বা প্রতিশ্রুতি দেবে। যা লিখিত একটি জাতীয় সনদ হবে। এর ভিত্তিতে নির্বাচনে জয়ী দল বা পক্ষ সংস্কার কার্যক্রম সামনে এগিয়ে নেবে। জুলাই সনদ এবং এর বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে প্রস্তাবিত গণভোটও একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া। সনদ চূড়ান্তে দীর্ঘ আলোচনা করে দলগুলো নানা ছাড় দিয়ে প্রায় একমত হতে পেরেছে। সনদ বাস্তবায়ন প্রক্রিয়া চূড়ান্তে গণভোটের সময় নিয়েও দলগুলো ঐকমত্যে পৌঁছাবে- এমনটা আশা করছে মানুষ



ভোট নিয়ে দেশের মানুষের আগ্রহ থাকলেও গণভোট মানুষের কাছে কোনো আগ্রহের বিষয় না। অতীতে দেশে তিনবার গণভোট হয়েছে। এর মধ্যে দু'টি ছিল প্রশাসনিক গণভোট। একবার ভোট হয় সাংবিধানিক বিষয়ে। এবার আরেকটি গণভোটের অপেক্ষায় দেশ। জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের প্রক্রিয়া নিয়ে হতে পারে এই গণভোট। বহু প্রাণ আর রক্তের উপর দাঁড়িয়ে জুলাই জাতীয় সনদ চূড়ান্ত হয়েছে। সব ঠিক থাকলে ১৫ই অক্টোবর এই সনদে স্বাক্ষর করবে রাজনৈতিক দলগুলো। সনদ স্বাক্ষর হলেও এটির বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে দলগুলো গণভোটে একমত হলেও গণভোট জাতীয় নির্বাচনের আগে না নির্বাচনের দিন এ বিষয়ে একমত হতে পারেনি। জাতীয় ঐকমত্য কমিশনের সর্বশেষ কয়েকটি বৈঠকে এ বিষয়ে দলগুলো আলোচনা করেছে। কমিশনের পক্ষ থেকে ঐকমত্য প্রতিষ্ঠার জোর চেষ্টা চালানো হয়েছে। জামায়াতসহ দু'একটি দল ছাড়া বাকি সবাই জাতীয় নির্বাচনের দিন গণভোট গ্রহণের বিষয়ে মতামত দিয়েছে। জামায়াত ও ইসলামী আন্দোলন নির্বাচনের আগে গণভোট আয়োজনের দাবি জানাচ্ছে। এমন অবস্থার মধ্যেই জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠক শেষ হয়েছে। কমিশন জানিয়েছে, তারা পুরো বিষয় সরকারের কাছে উপস্থাপন করবে। যেসব বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠা হয়নি সে বিষয়ে সরকার সিদ্ধান্ত নেবে।

এখন প্রশ্ন উঠেছে প্রায় সব দল জাতীয় নির্বাচনের দিন গণভোট গ্রহণে মত দিলেও জামায়াত, ইসলামী ঐক্যজোটসহ কয়েকটি দল কেন আগে গণভোট চাইছে। জামায়াতের শঙ্কা নির্বাচন সুষ্ঠু না হলে গণভোটও সুষ্ঠু হবে না। এ কারণে এটি আগে হওয়া দরকার। অনেকে এই যুক্তির পেছনে শক্ত কারণ দেখছেন না। আর আগে গণভোট হলেও এটি বাস্তবায়ন করবে নির্বাচিত সরকার। নির্বাচনে বিজয়ী দল বা জোট যদি প্রতিশ্রুতি দিয়ে নির্বাচনে জয়লাভ করে তাহলে জুলাই সনদ বাস্তবায়ন তাদের জন্য নৈতিক দায় হয়ে দাঁড়াবে। এত প্রাণ আর রক্তের বিনিময়ে যে সংস্কারের সুযোগ এসেছে বিজয়ী দল বা জোট তার প্রতি অবজ্ঞা করবে- এমনটা এখনই ভাবার মতো সময় আসেনি। কারণ অভ্যুত্থানের শক্তিগুলো নানা কারণে বিভক্ত হলেও পরিবর্তনের আকাঙ্ক্ষা নিয়ে যে ছাত্র-জনতা অকাতরে জীবন দিয়েছে, আন্দোলন করেছে দাবি পূরণে সেই ছাত্র-জনতা আবারো রাজপথে নামবে না এমনটা তো আর কেউ হলফ করে বলতে পারছেন না।



নির্বাচনের আগে গণভোট দাবির পেছনে অন্য কারণ দেখছেন কেউ কেউ। এর আগে সংখ্যানুপাতিক পদ্ধতিতে নির্বাচন আয়োজনে জামায়াত ও ইসলামী আন্দোলন কোমর বেঁধে নেমেছিল। তাদের এই দাবি এখনো জারি আছে। তবে অবস্থান আগের মতো শক্ত নেই। কারণ এই দাবির পেছনে নানা যুক্তি থাকলেও সাধারণ মানুষের কাছে তা পরিষ্কার নেই। হঠাৎ করে এই পদ্ধতি চালু করার নানা ঝুঁকিও আছে। জামায়াত ও ইসলামী আন্দোলনসহ যারাই এই পদ্ধতির কথা বলেছে তারা বেশি বিবেচনায় নিয়েছে দলীয় সুবিধার বিষয়টি। এই পদ্ধতিতে ভোট হলে যত শতাংশ ভোট পড়ুক না কেন সংসদে সেই অনুপাতে আসন পাওয়ার সুযোগ থাকবে। এ কারণে ছোট দলগুলো এই পদ্ধতিতে আগ্রহ দেখাচ্ছে। কিন্তু আদতে এই মুহূর্তে জাতীয় সংসদের প্রস্তাবিত নিম্ন কক্ষে এই পদ্ধতি চালুর কোনো সুযোগ নেই। উচ্চকক্ষে হতে পারে যদি দলগুলো একমত হয়। এটি হতেও পারে। কিন্তু উভয় কক্ষে পি আর দাবির পেছনে দলগুলোর রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে। আর এটা হলো প্রধান রাজনৈতিক দল বিএনপিকে বিভ্রান্ত করা, নির্বাচনের আগে তাদের ভিন্ন ইস্যুতে ব্যস্ত রাখা। নির্বাচন বিলম্ব হলে যেসব দল সুবিধা মনে করছে এটি তাদেরও একটা কৌশল হতে পারে বলে মনে করা হচ্ছে।

এমন অবস্থায় গণভোট নিয়ে জামায়াতের অবস্থান নতুন করে প্রশ্ন তৈরি করেছে। নির্বাচন বিলম্ব বা নিজেদের রাজনৈতিক সুবিধা আদায়ের জন্যই এই কৌশল নেয়া হয়েছে কিনা সেই প্রশ্নও রাখছেন কেউ কেউ। দলটি মনে করছে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনের ফল আগামী নির্বাচনে ইতিবাচক ফল বয়ে আনবে। একইভাবে জাতীয় নির্বাচনের আগে গণভোট হলে এর ফলও জাতীয় নির্বাচনে প্রভাব ফেলতে পারে। এ ছাড়া গণভোট আয়োজনে সরকার এবং নির্বাচন কমিশনের সক্ষমতার বিষয়টিও মানুষ যাচাই করে নিতে পারবে। জাতীয় গুরুত্বপূর্ণ ইস্যুতে জনগণের মতামত জানার পদ্ধতি এই গণভোট। বাংলাদেশের সংবিধানেও এই গণভোটের বিধান বিদ্যমান ছিল। কিন্তু নিজেদের স্বার্থে আওয়ামী লীগ সরকার ২০১১ সালে সংবিধান থেকে গণভোটের বিধান বাতিল করে দেয়। আওয়ামী লীগ সরকারের পতনের পর পঞ্চদশ সংশোধনী মামলায় আদালত আবার গণভোটের বিধান ফিরিয়ে আনার সিদ্ধান্ত দিয়েছেন।

এ পর্যন্ত বাংলাদেশে মোট তিনটি গণভোট হয়েছে। তার প্রথম দু'টিতে দেশের জিয়াউর রহমান ও হুসেইন মুহম্মদ এরশাদ হ্যাঁ-না ভোট করে নিজেদের শাসন কালের বৈধতা নিয়েছিলেন। ১৯৭৭ সালের গণভোটে জিয়াউর রহমানের পক্ষে হ্যাঁ-তে ভোট পড়েছিল ৯৮ দশমিক ৮০ শতাংশ। এর আগে ওই বছরের এপ্রিলে প্রধান সামরিক আইন প্রশাসক থেকে প্রেসিডেন্ট হয়েছিলেন তিনি। ১৯৮৫ সালে দ্বিতীয় প্রশাসনিক গণভোটে হুসেইন এরপর ২২ পৃষ্ঠায়

# গাজা কেন ফ্লোটিলার আশায় সাগরের দিকে চেয়ে থাকে

সারা আওয়াদ

২০২৫ সালের ১০ অক্টোবর। আন্তর্জাতিক গণমাধ্যমে খবর ছড়িয়ে পড়ল, 'গাজায় যুদ্ধবিরতি ঘোষণা হয়েছে'। অনেকে স্বস্তির নিশ্বাস ফেলল। সংবাদে বলা হলো, এটি সেই বহু প্রতীক্ষিত 'শান্তি পরিকল্পনা', যার মাধ্যমে গাজায় অবশেষে শান্তি আসছে। জানানো হলো, ডোনাল্ড ট্রাম্প নিজে চুক্তির আনুষ্ঠানিকতা তদারক করতে কায়রো যাচ্ছেন। তারপর তিনি ইসরায়েল যাবেন। সেখানে ইসরায়েলের পার্লামেন্ট-নেসেটের অধিবেশনে ভাষণ দেবেন। সবচেয়ে বেশি গুরুত্ব পেল একটি বাক্য, 'গাজায় বোমা হামলা বন্ধ হয়েছে।'

কিন্তু বাস্তবে? হ্যাঁ, আকাশ থেকে এখন বোমা ঝরছে না ঠিকই, কিন্তু আমাদের কষ্ট থেমে নেই। গাজাবাসীর জীবনযাত্রা একটুও বদলায়নি। আমাদের মাথার ওপর এখনো সেই একই অবরোধ। ইসরায়েল এখনো আমাদের ভূমি, আকাশ ও সমুদ্রের পূর্ণ নিয়ন্ত্রণে রেখেছে। কে গাজা থেকে বের হবে, কে ঢুকবে-সবই তাদের অনুমতির ওপর নির্ভরশীল। অসুস্থ বা আহত মানুষ চিকিৎসার জন্য বাইরে যেতে পারে না, সাংবাদিক, মানবাধিকারকর্মী বা যুদ্ধাপরাধ তদন্তকারীরা ভেতরে ঢুকতে পারেন না। খাদ্য, ওষুধ, জ্বালানি-সবকিছু ইসরায়েলি চেকপয়েন্টে আটকে থাকে।

এই অবরোধের বয়স এখন প্রায় ১৮ বছর। আমার বয়স এখন ২১। অর্থাৎ আমি যখন তিন বছরের শিশু, তখন থেকেই এই অবরোধের মধ্যে বেঁচে আছি। আমি কখনো জানিনি, অবরোধহীন জীবনের মানে কী। তাহলে বলুন, এই 'শান্তি পরিকল্পনা' যদি আমাদের এখনো বন্দী রাখে, তাহলে সেটাকে কীভাবে শান্তি বলা যায়? গণমাধ্যমের চটকদার শান্তি-খবরে চাপা পড়ে গেছে আরও ভয়ংকর একটি ঘটনা।

মানবিক সহায়তা ও ত্রাণ নিয়ে গাজার দিকে আসতে থাকা আরেকটি নৌযানের ওপর ইসরায়েল সম্প্রতি আন্তর্জাতিক জলসীমায় হামলা চালিয়েছে। জাহাজটিতে ১৪৫ জন মানবাধিকারকর্মী ও ত্রাণকর্মী ছিলেন। তাঁদের সবাইকে ধরে নিয়ে যায় ইসরায়েলি সেনারা। আন্তর্জাতিক আইনে এটি সরাসরি 'সমুদ্র-অপরাধ'। এরপরও আমরা পুরো বিশ্বকে নীরব থাকতে দেখলাম। জাহাজটিতে হামলা করার মাত্র কয়েক দিন আগে ইসরায়েল গ্লোবাল সুমুদ ফ্লোটিলা নামে আরেকটি নৌবহরে হামলা চালিয়ে ৪৫০ জনকে আটক করেছিল। এসব ফ্লোটিলা ছিল গাজার মানুষের জন্য ত্রাণ, ওষুধ, চিকিৎসাসামগ্রী এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ-আশার বাহক।

সুমুদ ফ্লোটিলা ছিল ইতিহাসের সবচেয়ে বড় নৌযাত্রা। কিন্তু এর মাহাত্ম্য নৌকার সংখ্যা বা ত্রাণের পরিমাণ দিয়ে বিচার করা যাবে না। এর মাহাত্ম্য হলো এই বার্তায়, 'গাজাকে আর উপেক্ষা করা যাবে না।' ইসরায়েল শেষ পর্যন্ত ফ্লোটিলাগুলোকে থামিয়ে দিয়েছে। অংশগ্রহণকারীদের নির্যাতন করেছে। অনেককে দেশে ফেরত পাঠিয়েছে। কিন্তু তারা থামাতে পারেনি সেই বার্তা, যা এই নৌযাত্রাগুলোর নিয়ে আসা মানবতার বার্তা, মুক্তির বার্তা, শান্তির বার্তা।

অনেকেই এই ফ্লোটিলাকে ব্যর্থ প্রচেষ্টা বলে তুচ্ছতাচ্ছিল্য করেন। তাঁরা বলেন, 'এগুলো তো কখনো গাজায় পৌঁছাতে পারবে না, সবই ইসরায়েল আটকে দেবে। ফলে এর কোনো মানে নেই।'



একসময় আমি নিজেও এমনটা ভাবতাম। আমার মতো গাজার অনেক তরুণই হতাশ। প্রতিদিনকার মৃত্যু, ক্ষুধা, বিদ্যুৎহীন রাত, বোমার আতঙ্ক আমাদের বিশ্বাসটাকেই মেরে ফেলেছিল।

কিন্তু জিওভান্না ভিয়াল নামের এক ব্রাজিলিয়ান সাংবাদিকের কারণে আমার সেই বিশ্বাস বদলে যায়। তিনি আমার একটি সাক্ষাৎকার নেন। আমার গল্প নিয়ে একটি লেখা প্রকাশ করেন। তারপর যখন তিনি নিজে সুমুদ ফ্লোটিলাতে যোগ দেন, তখন তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে লেখেন, 'ফর সারা, উই সেইল' (সারার জন্য আমরা পাড়ি জমালাম)।

এই একটি বাক্য যেন আমার ভেতরে জমে থাকা সব অন্ধকার ছিঁড়ে আলো এনে দিল। আমার নতুন করে মনে হলো, এখনো এমন মানুষ আছে, যারা অপরিচিত মানুষের জন্য জীবন দেয়।

তার পর থেকে আমি প্রতিদিন চোখ রাখতাম ফ্লোটিলার খবরের দিকে। প্রতিটি আপডেট পড়তাম। বন্ধু, আত্মীয়, সহপাঠীদের বলতাম, দেখো, পৃথিবীতে এখনো এমন মানুষ আছে, যারা কখনো আমাদের দেখেনি, কিন্তু আমাদের জন্য সাগর পাড়ি দিচ্ছে!

ভাবতাম, কীভাবে সম্ভব! এমন এক পৃথিবীতে যেখানে স্বার্থ ছাড়া কেউ নড়ে না, সেখানে কিছু মানুষ নিজের জীবন, পরিবার, নিরাপত্তা-সবকিছু পেছনে ফেলে যাচ্ছে শুধুই অন্যায়ের প্রতিবাদে, মানুষের পাশে দাঁড়াতে!

জিওভান্না একদিন আমাকে লিখলেন, 'আমার শেষ নিশ্বাস পর্যন্ত তোমাদের একা হতে দেব না।' তাঁর কথাগুলো আজও আমার মনে বাজে। এক ভয়াবহ রাতের মধ্যে তাঁর বার্তাটি ছিল এক টুকরা আশার আলো।

এর দুই বছর পর প্রথমবারের মতো মনে হলো, বিশ্ব আমাদের দেখছে।

নৌযানগুলো হয়তো আটক হয়েছে। কিন্তু তাদের সংহতি পৌঁছে গেছে আমাদের এরপর ২২ পৃষ্ঠায়



জিওভান্না একদিন আমাকে লিখলেন, 'আমার শেষ নিশ্বাস পর্যন্ত তোমাদের একা হতে দেব না।' তাঁর কথাগুলো আজও আমার মনে বাজে। এক ভয়াবহ রাতের মধ্যে তাঁর বার্তাটি ছিল এক টুকরা আশার আলো। এর দুই বছর পর প্রথমবারের মতো মনে হলো, বিশ্ব আমাদের দেখছে। নৌযানগুলো হয়তো আটক হয়েছে। কিন্তু তাদের সংহতি পৌঁছে গেছে আমাদের কাছে। সরকারগুলো আমাদের ব্যর্থ করেছে, কিন্তু মানুষ ব্যর্থ হয়নি। আমরা এখনো তাকিয়ে আছি সাগরের দিকে, যেদিক থেকে একদিন সেই নৌযানগুলো আসবে। যেদিন তারা আমাদের তীরে পৌঁছাবে, সেদিন গাজার মানুষ প্রথমবারের মতো নিশ্বাস নেবে মুক্ত আকাশের নিচে। আমি জানি, সেই দিন আসবেই। আর সেদিনই আমরা সত্যিকারের মুক্ত হব

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট



জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট



মাহির
ট্রাভেল কনসালটেন্ট



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট



নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# কানাডা-যুক্তরাষ্ট্র বাণিজ্যযুদ্ধে প্রবাসী বাংলাদেশিদের উদ্বেগ কেন

এন এন তরুণ

কানাডা ও যুক্তরাষ্ট্রের দ্বিপক্ষীয় অর্থনৈতিক সম্পর্ক বিশ্বের অন্যতম ঘনিষ্ঠ ও গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদারত্ব, যেখানে ২০২৩ সালে প্রতিদিনের পণ্য ও সেবার লেনদেন দুই বিলিয়ন মার্কিন ডলারের বেশি। মোট বাণিজ্যের পরিমাণ ৯০০ বিলিয়ন মার্কিন ডলার (ঐতিহাসিক সর্বোচ্চ)। যুক্তরাষ্ট্রের মোট পণ্য বাণিজ্যের ১৫ শতাংশ আসে কানাডা থেকে। কানাডার ৭৫ শতাংশ রপ্তানি পণ্য যায় যুক্তরাষ্ট্রে। দ্বিপক্ষীয় এ বাণিজ্যের মূল খাত অটোমোটিভ, জ্বালানি, কৃষি। যুক্তরাষ্ট্রের অপরিশোধিত তেল আমদানির ৬০ শতাংশের বেশি সরবরাহ করে কানাডা। দুই দেশের মধ্যে গাড়ির যন্ত্রাংশ সীমান্ত অতিক্রম করে একাধিকবার।

কিন্তু এ পারস্পরিক নির্ভরশীলতার সম্পর্কটি বাণিজ্যিক টানাপোড়েন থেকে মুক্ত থাকতে পারেনি। ক্রমবর্ধমান অর্থনৈতিক জাতীয়তাবাদ, শিল্প পুনর্গঠন এবং বৈশ্বিক নীতির নতুন পরিবর্তনের প্রেক্ষাপটে এ ধরনের টানাপোড়েন আরও ঘন ঘন দেখা দিচ্ছে। সাম্প্রতিক সময়ে আলোচিত 'বাণিজ্যযুদ্ধ' আমাদের চোখে আনে উদার আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থার ভঙ্গুরতা। আবার একই সঙ্গে দীর্ঘদিনের মিত্রদেশগুলোর মধ্যকার প্রাতিষ্ঠানিক স্থিতিস্থাপকতার দিকটিও স্পষ্ট করে। কানাডা ও যুক্তরাষ্ট্রের বাণিজ্য-বিরোধ ইস্যুটি প্রথম প্রকাশ্যে আসে ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় আসার পর। যদিও জনসমক্ষে আলোচনায় প্রায়ই যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্য উত্তেজনা প্রাধান্য পায়। তবু কানাডা-যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সম্পর্ক দীর্ঘ ইতিহাসে নানা বিরোধ দ্বারা চিহ্নিত হয়ে আছে, যা ট্রাম্পের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার আগে সামনে আসেনি। এর মধ্যে উল্লেখযোগ্য উদাহরণ হলো ১৯৬০-এর দশকের তথাকথিত 'চিকেন ওয়ার' এবং দীর্ঘস্থায়ী সফটউড লাম্বার নিয়ে বিরোধ। ২০১৭ থেকে ২০২০ সাল পর্যন্ত সময়কাল, অর্থাৎ ট্রাম্প প্রশাসনের 'আমেরিকা ফার্স্ট' অর্থনৈতিক নীতির যুগ একটি গুরুত্বপূর্ণ মোড় তৈরি করে। যুক্তরাষ্ট্রের ট্রেড এক্সপানশন অ্যাক্টের সেকশন ২৩২-এর আওতায় জাতীয় নিরাপত্তার অজুহাতে কানাডিয়ান ইস্পাত ও অ্যালুমিনিয়ামের ওপর শুল্ক আরোপ করা হয়। এর প্রতিক্রিয়ায় কানাডা পাল্টা ব্যবস্থা নেয় এবং দ্বিপক্ষীয় বাণিজ্যের গতিশীলতায় পরিবর্তন আসে।

২০১৮ সালের মার্চ মাসে যুক্তরাষ্ট্র প্রশাসন সেকশন ২৩২-এর আওতায় কানাডিয়ান ইস্পাতের ওপর ২৫ শতাংশ ও অ্যালুমিনিয়ামের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ করে। এর জবাবে কানাডা যুক্তরাষ্ট্রের কিছু নির্বাচিত পণ্যের ওপর পাল্টা শুল্ক আরোপ করে। এ পদক্ষেপগুলো বিদ্যমান সাপ্লাই চেইনকে ব্যাহত করে এবং দুই দেশের অর্থনীতি ও রাজনীতিতে উল্লেখযোগ্য প্রভাব ফেলে। ফলে উভয় দেশ সক্রিয়ভাবে প্রতিক্রিয়া জানায়।

চার দশকের বেশি সময় ধরে চলমান এ বিরোধের কেন্দ্রে রয়েছে যুক্তরাষ্ট্রের অভিযোগ-কানাডা তার সফটউড লাম্বার খাতকে ভর্তুকি দিচ্ছে। যুক্তরাষ্ট্র বারবার কানাডার ডেইরি, ডিম ও মুরগির জন্য চালু করা সরবরাহ ব্যবস্থাপনা নীতিকে সমালোচনা করেছে এবং একে বাজারে প্রবেশাধিকারের প্রতিবন্ধকতা হিসেবে দেখিয়েছে। দুই দেশের এ টানাপোড়েনে দেখা দিয়েছে ইস্পাত ও অ্যালুমিনিয়ামে দামের অস্থিতিশীলতা। সফটউড লাম্বারে শুল্ক আরোপের ফলে যুক্তরাষ্ট্রে আবাসন ব্যয় বৃদ্ধি পেয়েছে। ফলে শুধু ২০১৮ সালেই কানাডায় প্রায় ২৩ হাজার চাকরি ঝুঁকির মুখে পড়ে।



একই প্রভাব যুক্তরাষ্ট্রেও, বিশেষত কানাডিয়ান মধ্যবর্তী পণ্যের ওপর নির্ভরশীল শিল্পে। কাঠামোগত কারণ ও কৌশলগত স্বার্থ কানাডা-যুক্তরাষ্ট্র দ্বিপক্ষীয় বাণিজ্য-বিরোধের স্থায়িত্ব ও বিবর্তনকে কয়েকটি দীর্ঘমেয়াদি ও উদীয়মান কারণে আকার দিচ্ছে।

যেমন অর্থনৈতিক জাতীয়তাবাদের উত্থান। ২০১৬ সালের পর যুক্তরাষ্ট্রে সুরক্ষাবাদী অর্থনৈতিক নীতি ও শিল্প বিচ্ছিন্নকরণের (ইন্ডাস্ট্রি ডিকাপ্লিং) প্রবণতা জোরদার হয়েছে। 'বাই আমেরিকান' তথা 'আমেরিকান পণ্য কেনো' ধরনের নীতি উত্তর আমেরিকার সাপ্লাই চেইন সংহতকরণের মডেলের জন্য চ্যালেঞ্জ তৈরি করছে। এসব ঘটনার পরও বিরোধ নিষ্পত্তির প্রাতিষ্ঠানিক কাঠামো-যেমন জেনারেল অ্যাগ্রিমেন্ট অন ট্যারিফস অ্যান্ড ট্রেড (গ্যাট), ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন (ডব্লিউটিও) এবং নর্থ আমেরিকান ফ্রি ট্রেড অ্যাগ্রিমেন্ট (নাফটা), পরে যার পরিবর্তে আসে ইউনাইটেড স্টেটস-মেক্সিকো-কানাডা অ্যাগ্রিমেন্ট (ইউএসএমসিএ)-দুই দেশের মধ্যে বাণিজ্যিক সংঘাত নিয়ন্ত্রণ ও প্রশমনে কেন্দ্রীয় ভূমিকা পালন করে আসছে, যা কানাডার কোটার বণ্টন পদ্ধতির কিছু দিককে চুক্তির শর্তাবলির সঙ্গে অসংগত ঘোষণা করে এবং নীতি সংশোধনের নির্দেশ দেয়। এতে কাঠামোগত উৎস নিয়ম, একটি 'সানসেট ক্লজ' ও পুনর্গঠিত বিরোধ নিষ্পত্তিপ্রক্রিয়া অন্তর্ভুক্ত হয়। এসব পরিবর্তন নতুন ধরনের নিয়ন্ত্রক অনিশ্চয়তা তৈরি করে এবং দুই দেশের অর্থনৈতিক অংশীদারদের জন্য কৌশলগত পুনর্গঠন অপরিহার্য করে তোলে।

কিন্তু একাধিক বিরোধ নিষ্পত্তিপ্রক্রিয়ায় আশাপ্রদ ফল পাওয়া যায়নি; বরং জুলাই ২০২৩ পর্যন্ত যুক্তরাষ্ট্র কানাডিয়ান সফটউড লাম্বারের ওপর এরপর ৩৬ পৃষ্ঠায়



> তাঁদের পরামর্শ দিয়েছি, কানাডার শিক্ষাপ্রতিষ্ঠানে ডিগ্রি বা প্রশিক্ষণ নিয়ে কানাডার চাকরির বাজারে ঢুকে যেতে এবং রাষ্ট্রের আদর্শ, সমাজের মূল্যবোধ ধারণ করে মনেপ্রাণে কানাডার নাগরিক হয়ে গিয়ে অবদান রাখতে। বাংলাদেশে বৈধ পন্থায় অর্থ পাঠানো বা বিনিয়োগ করার পরামর্শও দিয়েছি। কানাডা সরকার জানে, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যযুদ্ধে কী করতে হবে। তারপরও আমি কয়েকটি পরামর্শ দিয়েছি, যা নীতিনির্ধারকের আলোচনার বা কর্মপরিকল্পনায় চোখে পড়ে না। সব খাতে নিজস্ব শিল্প গড়ে তুলতে হবে। যুক্তরাষ্ট্রের সঙ্গে তেল শোধনে বা গাড়ির যন্ত্রাংশ ভাগাভাগির নীতি বাদ দিতে হবে। প্রতিটি খাতে ৫০ বছরের পুরোনো নীতি অনুসরণ করা হচ্ছে। এই নীতি বর্তমান সময়ের সঙ্গে হালনাগাদ করতে হবে। প্রাইভেট-পাবলিক পার্টনারশিপ ও সরকারি তত্ত্বাবধানে ব্যক্তি খাতের উদ্যোগ নীতি গ্রহণ করতে হবে

# কার আখের কে গোছায়

কল্লোল মোস্তফা

গণ-অভ্যুত্থানের পর বিপুল জনপ্রিয়তা নিয়ে ক্ষমতায় এসেছিল অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। দেশের মানুষের মধ্যে তৈরি হয়েছিল প্রবল আশাবাদ। বাতাসে ভাসছিল সংস্কার, নতুন বন্দোবস্ত আর দায় ও দরদের কথা। কিন্তু বছর যেতে না যেতেই সেই আশাবাদ অনেকটা ধূলিসাৎ হয়ে গেছে।

চলমান মব-সন্ত্রাস, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, অর্থনীতির গতিহীনতা, কর্মসংস্থানের সংকট, মূল্যস্ফীতি, দুর্নীতি, চাঁদাবাজি-সব মিলিয়ে জনজীবনে স্বস্তি আসেনি। পুরোনো বন্দোবস্তে নতুন মানুষ ঢুকেছে, কিন্তু বন্দোবস্তে নতুনত্ব দেখা যায়নি; বরং নতুন বন্দোবস্তের কথা বলা অনেকের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির অভিযোগ উঠেছে।



সর্বশেষ সংযোজন হলো অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের বিষয়ে এই সরকারেরই সাবেক উপদেষ্টা ও জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলামের তোলা অভিযোগ। সম্প্রতি একাত্তর টেলিভিশনকে দেওয়া এক সাক্ষাৎকারে নাহিদ ইসলাম উপদেষ্টাদের বিরুদ্ধে বিশ্বাসভঙ্গের অভিযোগ এনেছেন। তিনি বলেছেন, অনেক উপদেষ্টা নিজেদের আখের গুছিয়েছেন অথবা গণ-অভ্যুত্থানের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন। উপদেষ্টাদের অনেকে সেফ এক্সিটের কথা ভাবছেন বলেও উল্লেখ করেছেন নাহিদ।

খুবই গুরুতর একটি অভিযোগ। দেশের মানুষ যাঁদের বিশ্বাস করে ক্ষমতায় বসিয়েছে সংস্কার ও নতুন বন্দোবস্তের আশায়, তাঁরা যদি সেই কাজ না করে নিজেদের স্বার্থ উদ্ধার করেন, তাহলে সেটা গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষার সঙ্গে বিশ্বাসঘাতকতাই বটে। তা ছাড়া সেফ এক্সিটের প্রসঙ্গটা আসে অনেক সময় অনিয়ম-দুর্নীতি বা জুলুমে জড়িয়ে গেলে। কিন্তু উপদেষ্টাদের মধ্যে কারা কীভাবে আখের গুছিয়েছেন এবং সেফ এক্সিটের কথা ভাবছেন, তা স্পষ্ট করেননি নাহিদ ইসলাম। এ রকম গুরুতর বিষয়ে অস্পষ্টতা না রেখে নাহিদ ইসলামের উচিত পুরো বিষয়টা খোলাসা করা।

তবে শুধু যে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের বিরুদ্ধেই আখের গোছানোর অভিযোগ উঠেছে, তা নয়। অভিযোগ আছে, অন্তর্বর্তী সরকারকে কাজে লাগিয়ে আখের গুছিয়ে নিচ্ছে বিভিন্ন প্রভাবশালী ও স্বার্থান্বেষী গোষ্ঠী। কয়েকটি উদাহরণ দেখা যাক।

সরকারি আমলারা পদ ছাড়াই পদোন্নতি আদায় করেছেন। এমনকি অবসরে যাওয়া আমলাদেরও পদোন্নতি হয়েছে। অন্তর্বর্তী সরকার গঠিত হওয়ার পর এখন পর্যন্ত অবসরে যাওয়া ৭৬৪ কর্মকর্তাকে সচিব পদসহ বিভিন্ন পদে পদোন্নতি দেওয়া হয়েছে। এর বাইরে গত বছরের ৮ আগস্ট থেকে চলতি বছরের ৪ আগস্ট পর্যন্ত ৭৮৫ কর্মকর্তাকে নিয়মিত পদোন্নতি দেওয়া হয়েছে। সর্বশেষ গত ২৮ আগস্ট উপসচিব পদে ২৬৮ জনকে পদোন্নতি দেওয়া হয়।

অনেকেই একসময় চেয়েছিলেন অন্তর্বর্তী সরকার যেন বেশি দিন থাকে। তাঁরা ভেবেছিলেন, অন্তর্বর্তী সরকার যত বেশি দিন ক্ষমতায় থাকবে, ততই দেশের উপকার হবে, তত বেশি সংস্কার হবে। তাঁরা হয়তো তখন ভাবেননি, অন্তর্বর্তী সরকার ক্ষমতায় থাকা অবস্থায় কোনো অনিয়ম করলে তার জবাবদিহি কীভাবে আদায় করা হবে। রাজনৈতিক সরকারের মতো ভোট না দিয়ে তো এই সরকারকে শায়েস্তা করার উপায় নেই।

এ ছাড়া সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন বাড়ানোর জন্য গঠন করা হয়েছে পে কমিশন। প্রশ্ন উঠেছে, নতুন পে স্কেল করা অন্তর্বর্তী সরকারের কাজের মধ্যে পড়ে কি না। অন্তর্বর্তী সরকারের দায়িত্ব ছিল আমলাতন্ত্রকে জনবান্ধব করতে জনপ্রশাসন সংস্কার কমিশনের গুরুত্বপূর্ণ সুপারিশগুলো বাস্তবায়ন করা।

এ বিষয়ে বড় ধরনের অগ্রগতি না হলেও নতুন পে স্কেলের উদ্যোগ নেওয়া হলো। সরকারি কর্মচারীদের বেতন বাড়ানোর সিদ্ধান্ত নিতে হলে সেটা নেওয়া উচিত নির্বাচিত রাজনৈতিক সরকারের, দেশের অর্থনীতির সামর্থ্য বিবেচনায় রেখে। নইলে আমলাদের চাপে অন্তর্বর্তী সরকার যেনতেনভাবে নতুন পে স্কেল বাস্তবায়ন করে দিয়ে গেলে পরবর্তী নির্বাচিত সরকারের পক্ষে তার চাপ সামলানো মুশকিল হয়ে যেতে পারে। এমনিতে দেশের অর্থনীতির অবস্থা সুবিধার নয়, রাজস্ব আয়ে রয়ে যাচ্ছে বিপুল ঘাটতি। এ রকম অবস্থায় নতুন পে স্কেলের উদ্যোগ কতটা সুবিবেচনাপ্রসূত হলো, সে প্রশ্ন থেকেই যায়।

সরকারের কাছ থেকে পরিবহন ব্যবসায়ীরাও আদায় করছেন বিশেষ সুবিধা। কথা ছিল ২০ থেকে ২৫ বছরের পুরোনো বাস-ট্রাক রাস্তা থেকে তুলে দেওয়া হবে। সেটা তো হচ্ছেই না; বরং তাঁদের আরও বাড়তি সুবিধা দেওয়া হচ্ছে। দৈনিক সমকাল-এ প্রকাশিত খবর অনুসারে, রিকন্ডিশন্ড বাস, ট্রাক আমদানির সর্বোচ্চ বয়সসীমা ৫ বছর থেকে বাড়িয়ে ১২ বছর করার উদ্যোগ নেওয়া হচ্ছে। এসব গাড়ি কেনার জন্য মালিকদের স্বল্প সুদে ঋণ দেওয়ার প্রস্তুতি চলছে। পাশাপাশি তাঁদের আয়করের বোঝা কমানোর এরপর ৩৬ পৃষ্ঠায়




> তাঁরা ভেবেছিলেন, অন্তর্বর্তী সরকার যত বেশি দিন ক্ষমতায় থাকবে, ততই দেশের উপকার হবে, তত বেশি সংস্কার হবে। তাঁরা হয়তো তখন ভাবেননি, অন্তর্বর্তী সরকার ক্ষমতায় থাকা অবস্থায় কোনো অনিয়ম করলে তার জবাবদিহি কীভাবে আদায় করা হবে। রাজনৈতিক সরকারের মতো ভোট না দিয়ে তো এই সরকারকে শায়েস্তা করার উপায় নেই। এখন এ রকম একটা সরকারের এক বছরের বেশি সময় ধরে ক্ষমতায় থাকার ফলাফল কী দাঁড়াচ্ছে? উপদেষ্টাদের বিরুদ্ধে আখের গোছানো ও সেফ এক্সিট খোঁজার মতো গুরুতর অভিযোগ তোলা হয়েছে। সেই সঙ্গে অভিযোগ উঠছে অন্তর্বর্তী সরকারকে কাজে লাগিয়ে বিভিন্ন দেশি-বিদেশি স্বার্থান্বেষী গোষ্ঠীর স্বার্থ হাসিলের। বিপুলসংখ্যক তাজা প্রাণের আত্মত্যাগের মধ্য দিয়ে সংঘটিত গণ-অভ্যুত্থানের পর এ রকম একটি পরিস্থিতি তৈরি হওয়া ভীষণ দুঃখজনক


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208




Paid By Friends of Shah for NYC

## এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

Open 24 Hours

REPAIR

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing

**N.Y.S. Inspection**

Low Price & Fully Guaranteed

# United

## Auto Repair & Body Shop, Inc.

**Contact: Azam** **Tel: 718-786-6677**

Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন




# ইউনাইটেড অটো রিপেয়ার

ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়

38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101

# এই সপ্তাহের কবিতা





## কোন সে শহর!!

### ইশতিয়াক রূপু

কোন শহরে বৃষ্টি আসে পাহাড় ভেঙে ছুরে
মেঘে ঢাকা নীল আকাশ কেনো অনেক দূরে,
পাথর ধোঁয়া, জল ধারাতে শুধু মাখামাখি
সবুজ ঘাসে জল কণারা হয় যে সখা সখি।

পূবের ভিটার বাংলা ঘরে ভেজা টিনের চালে
টুপ টুপা টুপ বৃষ্টি ঝরে খ্যামটা নাচের তালে।
দাওয়ার ভিজে ধানের ডিবি ভিজে কাঠের পিড়ি,
দখিন কোনের কাদায় পোঁতা এঁটেল মাটির হাড়ি।

শুকনো বাঁশের আধ ফালিতে, আছে খড়ের আঁটি,
ছোট চাচী উঠোন পেরোয়, নরম পায়ে হাঁটি।
দাদু মনির নিজ বসবাস আধখানা ঘর জুড়ে,
মুড়ি মুড়কির মিষ্টি সুবাস, বৃষ্টি মাখা ভোরে।

জল ভরা সেই উঠোন জুড়ে নতুন ইটের পথ
লাল পিঁপড়ে সারি বেধে খুঁজে রাজ পথ।

লেখক: কবি, নিউইয়র্ক।



## হৃদয় ভরা প্রেম

### আখতারুল ইসলাম খোন্দকার

আমি কবি কিনা জানিনা
কিন্তু! দু'চারটা কবিতা লিখেছি
আবেগ ধরে রাখতে না পেরে,
সেগুলো কবিতা না পদ্য
বলতে পারিনা,
তবে প্রকাশিত হয়েছে পত্র-পত্রিকায়।

তাই কেউ কবিতা পড়ে
কেউ সহজ-সরল মনে করে
কেউ আবার কথার বেড়াজালে আঁটকে
না চাইলেও বাধ্য হয়ে
বেশ কয়েকটি সুন্দরীর প্রেমে জড়িয়েছি।

দুর্ভাগ্য! কাউকেই বেশীদিন ধরে রাখতে পারিনি,
সকলেই ছেড়ে গেছে।

ক'দিন কষ্টে কুঁকড়ে থাকি
তবুও দেবদাস হয়নি।

কেননা, আমার হৃদয় ভরা অফুরন্ত প্রেম
যা হাজার জনকে বিলালেও এতোটুকুও কমবে না।

কাউকে রক্ত দানের মতো
বেশ সুস্থ থাকতে পারি,
আর দুর্বার গতিতে কলম চলে
বরং ছ্যাকা খেয়ে কবিতা বের হয়
তাই, ছ্যাকা খেলেও আনন্দ বোধ করি।





## ভালোবাসা চুপিচুপি

### মোহাম্মদ মহিবুর রহমান

ভালোবাসা একতরফা বা দ্বিপাক্ষিক
উভয়ের আছে আলাদা আঙ্গিক।
কেউ নীরবে শুধুই ভালোবেসে যায়
বলে না মুখফোটে, মনে কষ্ট পায়।

একতরফা ভালোবাসার নেই কোন আনন্দ
নির্দিষ্ট সময়ে জীবন হারায় ছন্দ।
তা রয়ে যায় অজানা
চুপিচুপি ভালোবাসার নেই ঠিকানা।

দ্বিপাক্ষিক ভালোবাসার আছে কোমলছোঁয়া
পারস্পরিক আকাঙ্ক্ষা থাকে কাছে পাওয়া।
স্বপ্নবাড়ে, গল্পবাড়ে, বাড়ে মায়ারটান-
ভালোবাসা চুপিচুপি, দুটি মনের আহ্বান।

লেখক: কবি, নিউইয়র্ক।



## বন্দী সবাই মুঠোফোনে

### সুজন দাশ

মুঠোফোনে বন্দী মানুষ আজ,
যোগাযোগের সারছে যত কাজ!
বিনোদনের পাচ্ছে খুঁজে স্বাদ
আড্ডা আসর দিচ্ছে কেটে বাদ।

খাচ্ছে মাথা নিচ্ছে কেড়ে সুখ
গিলছে সময় আনছে টেনে দুখ।
দিক না যতই বেগ ও গতির উম,
মাতলে নেশায় যাচ্ছে টুটে ঘুম।

মাথার ভিতর লাগছে ধাঁধা ঘোর,
চিন্তা করার যাচ্ছে কমে জোর।
দৃষ্টিশক্তি পাচ্ছে সবার হ্রাস,
একটানা কেউ করলে সাথে বাস।

ফোনে চলে মিথ্যা কথা রোজ
যায় জানা তা, -কেউ যদি নেয় খোঁজ!
সম্পর্কেও আসছে নেমে ছেদ,
বাড়ছে বিভেদ হিংসা-ঈর্ষা জেদ।

শিশু মনেও পড়ছে প্রভাব তার
লেখাপড়ায় বসছে না মন আর।
নেশার মত রাখছে তারাও চোখ
দিন থেকে দিন বাড়ছে যেন ঝোঁক।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।



## পাখি

### সুফিয়ান আহমদ চৌধুরী

পাখি ওড়ে নীলাকাশে
ডানা মেলে সুখে,
খোকা খুকু খুশি কত
কী যে হাসি মুখে।

পাখি ডাকে ডালে বসে
মিষ্টি সুরে ডাকে,
সেই ছবি দেখে খোকা
সুখে ছবি আঁকে।

পাখি গাছে বাস করে
পাখি বাসা বাধা,
পাখি বাসা অপরূপ
দেখে মন চাঙ্গা।

শীত আসে পাখি আসে
ঝাঁকে ঝাঁকে আসে,
পাখি আসে পাখি মেলা
স্বপ্ন চোখে ভাসে।

পাখি ওড়ে বেশ ওড়ে
দূর থেকে দূরে,
সন্ধ্যাবেলা ফিরে নীড়ে
সারাদিন ঘুরে।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।





## ঘেন্নার নগরে সভ্যতা আর আমি

### মুতাকাব্বির মাসুদ

হিমঘরে সময় বন্দি।
আরশোলার ব্যবচ্ছেদ তীব্র উনুনের ফলচে কড়াই এ।
বিভ্রান্ত বৈজ্ঞানিক:
জলের আগুনে শিশিরের দেহে চালায় ছুরি।
সময় তবুও হেঁটে চলে কালাপানির ঢেউয়ে।
কালোবাজারি মৃত্যু আজ কফিনের সুতোয়
ঘাই খেলে বরফের বিছানায়: উদ্ভিন্ন যৌবনা
নীল শীতল ঢেউয়ের নগ্ন দুর্গন্ধময় অজ্ঞার ফাঁকে।
ঘেন্নার নগরে বিকলাঙ্গ ঘোড়ার দাপাদাপি।
টিকটিকি সময় নিয়ে খেলে অসদৃশ লেজে
প্রান্তিক বোধের অরণ্যাঞ্চলে।মরণের সহমরণ
খোঁজে বেড়ায় দাঁতাল শূকর। ঘৃণার ফানুসে
ওড়ায় ঘুড়ি মাংসাশী শকুন আমার নগরে।
নির্বোধ সভ্যতা খসে পড়ে টিকটিকির লেজের মতো :
বিবস্ত্র ঘুণপোকার বিষাক্ত ঠোঁটে।

উলঙ্গ নগরে শেওলা পড়া ইটের শরীরে
রক্তে লেপা শাড়ি: ইতিহাস কথা কয় ভিতু পেঁচার
অনাহারী ঠোঁটে। নিশির ক্রন্দন শুনি ঝিঁঝিঁ আর আমি।
কচ্ছপের এবড়োথেবড়ো পিঠ,
সময় ফেরি করে শ্মশানের পাশে জোনাকির উজাল আলোয়।
এ কেমন নগর মৃত্যু নিয়ে হাঁটে গভীর রাতে বিষাক্ত
পিচ্ছিল উরগের শরীরে?

জীবন আজ ধরেছে বাজি উড়াল বাজপাখির
কোকিল চোখে: মাটির নরম বুকে পিঁপড়ারা মৃত্যুর গন্ধ নিয়ে ফেরে,
মানুষের ভিড়ে রক্তমাখি ভেরায়।
পাশেই সুবিধাবাদী ব্যাঙ মরণের আগাম বার্তা নিয়ে
খেলে খেলে লোলুপ জিহ্বার স্বাদ মেটায়।
বধির রাতের নির্বাচিত নীরব বুকের নিবিড় আলিঙ্গনে
এ নগর আর কত মৃত্যুকে তুলে নেবে
বনহলুদের বিবর্ণ পাপড়ির আড়ালে,
বরফ এই ক্ষয়িষ্ণু বুকের পাঁজরে?





## আমার দেশ, আমার আশ্রয়

### ইকবাল খান

অচেনা শহরের আলো-ঝলমলে পথে
ক্লান্ত সন্ধ্যা নেমে আসে কাচের অট্টালিকায়,
মানুষের ভিড়ে আমি থেকেও থাকি না-
চেনা কোলাহলেও অচেনা এক নিঃসঙ্গতা।

বহুদূর ভ্রমণের স্মৃতি জমে ওঠে বুকে,
ট্রেনের জানালা দিয়ে পালায় ধূসর পাহাড়,
নদীর স্রোত বহে যায় অন্য ভূগোলে,
তবু মন ফিরে আসে শেকড়ের টানে।

আমার প্রিয় জন্মভূমি-
তোমার ধানখেতের গন্ধে ভরে ওঠে হৃদয়,
তোমার নদীর ঢেউয়ে জেগে ওঠে গান,
তোমার মানুষের হাসিতে মুছে যায় পরবাসের ব্যথা।

বিদেশের পথে চলা অনেক হলো,
এবার ফিরে আসা আমার নিজের ঘরে,
যেখানে শিউলি ঝরে শরতের ভোরে,
যেখানে কাশবনের ঢেউ ডাকে অনন্ত স্বপ্নে।

আমি আছি এখানে, এখানেই স্থির হয়েছি,
মাটি, বাতাস, আকাশে বাঁধা চিরসত্যে।
আমার কবিতা শ্বাস নেয় এই মাটির বুকে,
আমার হৃদয়ের আশ্রয় শুধু এই জন্মভূমি।

লেখক: কবি, হিরোশিমা বিশ্ববিদ্যালয় গ্রাজুয়েট, জাপান।


FOOD Dynasty
7507 37th Avenue, Jackson Heights, NY 11372
BIG SALE
মাছের সেল
17 October - 20 November 2025
এই প্রথম জ্যাকসন হাইটসে
সরাসরি সিলেটের হাওড় থেকে সংগ্রহকৃত মাছের বাজার
FOOD DYNASTY, JACKSON HEIGHTS
FISH SALE
কাতল মাছ $2.49/LB
মৃগেল মাছ $2.99/LB
রুই মাছ $2.99/LB
গ্রাসকার্প $2.99/LB
কইমাছ $4.99/500gm
বাটা মাছ $4.99/500gm
মোলা মাছ $5.49/500gm
কালিবাউশ $3.99/LB
কার্ফূ মাছ $2.29/LB
কই মাছ 12+pcs $7.99/Bag-1kg
FOOD Dynasty
7507 37th Avenue, Jackson Heights, NY 11372
718-779-2077
আর নয় বার্মা, থাইলেন্ডের মাছ
জ্যাকসন হাইটসে এখন সিলেটের হাওড়ের মাছ
সরাসরি সিলেটের হাওড় থেকে সংগ্রহকৃত মাছের বাজার

# DNC Chair Endorsed Zohran Mamdani in NYC mayoral race

**Shah Nawaz**




The Democratic National Committee chair has spoken positively about Mamdani's campaign in the past, saying Democrats are "better served" by a broad coalition. Democratic National Committee Chair Ken Martin on Friday encouraged NewYorkers to vote for Zohran Mamdani, the Democratic nominee in the New York City mayoral race, just weeks ahead of Election Day.

"He's running to make NYC more affordable for everyone and has captured the nation's attention with his incredible campaign," Martin, who was elected by fellow Democrats to his position earlier this year, wrote in a post on X in a thread highlighting downballot Democratic candidates with election coming up soon. "Go vote for Zohran this November!"

The vocal support comes as other national Democrats, including New York Sen. Chuck Schumer, the Senate Minority Leader and New York Rep. Hakeem Jeffries, the House Minority Leader, have so far declined to endorse Mamdani. Asked Saturday if Friday's tweet was an endorsement of Mamdani from Martin, a spokesperson from the DNC said that Martin had previously endorsed Mamdani, pointing to a post on X following the state assemblyman's primary victory in June.

"Congratulations to Zohran Mamdani on a big victory in the New York City Democratic mayoral primary, and to all of the Democrats across the ballot who prevailed tonight," he wrote in a post at the time.

In a July interview with PBS, Martin said that while he disagreed with Mamdani on some issues, including Mamdani's refusal to condemn the phrase "globalize the intifada," he believed Democrats were better served by inviting a broad coalition to their party.

In September, months after Mamdani advanced to the November general election in a June primary, New York Democratic Gov. Kathy Hochul endorsed him.

In a New York Times op-ed, Hochul noted that while she and Mamdani have "had our disagreements," they also share similar goals, like making New York City more affordable for residents.

Former Vice President Kamala Harris, who was the Democratic party's presidential nominee in last year's presidential election, also offered a tepid endorsement of Mamdani last month, telling MSNBC's Rachel Maddow that, "Look, as far as I'm concerned, he's the Democratic nominee and he should be supported." Democrats have been slow to endorse Mamdani, who describes himself as a "democratic socialist" and has campaigned on a progressive policy agenda for New York City that includes making city buses free, increasing taxes on the wealthiest New Yorkers and freezing rent for certain housing units in the city.

## Oscar-winning actress Diane Keaton dies at 79

**Anik Raj**



Oscar-winning actress Diane Keaton, one of Hollywood's most beloved and enduring stars, has died at the age of 79 in California. The news was confirmed by People magazine. Further details have not yet been released, and her family has requested privacy at this time, according to a spokesperson. Keaton's breakthrough role came as Kay Adams, the wife of Michael Corleone (played by Al Pacino), in Francis Ford Coppola's "The Godfather" (1972) — a role she would reprise in both sequels. Her performance in "Annie Hall" (1977) earned her the Academy Award for Best Actress, while she received further Oscar nominations for "Reds" (1981), "Marvin's Room" (1996) and "Something's Gotta Give" (2003). Throughout her career, Keaton became known for her fearless portrayals of complex and often unlikable women in dramas such as "Looking for Mr Goodbar", "Shoot the Moon" and "The Good Mother". Her long creative partnership with Woody Allen began with the stage version of "Play It Again, Sam", for which she earned a Tony nomination in 1971. The two went on to collaborate on eight films together, including "Sleeper" (1973), "Love and Death" (1975) and "Manhattan" (1979). Keaton's versatility extended to comedy, with memorable turns in Baby Boom, Father of the Bride and its sequels, The First Wives Club, and Book Club. Her final film appearance is likely to be in Book Club: "The Next Chapter" (2023). Speaking to The Guardian while promoting the film, Keaton reflected on her prolific output in recent years, having completed seven films since the start of the pandemic.

## Resuming DACA applications for permits to live and work in U.S.

**Ajkal Desk**




The proposal allows U.S. Citizenship and Immigration Services to take new and renewal applications for DACA across the country, which it has not done for four years. The federal government is expected to again accept new applications for a program that grants some people without legal immigration status the ability to live and work in the United States. Lawyers for the federal government and immigrant advocates have presented plans before a federal judge that would open the door again to accepting applications for Deferred Action for Childhood Arrivals program, otherwise known as DACA. One state — Texas, where the case is being heard — however, would be exempted from providing work permits. It's estimated that hundreds of thousands of people could be eligible to be enrolled in DACA, once a federal judge issues an order to formalize plans laid out by the Department of Justice in a legal filing made on Monday. The program, created under the Obama administration, grants people without legal immigration status who were brought into the country by their parents two-year, renewable permits to live and work in the U.S. legally. The program has allowed people who were brought to the United States as children to temporarily remain in the country and obtain work permits. It does not confer legal status but provides protection from deportation. Eligibility requirements include people who entered the country as children before their 16th birthday, were under 31 years old as of June 15, 2012, and have not been convicted of a felony, a significant misdemeanor, or three misdemeanors.




## Nobel Peace Prize: The politics of peace sponsored by the powerful

**Ajkal Desk**

Once upon a time, peace used to be noisy. It marched through the streets, shouted through megaphones, and dared to disturb those who mistook silence for stability. Gandhi did not fast for brand partnerships. Martin Luther King Jr did not ask his oppressors to like and subscribe. But in 2025, peace has found a new aesthetic: carefully worded, media-trained, and proudly retweeted by the very people it is supposed to hold accountable.

This year, the Nobel Peace Prize went to Venezuelan opposition leader María Corina Machado for her "tireless work promoting democratic rights." It sounds noble enough—until she thanked US President Donald Trump for his "decisive support." The same Trump who once tried to deploy the National Guard against his own citizens and dismantled USAID under the spiritual guidance of Elon Musk. Apparently, world peace is now part of his portfolio, somewhere between space tourism and meme posting.

The irony here is not subtle. In the same breath that the White House accused the Nobel Committee of "placing politics over peace," Machado graciously dedicated her prize to a man whose presidency was practically a four-year war on empathy. One could almost hear Alfred Nobel rolling in his grave, whispering, "This isn't quite what I meant by peace." Trump, of course, responded with the self-restraint of a toddler denied dessert. He congratulated Machado, reposted her praise, and then declared that the Nobel Prize had "lost credibility." Which, to be fair, might be the first time Trump has ever been right by accident. Because if peace prizes are now handed out like influencer collaborations—complete with cross-platform gratitude and mutual back-patting—then credibility is not the only thing that has been lost. Let's pause to admire the absurdity. Russia's Vladimir Putin, not usually known for his love of peaceful resolutions, praised Trump for "doing a lot to resolve complex crises." Israel's Benjamin Netanyahu chimed in too, hailing Trump as a global peacemaker. When the planet's most conflict-committed leaders start agreeing on who deserves a peace prize, one begins to wonder whether "peace" has been redefined to mean "PR coordination between autocrats." This is not the first time the Nobel Committee has found itself tangled in contradictions. Obama's 2009 win for "promoting dialogue" came just months before he authorised drone strikes that did quite the opposite. But at least Obama did not dedicate his award to George W Bush. Machado's decision to thank Trump feels like the diplomatic equivalent of applauding your arsonist for keeping the fire warm.

It's not that she is undeserving of recognition; Venezuela's struggle for democracy is real, brutal, and courageous. But the optics of praising a man cheered on by Netanyahu and Putin make the whole ceremony feel less like a celebration of courage and more like a LinkedIn endorsement exchange. Even the Nobel Committee's citation sounded as if it had been drafted by ChatGPT on polite mode: "For tireless work promoting democratic rights." You could slap that line on half the world's think tanks and three-quarters of its hypocrites. It is the kind of praise that means everything and nothing, the award equivalent of a participation trophy at the apocalypse. Meanwhile, Trump continues his second term, still auditioning for "Most Improved Peacemaker." His administration, armed with slogans and surrounded by billionaire-turned-advisers, has reshaped global diplomacy into a corporate strategy deck. Peace, to him, is no longer a value but a deliverable, preferably one announced two days before Nobel nominations close. And the Nobel Committee? It seems caught between nostalgia and naivety. It wants relevance in a world where activism has been rebranded as content creation. But in trying to stay modern, it has started mistaking visibility for virtue. It is no longer about who risked their life for peace; it is about who can fit "peace" into a trending hashtag without losing their donor base.

Perhaps the real tragedy is not that Trump did not win, or that Machado did—it is that the award itself has stopped meaning anything beyond optics. When activists must thank their benefactors, and world leaders must feign enlightenment for applause, peace becomes performance art. And the Nobel stage, once sacred, now looks suspiciously like a red carpet, complete with moral sponsorships and ideological brand deals.

There was a time when peace prizes embarrassed the powerful—when they provoked, irritated, and disrupted. Today, they flatter. They've gone from defiant to diplomatic, from firebrand to photo op. The new age of peace is not about ending wars; it is about editing them for prime time.

# Tarique Rahman and the question of political renewal

**H.M. Nazmul Alam**



In the aftermath of the 2024 mass uprising that reshaped Bangladesh's political landscape, Tarique Rahman has reemerged from years of silence to become both a symbol of revival and a subject of scrutiny. His recent interviews with BBC Bangla and the Financial Times mark perhaps the most comprehensive articulation of his thoughts and ambitions since his exile in 2008. For the first time in nearly two decades, Rahman, now BNP's acting chairman, spoke with clarity about his plans to return home, lead his party into the upcoming elections, and reclaim the space vacated by Sheikh Hasina's dramatic fall from power. But the story of his return is not just about one man's comeback. It is also about whether the country can move beyond its entrenched cycle of dynastic politics, partisan revenge, corruption, and other markers of Hasina's authoritarianism to usher in a genuinely accountable and inclusive democracy.

While talking to the BBC, Rahman's tone was measured and at times humble. "I am physically here [in the UK], but mentally I have always remained in Bangladesh," he said. It was a statement not just of longing; it was a reminder to his supporters that absence had not equated to detachment. His insistence in both interviews—that he would "soon return" to contest elections, and that BNP would win "a sweeping majority"—reflected both confidence and calculation. For a man long portrayed as divisive, he sought to project reason, inclusivity, and stability. Yet beneath that calm surface, contradictions endure. Rahman's interviews showcased a careful balancing act between vindication and reconciliation, reform and legacy, and humility and ambition. He repeatedly distanced himself from the cult of personality that has long haunted our politics, saying, "The mastermind of the July movement was not any party or individual; it was the democracy-loving people of Bangladesh." This framing, while noble, was also strategic. By attributing the revolution to collective will, Rahman positioned himself as a product of popular legitimacy rather than its architect, a useful image at a time when BNP seeks to rebuild credibility among the youth that led last year's uprising.

At the same time, his refusal to fully acknowledge BNP's share of failures or political toxicity has left a faint shadow over his reformist narrative. When pressed about the party's history of corruption during its 2001-2006 tenure, Rahman insisted to the BBC that Transparency International's damning indices at the time were based more on the legacies of the previous Awami League government. "We may not have been able to fix it completely," he admitted, "but we have to understand the reality. This [corruption] has become a social disorder." In his Financial Times interview, he acknowledged that "any government has some flaws" but nonetheless defended BNP's record on corruption, hinting at "false narratives" and highlighting that it was BNP that had established the Anti-Corruption Commission. (To be clear, in its initial report, FT referred to Bangladesh being ranked the most corrupt country for five consecutive years during BNP's last tenure, but later corrected the reference to clarify that it was actually four years). On the question of BNP's nominees for the upcoming elections, Rahman's emphasis on selecting those "who have public support, not just party support" is promising in theory, but such ideals have often dissolved in the face of patronage and factionalism in the past. His assurance that the BNP expelled 7,000 members over allegations of extortion and abuse post-uprising indicates a willingness to enforce discipline. It also reveals the scale of internal decay that the party must confront before claiming the moral high ground. In both tone and substance, Rahman sought to mirror a new brand of politics, one tempered by exile and experience. His references to digital transformation, economic diversification, and the need to "make people's lives better tomorrow" hinted at a reformist economic vision. His proposal to make Bangladesh a "supply hub" for global online retailers like Amazon or Alibaba may sound ambitious, but it is also grounded in a recognition that the garment sector, long the country's economic engine, is facing external pressures from tariffs and shifting global supply chains.

On political inclusion of rivals, Rahman remains both assertive and evasive. His proposition that Awami League leaders "convicted as criminals" cannot contest the elections leaves open the possibility of excluding the party from the democratic process. While he emphasised that "this is not a matter of revenge, but of justice," his definition of justice, equating charges with conviction, risks being interpreted as political cleansing. It is here that his rhetoric of unity meets its limits. A genuine democracy cannot begin by disqualifying the defeated.

Rahman's emotional reflections on his family's suffering, his mother's illness, his brother's death, and his own torture, however, humanise him before an audience that has often seen him as privileged and untouchable. Bangladesh's tragedy has long been that leaders once victimised in the past have often turned their grievances into repressive instruments of governance. Rahman's challenge is to break that trend. If his words are any indication, he seems aware of the weight of expectation. "Politics is not family-based," he insisted. "It is based on support." It was a subtle rebuttal to critics who accuse him of perpetuating dynastic succession. Yet his own political authority, inherited through the lineage of Ziaur Rahman and Khaleda Zia, embodies precisely what he claims to transcend. The paradox of Bangladesh's democracy is that both its major parties are trapped in familial legacies they publicly deny but privately depend upon. There is also the matter of what to do with history. BNP's last tenure ended amid allegations of corruption, militancy, and cronyism—issues that Rahman now pledges to eradicate. For many citizens, especially older ones, trust will not be restored by words alone. If he does return to power, his actions in the first 100 days, particularly how he handles political prisoners, media freedom, and administrative neutrality, can help define not just his credibility but also Bangladesh's democratic future. As regards the current interim government, his cautious endorsement reveals a pragmatic streak: support for a fair election process tempered by reminders that "warmth or coldness" in relations with the government will depend on how well it conducts its main tasks. It is an artful diplomacy of distance, neither confrontational nor complicit. His foreign policy remarks, particularly his call for a "Bangladesh before all" approach that promises a reset with India, tread an equally delicate line. While his insistence that "if they [India] displease the people of Bangladesh by sheltering dictatorship, there is nothing we can do"—and strong statements on border killings and water sharing—tap into popular sentiment after years of asymmetrical diplomacy under Sheikh Hasina, he also sought to project a vision of parity without hostility. This will be no easy task. His resolve will be amply tested if BNP does form the next government. Overall, Tarique Rahman's reemergence through the recent interviews represents both a promise and a paradox. And yet, amid all the uncertainties and contradictions, one thing is undeniable: Rahman has reintroduced a long-missing voice into Bangladesh's political conversation. Citizens are once again hearing a leading political leader speak of elections, accountability, and economic renewal, however cautiously. Whether that voice matures into statesmanship or fades into familiar patterns remains to be seen.

*(H.M. Nazmul Alam is an academic and political analyst based in Dhaka. He currently teaches at IUBAT, and can be reached)*

# Obama's warnings about democracy fading sound increasingly directed toward the US

**Ajkal Desk**



Speaking with democracy activists recently from Hungary and Poland, former President Barack Obama warned about the "rising wave of authoritarianism sweeping the globe," even in countries once believed unsusceptible to an erosion of liberties. "We're seeing politicians target civil society, undermine freedom of the press, weaponize the justice system," Obama went on. "And no one is being spared. Even countries that thought they were immune from wholesale assaults on democracy now understand that we're all part of one struggle."

Obama didn't mention his successor by name. But he's taken an outspoken posture against President Donald Trump throughout a series of public appearances this year, amping up his criticism of Trump's second term and expressing concern about the state of American politics. The panelists Obama spoke with at an event last month previously participated in the Obama Foundation's young leaders program. They were Sándor Léderer, who co-founded an anti-corruption watchdog ground in Hungary; Stefania Kapronczay, who until recently served as co-director of the Hungarian Civil Liberties Union; and Zuzanna Rudzinska-Bluszcz, who served as the Deputy Justice Minister for Poland from December 2023 to August 2025. "I've become increasingly concerned about the rising wave of authoritarianism sweeping the globe," Obama said in a video introducing the conversation, which took place in London. The comments were a veiled, if clear, rebuke of not only the current US administration but also some of the leaders Trump has aligned himself with since taking office. Hungary's Prime Minister Viktor Orbán is a champion of what he calls "illiberal democracy," and is often credited with inspiring Trump's playbook for government. Orbán has become a darling to MAGA conservatives, and the president has praised him as a "very great leader" and "very strong man." In Poland, meanwhile, a firebrand aligned with the right-wing populist Law and Justice party narrowly won the country's presidential election in June, a political upset that could torpedo the centrist government's efforts to unspool the legacy of authoritarianism in the country. Trump has tried to deploy military assets to Democratic-led cities against their leaders' wishes, urged the Justice Department to bring indictments against his political rivals and lashed out at judges who attempt to block his actions.

Obama didn't raise any of those examples specifically. But he pointed to promises — empty ones, in his view — offered by politicians to "go back to the way things were" that hewed closely to Trump's "Make America Great Again" message. At the same time, the former president offered an acknowledgment that sclerotic bureaucracies and unresponsive politicians had, in many ways, ushered in a global populist wave.

# BNP urges fair trials to protect democracy, uphold military integrity

**Ajkal Desk**



The Bangladesh Nationalist Party on Saturday stressed that fair and impartial trials of individuals accused of abusing their authority within the armed forces are essential to safeguarding democracy, protecting human rights, and preserving the military's professionalism. The party made the statement following an announcement by the Bangladesh Army Headquarters earlier in the day, which said that all serving officers—except a major general—facing charges of enforced disappearances at the International Crimes Tribunal (ICT) had been taken into army custody on Thursday. In a statement signed by senior joint secretary general Ruhul Kabir Rizvi, the BNP said that justice not only ensures punishment for past wrongdoings but also helps prevent future violations. It added that respect for law and human rights forms the foundation of a peaceful and accountable state. Reiterating that wrongdoing is an individual responsibility, the BNP said the country should be governed by the rule of law, and it would be inappropriate to hold entire institutions accountable for the actions of a few. On Wednesday, the ICT prosecution filed charges of crimes against humanity against 28 people, including 25 former senior officers of the Directorate General of Forces Intelligence (DGFI) and the Rapid Action Battalion (RAB), for their alleged involvement in enforced disappearances and custodial torture. At a press conference at the Army Headquarters, Adjutant General Major General Md Hakimuzzaman said all 15 serving army officials accused in the case—who had previously been posted at the DGFI under the Prime Minister's Office or at the RAB under the Home Ministry—had been ordered to report to Dhaka Cantonment. Fourteen of them have already complied, he said. Responding to the development, the BNP said that, as a party that has long been subjected to abductions, killings, and repression during periods of authoritarian rule, it fully supports the prosecution of all human rights violations. The statement emphasised that justice should address only individual crimes under the law and must not be linked to the honour, trust, or sentiment of patriotic institutions such as the armed forces. It further noted that every member of the military is a proud son of the nation and that most personnel sincerely wish to see those responsible for illegal acts brought to justice—so that no government can again order unlawful actions such as enforced disappearances or extrajudicial killings. The BNP fully agrees with this universal aspiration, the statement concluded.

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)






ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনায় ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খযরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণেই এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দীন জেলার সাহকোয়ারপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রীতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

## ভুল স্বীকার করলেই কি রাজনীতি শেষ হয়ে যায়

৫ পৃষ্ঠার পর

ঠেঙাবে, মারবে বলা মুশকিল।
একটা উদাহরণ দিই। ধরুন, আমি একটা লেখা লিখেছিলাম ১২ বছর আগে। এখন লিখছি অন্য রকম। তো এক কেলদুক্কর আমার টুঁটি চেপে ধরল-তুমি তখন ওই কথা বলেছ, এখন কেন এ কথা বলো? এই ১২ বছরে যে কত বই, কত তথ্য-উপাত্ত হাতের নাগালে এসেছে এবং সেসব জেনে-বুঝে আমি যে আগের চেয়ে অনেক বেশি সমৃদ্ধ হয়েছি, এটা তাকে বোঝাই কী করে? কারণ, সে তো বদ্ধ জলাশয়ের জীব। সেখানে স্রোত নেই। তাই সে মননে-মগজে বাড়ে না। স্কুল ক্লাস পেরিয়ে উঠে আমি অ্যালজেব্রা শিখতে শুরু করি। আমাকে কেউ যদি বলে, তুমি ক্লাস ফোরে কেন এটা শিখলে না!
এখানে রাজনৈতিক দলগুলোর প্রসঙ্গ এসে যায়। একটা দল একসময় ক্ষমতায় ছিল। ওই সময় দলটি অনেক ভুল করেছে, খারাপ কাজ করেছে। দলটি এখনো রাজনীতি করে। আবারও ক্ষমতায় যেতে যায়। ক্ষমতায় গিয়ে আবারও সে খারাপ কাজগুলো করবে না, তার কী নিশ্চয়তা আছে? এখানে দলকে আত্মবিশ্লেষণ করতে হয়। কাজ করতে গেলে ভুলত্রুটি হতে পারে। যে কাজ করে না, তার ভুল হয় না। তো ভুল হয়ে থাকলে সেটি স্বীকার করতে সমস্যা কোথায়?
আমাদের রাজনীতিবিদদের মধ্যে একধরনের মনস্তত্ত্ব কাজ করে। তাঁরা মনে করেন, ভুল স্বীকার করলে বুঝি তাঁর রাজনীতি শেষ হয়ে যাবে। এটা একটা ভ্রান্ত ধারণা। মানুষ আসলে দেখতে চায়, কেউ ভুল করে থাকলে সে তার ভুল স্বীকার করুক, অনুতপ্ত হোক।
বলুক, এ রকম ভুলের আর পুনরাবৃত্তি হবে না। রাজনৈতিক নেতারা সে পথে হাঁটেন না। তাঁদের কাছে তাঁদের অতীত পূর্ণিমার জোছনায় উজ্জ্বল। সেখানে কৃষ্ণপক্ষ নেই। মানুষ তো কিছুই ভোলে না। সে ধরেই নেয়, ওই দল, ওই নেতা মিথ্যাচার করছে। এটা যে দলের নেতারা বোঝেন না, তা নয়। কিন্তু তাঁদের মনে ভয়, ভুল স্বীকার করলে রাজনীতিতে 'আউট' হয়ে যাওয়ার আশঙ্কা আছে।
সমাজে নতুন-পুরোনোর দ্বন্দ্ব চিরকাল। তাদের দৃষ্টিভঙ্গি আলাদা। একদা যে তরুণ মানুষের জন্য, দেশের জন্য অকাতরে প্রাণ দিতে ইতস্তত করেনি, বয়সের সঙ্গে সঙ্গে তার মধ্যে পরিবর্তন দেখা দেয়। একসময় তার মগজে জং ধরে যায়। সে হয়ে ওঠে মিথ্যাবাদী, লোভী, দুর্নীত, ক্ষমতালিপ্সু, অত্যাচারী। তারপরও আমাদের আশা আর ভরসা তরুণদের ওপরেই। যুগে যুগে তারাই আলো হাতে এসেছে আমাদের মতো আঁধারের যাত্রীদের পথ দেখাতে। তাদের নিয়ে সুকান্ত ভট্টাচার্য লিখেছেন 'ঐতিহাসিক' নামে একটি কবিতা। সেখানে তিনি বলছেন:

মূর্খ তোমরা
লাইন দিলে: কিন্তু মুক্তির বদলে কিনলে মৃত্যু,

রক্তক্ষয়ের বদলে পেলে প্রবঞ্চনা।
ইতিমধ্যে তোমাদের বিবদমান বিশৃঙ্খল ভিড়ে
মুক্তি উঁকি দিয়ে গেছে বহুবার।
লাইনে দাঁড়ানো আয়ত্ত করেছে যারা,
সোভিয়েট, পোল্যান্ড, ফ্রান্স
রক্তমূল্যে তারা কিনে নিয়ে গেল তাদের মুক্তি
সর্বপ্রথম এই পৃথিবীর দোকান থেকে।

এখনও এই লাইনে অনেকে প্রতীক্ষমাণ
প্রার্থী অনেক; কিন্তু পরিমিত মুক্তি।

হয়তো এই বিশ্বব্যাপী লাইনের পেছনে
এখনও তোমাদের স্থান হতে পারে-
এ কথা ঘোষণা করে দাও তোমাদের দেশময়
প্রতিবেশীর কাছে।
তারপর নিঃশব্দে দাঁড়াও এ লাইনে প্রতিজ্ঞা আর প্রতীক্ষা নিয়ে
হাতের মুঠোয় তৈরি রেখে প্রত্যেকের প্রাণ।

মহিউদ্দিন আহমেদ: লেখক ও গবেষক।

## গণভোটেও কি লাভ ক্ষতির হিসাব?

১০ পৃষ্ঠার পর

মুহম্মদ এরশাদের পক্ষে হ্যাঁ ভোট পড়েছিল ৯৪ দশমিক ১৪ শতাংশ। এ নির্বাচনে বিষয়বস্তু ছিল এরশাদের নীতি ও কর্মসূচির প্রতি আস্থা এবং নির্বাচন হওয়া পর্যন্ত তার প্রেসিডেন্ট পদে থাকায় জনগণের সম্মতি আছে কি-না।
১৯৯১ সালে তৃতীয় গণভোটটি হয়েছিল। সেটি সাংবিধানিক গণভোট হিসেবে পরিচিতি পায়। এ ভোট নিয়ে তখন খুব একটা আলোচনা ছিল না। গণভোটটি হয়েছিল দ্বাদশ সংশোধনী বিল- যার ভিত্তিতে দেশ প্রেসিডেন্ট শাসিত থেকে সংসদীয় ব্যবস্থায় ফিরে। এ ব্যবস্থায় প্রেসিডেন্টের সম্মতি দেয়া উচিত কিনা সেটি জানতে চাওয়া হয় গণভোটে। ওই নির্বাচনেও ৮৪ শতাংশের বেশি ভোট পড়েছে। অবশ্য ভোটের এই হার নিয়ে তখন প্রশ্ন উঠেছিল। তবে এই ভোটের আগেই প্রায় সব দল সংসদীয় ব্যবস্থায় ফেরার পক্ষে মত দিয়েছিল।
দেশের ইতিহাসে গণভোটের এই হালচালের মধ্যে আরেকটি গণভোট সামনে এসেছে। একটি জাতীয় নির্বাচনের আলোচনার মধ্যে এই গণভোটে মানুষের আগ্রহ কতোটা থাকবে এটা নিয়েও প্রশ্ন আছে। এ ছাড়া আলাদাভাবে এই ভোট করতে গেলে বাড়তি খরচ, সময়, প্রস্তুতি এসব বিষয়ও বিবেচনায় নেয়া জরুরি। জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন নিয়ে জনগণের মতামত নেয়ার এই জরুরি গণভোট নির্বাচনের দিন একসঙ্গে নেয়ার বিষয়ে বেশির ভাগ রাজনৈতিক পক্ষের দ্বিমত নেই। একজন নির্বাচন কমিশনারও এ বিষয়ে মত দিয়েছেন। জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজ কমিশনের আলোচনার শেষ দিকে বলেছেন, জুলাই সনদ বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং গণভোট অনুষ্ঠানের বিষয়ে দলগুলোর মধ্যে মতৈক্য হয়েছে।
কমিশনের সভায় বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, যদি জাতীয় নির্বাচনের দিন গণভোট করা হয় তাহলে সংবিধান আদেশ বা সুপ্রিম কোর্টের মতামত নেয়ার প্রয়োজন হবে না। জুলাই সনদ বাস্তবায়নে যাতে ম্যান্ডেটের অভাব না হয়, জনগণ এটা সমর্থন করে কি-না, সে অনুমতির জন্য গণভোট হবে। জাতীয় নির্বাচনের দিনই আলাদা ব্যালটে জনগণের মত নেয়া যায়। তাতে জুলাই সনদ বাস্তবায়ন করা বাধ্যতামূলক হবে এবং কেউ আর চ্যালেঞ্জ করতে পারবে না। প্রকাশিত খবর অনুযায়ী বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, এ মুহূর্তে গণভোটের প্রস্তাব নির্বাচন বিলম্বিত করার প্রয়াস। নির্বাচনের দিন গণভোটে যে ফলাফল আসবে তার আগে করলেও তাই হবে। তাই এ দাবি পরিহার করতে হবে।
জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের এ বিষয়ে বলেছেন, নির্বাচন যদি সুষ্ঠু না হয়, গণভোটও সুষ্ঠু হবে না। তাই গণভোট আগে হওয়াই যুক্তিযুক্ত। গণভোটের বিষয়ে সবাই একমত। নভেম্বরের মধ্যেই গণভোটটা আলাদাভাবে হয়ে যাওয়া দরকার। কিছু বিষয়ে আমাদের মতভিন্নতা থাকলেও গণভোট নিয়ে এখন আর কোনো বিরোধ নেই। জুলাই চার্টারের যে সংস্কার প্রস্তাব রয়েছে, সেটি গণভোটের মাধ্যমেই গৃহীত বা বাতিল হবে।
গত বুধবার শেষ দিনের বৈঠকের আগে সকালে জাতীয় ঐকমত্য কমিশনকে পাঁচটি পরামর্শ দেয় বিশেষজ্ঞ প্যানেল। তবে গণভোট নির্বাচনের আগে নাকি নির্বাচনের দিন হবে এ বিষয়ে পরামর্শ দেননি বিশেষজ্ঞরা। এই সিদ্ধান্ত তারা সরকারকে নিতে বলেছেন। গণভোট প্রসঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ বলেন, নির্বাচনের দিন কয়েকটি দল, কয়েকটি দল নির্বাচনের আগেই গণভোটের কথা বলেছেন। দল ও জোটগুলোর মতামত বিবেচনা করে সুস্পষ্ট মতামত সরকারকে দেবে কমিশন। বৈঠকে যে মতামত সেগুলোকে সন্নিবেশিত করে বিশেষজ্ঞদের সঙ্গে আরও আলোচনা করে সরকারকে পরামর্শ দেয়া হবে। আর যারা সহযোগিতা করেছে সকলকে সেসব বিষয়ে অবহিত করা হবে। বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক গণভোট প্রসঙ্গে বলেন, কমিশন সরকারকে প্রস্তাব পাঠাবে। কমিশন দু'-তিনটি প্রস্তাব সরকারের কাছে পাঠাবে। সরকার গণভোটসহ সনদের কার্যকরী দিক পরীক্ষা করে একটি আদেশ জারি করবেন।
গণফোরামের সাধারণ সম্পাদক ডা. মিজানুর রহমানের মতে জাতীয় স্বার্থে গণভোট হলে সেটা নির্বাচনের দিন হতে পারে। বৃহত্তর ঐক্যের বিষয়গুলোতে গণভোট হলো, কিন্তু নোট অব ডিসেন্টের বিষয়গুলো কীভাবে জনগণের কাছে নিয়ে গণভোট করা হবে। একটি বিষয় গণভোট হলে জনমত সহজ হতে পারে। বিএনপি ও সমমনা দল এবং জোটের প্রায় সব নেতাই গণভোট নিয়ে এমন মতামত দিয়েছেন। গণফোরাম, সিপিবি, বাসদ, বাসদ (মার্কসবাদী), বাংলাদেশ জাসদ, গণঅধিকার পরিষদ, আমার বাংলাদেশ পার্টি এবং জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশসহ অধিকাংশ দল নির্বাচনের দিনই গণভোট চায়। আমার বাংলাদেশ পার্টির (এবি) চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু এক প্রতিক্রিয়ায় বলেন, ঐকমত্য কমিশন যদি গণভোট আগেও করতে পারে আমাদের সমস্যা নেই। তবে আমাদের মত হচ্ছে নির্বাচনের দিন গণভোট হলে ভালো হবে।
গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান গণভোটের বিষয়ে বলেন, দু'-একটি দল ছাড়া বেশির ভাগ দলই চাইছে জাতীয় নির্বাচনের দিন জুলাই জাতীয় সনদের উপর গণভোট আয়োজন হোক। জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন নামে একটি প্রজ্ঞাপন জারি করা হবে রাষ্ট্রপতির মাধ্যমে। সেই প্রক্রিয়ার মধ্য থেকেই গণভোট হবে। একটি দল দাবি করতেই পারে। কিন্তু হাতে সময় চার মাস। গণভোট জাতীয় নির্বাচনের মতোই। এ সময়ের মধ্যে কি নির্বাচন করা সম্ভব? ওদিকে নির্বাচনের দিন গণভোট হতে পারে- এমন মত দিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) আবদুর রহমানেল মাছউদ। তিনি বলেছেন, অতিরিক্ত অর্থ ব্যয় না করে একইদিনে জাতীয় নির্বাচন ও গণভোট করা উচিত। একইদিনে দুই ভোট করতে সক্ষম নির্বাচন কমিশন। ৯ই অক্টোবর গণমাধ্যমের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। আবদুর রহমানেল মাছউদ বলেন, জাতীয় নির্বাচনের মধ্যে গণভোট আয়োজনে ঘোষিত ফেব্রুয়ারির সময়ে কোনো প্রভাব ফেলবে না। ব্যয় সাশ্রয়ের কথা জানিয়ে তিনি বলেন, সংসদ নির্বাচনের সঙ্গে একসঙ্গে গণভোট হলে বড় ব্যয় সাশ্রয় হবে। সংসদ নির্বাচন ও গণভোট একসঙ্গে সম্ভব। তবে ভোটকেন্দ্র ও ভোটকক্ষ কিছু বাড়ানো লাগতে পারে। এতে আইনগত কোনো সমস্যা থাকার কথা নয়। সরকার চাইলে গণভোটের বিষয়ে নির্বাচন কমিশন সিদ্ধান্ত দেবে বলে জানান তিনি।
গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশে এখন সবার চাওয়া রাষ্ট্র ব্যবস্থার সংস্কার। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার এই সংস্কারের একটি রূপরেখা রেখে যেতে পারে। জুলাই সনদ স্বাক্ষরের মাধ্যমে দলগুলো এই সংস্কারের অঙ্গীকার বা প্রতিশ্রুতি দেবে। যা লিখিত একটি জাতীয় সনদ হবে। এর ভিত্তিতে নির্বাচনে জয়ী দল বা পক্ষ সংস্কার কার্যক্রম সামনে এগিয়ে নেবে। জুলাই সনদ এবং এর বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে প্রস্তাবিত গণভোটও একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া। সনদ চূড়ান্তে দীর্ঘ আলোচনা করে দলগুলো নানা ছাড় দিয়ে প্রায় একমত হতে পেরেছে। সনদ বাস্তবায়ন প্রক্রিয়া চূড়ান্তে গণভোটের সময় নিয়েও দলগুলো ঐকমত্যে পৌঁছাবে- এমনটা আশা করছে মানুষ।

## গাজা কেন ফ্লোটিলার আশায় সাগরের দিকে চেয়ে থাকে

১০ পৃষ্ঠার পর

কাছে। সরকারগুলো আমাদের ব্যর্থ করেছে, কিন্তু মানুষ ব্যর্থ হয়নি। আমরা এখনো তাকিয়ে আছি সাগরের দিকে, যেদিক থেকে একদিন সেই নৌযানগুলো আসবে। যেদিন তারা আমাদের তীরে পৌঁছাবে, সেদিন গাজার মানুষ প্রথম সবারের মতো নিশ্বাস নেবে মুক্ত আকাশের নিচে।
আমি জানি, সেই দিন আসবেই। আর সেদিনই আমরা সত্যিকারের মুক্ত হব।
সারা আওয়াদ গাজায় বসবাসরত ইংরেজি সাহিত্যের শিক্ষার্থী, লেখক ও গল্পকার। আল-জাজিরা থেকে নেওয়া, অনুবাদ: সারফুদ্দিন আহমেদ।

## জাতিসংঘ সম্মেলনে এসে জয় করলেন ও প্রশংসায় ভাসলেন

৬ পৃষ্ঠার পর

সরকার প্রধান সাহসের সাথে বলতে না পারলেও ড. মুহাম্মদ ইউনূস সে কথাটি বলে সবাইকে চমকে দিয়েছেন। পতিত সরকারের বিদায়ের পর এ পর্যন্ত দেশে যতগুলি অরাজকতা তৈরী হয়েছে তার সাথে পতিত সরকারের সমর্থক ও পাশ্ববর্তী দেশের গোপনাজন্সের প্রমাণ আটক অপরাধীদের স্বীকারোক্তির মাধ্যমে আইন শৃঙ্খলা বাহিনীর মাধ্যমে ইতোমধ্যে প্রকাশ পেয়েছে যা দালাল ও দেশদ্রোহী কুখ্যাত বাকী জনগণের নিকট বিশ্বাসযোগ্য হিসেবে গৃহীত হয়েছে। বলার অপেক্ষা রাখে না যে প্রতিবেশী দেশও বিষয়টি পরোক্ষভাবে স্বীকার করেছে। দুর্গাপূজায় বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে অসুর হিসেবে প্রদর্শন যার বহিঃপ্রকাশ। এতে ড.ইউনূসের প্রতি বাংলাদেশসহ বহির্বিশ্বে তার জনপ্রিয়তা বেড়েছে বই কমেনি অপরদিকে যারা এমন হীনমন্যতার পরিচয় দিয়েছে তারাই বরং সারা বিশ্বে নিন্দিত হয়েছে। অপরদিকে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগদানের জন্য বাংলাদেশ থেকে আগত প্রতিনিধি দলের সাথে রাজনৈতিক নেতৃবৃন্দের মধ্যে জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহেরকে বিমানবন্দর থেকে স্থানীয় জামায়াতে ইসলামী নেতৃবৃন্দ সম্মানের সাথে বেড় করে নিয়ে আসলেও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন ও জ্যেষ্ঠ যুগ্ম সদস্যসচিব তাসনিম জারা হেনস্থার স্বীকার হন। বিশেষ করে আখতার হোসেনের উপর ডিম ছোড়া হয় এবং তাসনিম জারাকে অকথ্য ভাষায় গালিগালাজ করা হয়। যা শান্তভাবে মোকাবেলা করায় তাঁরা প্রশংসিত হন। এ ঘটনায় তারা সাময়িকভাবে বিব্রত হলেও রাজনৈতিকভাবে তারা বিশিষ্ট ভাবের প্রচারে অগ্রগামী হয়েছেন। স্বর্তব্য বিরোধী দলে থাকাকালীন হানিফ হোসেন খোকাকে আক্রমন করে রক্তাক্ত করায় তিনি যে প্রচার পেয়েছিলেন তার ফল স্বরূপ তিনি অবিভক্ত ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন। নিউইয়র্কে হেনস্থার কারণে আখতার হোসেন ও তাসনিম জারা'র ভবিষ্যত ও তেমনি উজ্জ্বল হবে নিঃসন্দেহে। কারণ রাজনৈতিক নেতারা অন্যায়ভাবে নিপীড়নের স্বীকার হলে তাতে তাদের সম্মান বাড়ে বৈ কমেনা। রাজনৈতিক নেতৃবৃন্দ নিউইয়র্ক শহরে প্রবাসীদের যে বিপুল পরিমান শ্রদ্ধা ভালবাসা পেয়েছেন তা তুলনাহীন। দেশ গঠনের কাজে তাদের নিকট এ শ্রদ্ধা ভালোবাসার যথাযথ মূল্যায়ন হবে বলে প্রবাসীদের বিশ্বাস।
জাতিসংঘ সম্মেলনে ড. মুহাম্মদ ইউনূসের বাংলায় বক্তব্য প্রদান অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। নির্যাতিত ফিলিস্তিনের ও রোহিঙ্গাদের দুর্দশা লাঘবের বিষয়টি তুলে ধরায় বিশ্বের নির্যাতিত ও মানবতাবাদী জনগোষ্ঠীর কাছে তিনি ভূয়সী প্রশংসালাভের যোগ্য হয়েছেন। সার্বিক বিবেচনায় এবারের জাতিসংঘ সফর সফল হয়েছে বলে বিবেচিত এবং প্রশংসিত। এ সফরের অর্জন জাতিকে ব্যাপকভাবে প্রভাবিত করবে বলে আশা করা যায়।
লেখক: কবি, প্রাবন্ধিক, গীতিকার, কলামিস্ট ও গবেষক। সেন্টএলবান্স, নিউইয়র্ক।

## মনে খটকা লেগে আছে আপা

৭ পৃষ্ঠার পর

দেশের মানুষ বারবার গোলামির জিঞ্জির ভেঙে গুঁড়িয়ে দিয়েছে। এ দেশের মাটিই নাকি এমন। মানুষকে অন্যায়ের বিরুদ্ধে সজাগ করে দেয়। এক সময় অন্যায়কে প্রতিহত করে। সেভাবে আপনাকে প্রতিহত করে দেশছাড়া করেছে। এখন কোথায় আপনার তেলবাজরা। যারা নানা বিতর্কিত কর্মকাণ্ড করে আপনাকে নিষ্ঠুরতম স্বৈরাচার বানিয়েছে। মনে পড়ে আপা, শাহবাগে মানবতাবিরোধী অপরাধীদের বিচারের সময় গণজাগরণ মঞ্চ বানিয়ে নিজের ফায়দা লুটে নিয়েছেন। এই গণজাগরণ মঞ্চের কথা শুনে আইন পর্যন্ত বদল করেছেন। ট্রাইব্যুনালের রায়ে যাবজ্জীবনপ্রাপ্ত আসামিকে উচ্চ আদালত ফাঁসি দিতে পারবে এমন আইন করেছেন। যা পৃথিবীতে বিরল এক আইন।
অথচ সাজাপ্রাপ্ত আসামি উচ্চ আদালতের আশ্রয় নেয় এই ভেবে যে, তিনি খালাস পাবেন- নয়তো সাজা কিছুটা হলেও কমবে। এর দু'টির একটিও যদি না হয় তাহলে নিম্ন আদালতের দেয়া সাজাই বহাল থাকবে। আপনি এখানে প্রতিহিংসার আগুনে আইনকে ওলটপালট করে দিয়েছেন। এখন যে ট্রাইব্যুনালে আপনার ও আপনার দলের লোকজনের বিচারকাজ চলছে সেখানেও তো এমন হতে পারে। আপনার আইনেই আপনি ফেঁসে যেতে পারেন। আপা আরও কতো প্রতিহিংসার কাজ করেছেন। শুয়ে শুয়ে একটু ভাবুন। দেখবেন চোখের সামনে সব ভেসে উঠবে। আর যদি এসবকে সঠিক বলে মনে করেন তাহলে তো কোনো কথা নেই। মানুষ মাত্রই ভুল করে। আপনিও মানুষ। যদি ফেরেশতা হতেন তাহলে কোনো ভুল হতো না। মানুষ বলেই আপনার ভুল হতে পারে। আর যারা ভুল স্বীকার করে নেয় তারা মহামানব। এটা নিশ্চয় জানেন। শ্রদ্ধেয় হাসু আপা, জীবনটা ক্ষণিকের। কে কখন পরপারে চলে যায় একমাত্র আল্লাহই জানেন। কিন্তু সবাইকে যেতে হবে। আর পরপারের কথা চিন্তা করে মানুষ পৃথিবীতে এগিয়ে যায়। যারা অমানুষ তাদের তো পরপারের চিন্তা নেই। তারা নিজেরাই নিজেকে অনেক কিছু মনে করে। অন্য মানুষকে তুচ্ছ-তাচ্ছিল্য করে। আপনি এমন হবেন- এটা আশা করি না। আশা করি আপনি পরবর্তীতে জনগণের সেবক হবেন। দলের নয়। এখন যেভাবে দেশটাকে দুই ভাগে ভাগ করে রেখেছেন এ থেকে পেছনে ফিরে আসতে হবে। নিজেকে বদলাতে হবে।
যদি পুতুলকে দায়িত্ব দেয়ার বিষয়টি সঠিক হয় তাহলে বলবো আপনার চেয়ে অনেক ভালো হবে। আওয়ামী লীগও বেশ দ্রুত জায়গা করে নেবে। আপা, এটা মনে রাখবেন বড্ড শ্রদ্ধা করি আপনাকে। আর শ্রদ্ধা করি বলেই এসব কথা বলে যাচ্ছি। আপনি কীভাবে নেবেন সেটা আপনার ব্যাপার। আজ এ পর্যন্তই। ভালো থাকবেন। শরীরের দিকে খেয়াল রাখবেন। আল্লাহ হাফেজ।

## একটি লেডিবাগ ও জীবনচক্র

৫ পৃষ্ঠার পর

যা এতক্ষণ আমার চেতনার পরিধিতে ধরা দেয়নি। এখন, তার ধীরলয় পদক্ষেপ আমার মনোজগতে এক নিঃশব্দ, অথচ গভীর ভাবার সূচনা করছে এক মৌন মন্ত্রোচ্চারণ, যেন সে প্রকৃতির কাছে আত্মসমর্পণ করে শান্তস্বরে উচ্চারণ করছে-'আমি প্রস্তুত।'
প্রস্তুতির মানে দুধ গরম রাখা বা জেটের সময় হাতের কাছে রাখা নয়-প্রস্তুতি মানে, বিদায়ের অন্ধকারে দাঁড়িয়ে প্রাণপ্রিয় এক সত্তাকে অন্তরে ধীরে ধীরে ছেড়ে দেওয়ার আত্মিক সক্ষমতা অর্জন। প্রস্তুতির মানে অন্তরালীণ জেগে ওঠা, যেখানে আত্মা নিজেই নিজেকে বলে, "এখন সময় হয়েছে।" প্রস্তুতির মানে মৃত্যুকে স্বাগত জানানো নয়, বরং প্রতিটি মুহূর্তকে এমনভাবে উপলব্ধি ও অর্থায়িত করা, যেন প্রতিটি পদক্ষেপেই আমরা রেখে যেতে পারি একটি সজীব চিহ্ন, একটি ব্যঞ্জনাময় প্রতিধ্বনি, যা জীবন ও মৃত্যু-এই দুই বিপরীত সত্তার মধ্যে এক নিগূঢ় সেতুবন্ধন রচনা করে। শেষ প্রস্থানের আগেও, এমন এক উপলব্ধি রেখে যাওয়া জরুরি, যা মৃত্যু-পরবর্তী নীরবতার মধ্যেও প্রতিফলিত হবে মানুষের মনে, স্মৃতি ও সৌন্দর্যবোধে। এই প্রস্তুতি একক কোনো পোকার নয়-এ এক সার্বজনীন সংকেত, এক চক্রের পূর্ণতা। জীবনের নিজস্ব ভাষা আছে, যেখানে প্রতিটি সত্তা, পাতা, ঢেউ কিংবা প্রাণী-জানিয়ে দেয়: 'আমি এসেছি, দেখেছি, অনুভব করেছি এবং এখন আমি প্রস্তুত ফিরে যেতে।' আমরা মানুষ, যারা কথায় ও বিশ্লেষণে অভ্যস্ত, প্রায়ই এই নিঃশব্দ শিক্ষাগুলো উপেক্ষা করি। অথচ প্রকৃতি তার প্রতিটি সত্তার মধ্যেই ছড়িয়ে দেয় এক গভীর দর্শন-প্রস্তুতির, পরিণতির, শান্তি ও সাম্যের। পাথের লাল কালো পোকাটি, যার অনন্ত এতটুকু স্থান-কাল ছাড়িয়ে আমাকে এই সমগ্র ভাবনার দিকে টেনে নিয়ে যায়, সে নিজেই হয়ে উঠে এক দার্শনিক নিদর্শন-অপরিমেয়তাকে উপলব্ধি করার প্রেরণা।
ফিলোসোফার হেরাক্লাইটাস বলেছিলেন, 'No man ever steps in the same river twice'-অর্থাৎ 'একই নদীতে দু'বার পা রাখা যায় না-কারণ নদী বদলায়, মানুষও বদলে যায়। তাঁর মতে, পরিবর্তনই বিশ্বব্রহ্মাণ্ডের মৌলিক বাস্তবতা। বাহ্যিকভাবে নদী একই মনে হলেও, তার পানি, তলদেশ, জীবজগৎ প্রতিক্ষণেই রূপান্তরিত হয়। ঠিক তেমনি, আমরা প্রতিটি মুহূর্তে বদলে যাচ্ছি, প্রতিটি সম্পর্ক, প্রতিটি অনুভব, প্রতিটি নীরবতায়-সবকিছুই আগের থেকে ভিন্ন, নতুন, অদ্বিতীয়।
অনুরূপ, যে লাল-কালো পোকাটির থাকার কথা ছিল দুপুরবেলার আলো-ছায়া মেশানো ঘাসের ডগায় কিংবা রাতের শিশিরভেজা পাতার কোলে, সে আজ সেখানে নেই। হয়তো সে ক্লান্ত, হয়তো সে পথ বদলাতে চেয়েছে, কিংবা রূপ নিয়েছে অন্য কোনো প্রাণে, হয়তো পথ ভুলে গেছে সময়ের স্রোতে, কিংবা হয়তো তার ক্ষুদ্র জীবনসমাপ্তি আমাদের অজান্তেই ঘটে যাচ্ছে।
প্রকৃতিতে কিছুই স্থির নয়, কেউই চিরস্থায়ী নয়। সবকিছুই রূপান্তরের ভিতর দিয়ে যায়, প্রতিটি ক্ষণেই সবকিছু একটুআধটু বদলে যায়-আমরা, আমাদের অভিজ্ঞতা, অনুভব, এমনকি সেই ঘাসের ডগায় দাঁড়িয়ে থাকা একফোঁটা জলও।
হেরাক্লাইটাস জগৎকে দেখতেন এক অবিরাম গতিময় বাস্তবতা হিসেবে, যেখানে সবকিছুই সর্বক্ষণ 'হতে থাকা' (বিকামিং) অবস্থায় আছে, কিন্তু কখনোই স্থিরভাবে 'আছে' (বিং) নয়। এই দৃষ্টিভঙ্গিটি হেরাক্লাইটাসকে প্রাচীন দার্শনিক পারমেনিডেসের বিপরীতে দাঁড় করায়। পারমেনিডেস বিশ্বাস করতেন যে প্রকৃত বাস্তবতা হলো স্থির ও অপরিবর্তনীয় এক 'অবস্থান' বা 'অস্তিত্ব' (বিং), যেখানে পরিবর্তন এক প্রকার ভ্রম। অন্যদিকে, হেরাক্লাইটাসের মতে পরিবর্তনই বাস্তবতার একমাত্র ধ্রুব সত্য।
এই যে নিস্তব্ধ রাতের আঁধারে গাছের তলায় দাঁড়িয়ে ভাবছি এত কথা-এই সচেতনতা, এই নীরব চেতনার বীজ বপন করেছে সেই ক্ষুদ্র, নিঃশব্দ লাল-কালো পোকাটি। ঠিক এই মুহূর্তে, আমি আবারও ফিরে তাকাই তার দিকে-সে কোনো শব্দ উচ্চারণ না করেও আমাকে শোনালো অস্তিত্বের সবচেয়ে জটিল ও মৌলিক রূপরাগিণী: জীবন, মৃত্যু এবং এই দুইয়ের মাঝখানে স্থিত থাকা বেঁচে থাকার ক্ষীণ কিন্তু গভীর অনুরণন। তার ধীর গতি, নির্লিপ্ত চলন এবং একটানা সামনের দিকে এগিয়ে চলার আহ্বান এক দর্শন হয়ে ধরা দিল আমার কাছে, 'পরিবর্তন এসেছে, কারণ সময় তা দাবী করেছে; কিন্তু থেমে যেও না। ভয় পেয়ো না। বদলাও, কারণ চলমান থাকাই তোমার উত্তরাধিকার।'
এই প্রবাহেই জীবনের সারবত্তা। আমরা কখনো অবস্থাচ্যুত হই, কখনো পড়ে যাই, কখনো থেমে যাই-তবুও প্রতিটি মুহূর্তে, আমরা সামনে পা বাড়াই, প্রতিটি পদক্ষেপে আমরা প্রস্তুত হই এক অজানা কিন্তু অনিবার্য পরিণতির জন্য। সেইজন্যই আমার প্রস্তুতিও স্থির নয়: আমি প্রস্তুত হচ্ছি প্রতিমুহূর্তের জন্য, সেই অনিবার্য পরিবর্তনের জন্য, যেখানে মৃত্যু নয়, বরং পরিবর্তনের মধ্য দিয়েই জীবনের প্রকৃততা নিজেকে প্রকাশ করে। কারণ জীবন কোনো একক সংজ্ঞায় সীমাবদ্ধ নয়; তা এক অনন্ত অভিযাত্রা-জন্ম থেকে মৃত্যু অবধি, অনুভব থেকে উপলব্ধি পর্যন্ত, এবং অস্তিত্ব থেকে উত্তরাধিকার পর্যন্ত। আমরা প্রতিদিন, প্রতিক্ষণ এক নতুন সত্তায় রূপ নিচ্ছি-একটি শোক, একটি বিয়োগ, একটি সম্পর্ক, কিংবা একটি নীরব মুহূর্ত আমাদের বদলে দেয় নিঃশব্দে। এই বদলকে আলিঙ্গন করাই প্রস্তুতি।
এই প্রবহমানতা, এই সচেতনতাই বলে, 'আমি ক্ষণস্থায়ী, তবু প্রতিটি ক্ষণে আমি একটি চিহ্ন রেখে যেতে পারি-এই বোধই জীবনের প্রকৃততা।'
লেখক: কবি ও কথাসাহিত্যিক, কুইন্স, নিউইয়র্ক।

# প্রবাসী বাংলাদেশী ফোরাম ইন্‌ক ইউএসএ

## সংবর্ধনা

তারিখ: ১৮ অক্টোবর ২০২৫, শনিবার
সময় : বিকাল ৪টা
স্থান : জুইশস সেন্টার
জ্যাকসন হাইটস ৩৭-০৬, ৭৭স্ট্রিট

সুধী,
আগামী ১৮ অক্টোবর শনিবার বিকাল ৪ ঘটিকায় জ্যাকসন হাইটস জুইশস সেন্টারে (৩৭-০৬, ৭৭স্ট্রিট) বিশিষ্ট শিক্ষানুরাগী ও সমাজসেবক জনাব মোশাররফ হোসেন খান চৌধুরী'র এক সংবর্ধনার আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে আন্তরিকভাবে আপনার উপস্থিতি কামনা করছি।

**নিবেদনে**

| | | |
|---|---|---|
| **ফখরুল আলম** | **সামছুদ্দীন আহমেদ শামীম** | **সারোয়ার হোসাইন** |
| আহবায়ক, ৯১৭-৭১৪-২৩৬০ | কোঅর্ডিনেটর, ৬৪৬-২৬০-৫২১২ | সার্বিক তত্ত্বাবধানে ৩৪৭-৩৫০-৫৯৯৯ |

যোগাযোগ: সরোওয়ার হোসাইন ৩৪৭-৩৫০-৫৯৯৯, আবু নাসের ৬৪৬-২৪৭-২৬৫৭, আহসান হাবীব ৭১৮-৬৮৭-২৪৭০, সাকিব মজুমদার ৩৪৭-৪৩৫-৮০০৮, প্রফেসর নমির হোসেন খান ৯১৭২৯৩-৯৮৬৪, শেখ শাহজাহান ৬৪৬-২৬৭-৫১৩৯, নাসির সরকার ৩৪৭-৯৫৫-৭৬৫০, আবদুল মতিন ৬৪৬-৩৮৮-২২২৯, আমজাদ সিদ্দিকী রাজি ৭১৮২০০-৬৪৩৪, আবুল কাশেম রাজু ৩৪৭-২৪১-৯৫২৬

## শিক্ষানুরাগী নিউইয়র্ক প্রবাসী মোশারফ হোসেন খান চৌধুরী সমাজ সেবায় এক অনন্য নাম



একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের সন্তান হয়ে নিজ এলাকায় উচ্চ শিক্ষার দ্বার উন্মোচনের নেশায় যিনি প্রবাসে দিনরাত অক্লান্ত পরিশ্রম করে গড়ে তুলেছেন আটটি শিক্ষা প্রতিষ্ঠান তিনি হলেন, কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলার কৃতিসন্তান নিউইয়র্ক প্রবাসী মোশারফ হোসেন খান চৌধুরী। প্রবাসে থেকেও নিজের জন্মভূমির উন্নয়নে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান এবং সামাজিক উন্নয়নে তাঁর অবদান অপরিসীম। তাঁর প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে হয় হাজারেরও বেশি ছাত্রছাত্রী অধ্যয়নরত। এই প্রতিষ্ঠানগুলোর জন্য তিনি প্রায় পাঁচ একর জমি দান করেছেন, যা তাঁর দেশপ্রেম ও সমাজসেবার প্রতীক। স্কুল প্রতিষ্ঠানগুলো হল, ধান্যদৌল আবদুর রাজ্জাক খান চৌধুরী উচ্চ বিদ্যালয়, মোশারফ হোসেন খান চৌধুরী বিশ্ববিদ্যালয় কলেজ, আবদুল মতিন খসরু মহিলা কলেজ, আপেলা জোবেদা ফোরকানিয়া মাদ্রাসা, তুতু রোহান চাইল্ড প্রি-ক্যাডেট স্কুল। প্রবাস জীবনের সংগ্রাম ও সাফল্য মোশারফ হোসেনের জীবন সংগ্রামের গল্প অনুপ্রেরণাদায়ক। উচ্চ মাধ্যমিক পাস করার পর ১৯৮৩ সালে মাত্র ২০ বছর বয়সে তিনি জীবিকার সন্ধানে কাতার যান। এরপর ১৯৮৯ সালে নিউইয়র্কে পাড়ি জমান এবং জীবিকার প্রয়োজনে ট্যাক্সিক্যাব চালানো, নিউইয়র্কে রাস্তার পাশে ফল বিক্রিসহ বিভিন্ন ধরনের ছোটখাটো কাজ করেন। বর্তমানে তিনি নিউইয়র্কে একটি ফাস্ট ফুডের দোকান চালু করেছেন। তবে তাঁর স্ত্রী ও দুই সন্তান বাংলাদেশেই থাকেন। এ প্রসঙ্গে তিনি বলেন, আমি এখানে একা কোনোরকমে থাকি। স্ত্রী-সন্তানদের নিয়ে গেলে খরচ বেড়ে যেত। তা ছাড়া গ্রামে যে কাজগুলো করছি, সেগুলো করা সম্ভব হতো না। তিনি তাঁর স্ত্রীর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন, যিনি তাঁর অনুপস্থিতিতে পরিবার ও সম্পদ রক্ষণাবেক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। শিক্ষা ও সমাজসেবায় অগ্রণী ভূমিকা পালনকারী মোশারফ হোসেন খান চৌধুরী শুধু শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলাই নয়, নিজ খরচে দুটি গ্রন্থাগারও প্রতিষ্ঠা করেছেন। এছাড়া ঈদগাহ, কবরস্থান, মসজিদের, উন্নয়নেও তাঁর অবদান উল্লেখযোগ্য।

ডায়াবেটিস হাসপাতাল তৈরির জন্য তিনি জমি কিনে দিয়েছেন। বর্তমানে এটি একটি পূর্ণাঙ্গ ডায়াবেটিস হাসপাতাল। গরিব শিক্ষার্থীদের আর্থিক অনটনের কারণে যাতে লেখাপড়া থেকে পিছিয়ে না পড়ে, সে জন্য তিনি একটি ফাউন্ডেশন গড়ে তুলেছেন, যা থেকে নিয়মিত শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। ব্রাহ্মণপাড়ার শ্রীশ্রী কালীমন্দির জরাজীর্ণ অবস্থায় পড়ে ছিল এবং উপাসনা ব্যাহত হচ্ছিল। মন্দির চত্বরে থাকা শতবর্ষী বটগাছটি ৮০ হাজার টাকায় বিক্রি করে মন্দির সংস্কারের উদ্যোগ নেওয়া হয়। সংবাদ মাধ্যমে এই খবর প্রকাশিত হলে মোশারফ হোসেন খান চৌধুরী দ্রুত মন্দির কমিটির সঙ্গে যোগাযোগ করেন এবং এক লাখ টাকায় গাছটি কিনে আবার মন্দিরকেই দান করেন। মন্দির রক্ষা কমিটির সভাপতি তপন কান্তি দেব বলেন, 'এই গাছটি এখন তার আয়ুকাল অবধি বেঁচে থাকবে। এলাকার হিন্দু-মুসলিম সবাই মোশারফ হোসেন খান চৌধুরীর এই মহৎ উদ্যোগের কথা মনে রাখবেন।' সম্মান ও স্বীকৃতি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং কুমিল্লা শিক্ষা বোর্ডে মোশারফ হোসেন খান চৌধুরীর প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কাজ নিয়ে গেলে বিশেষ গুরুত্ব দেওয়া হয়।

কারণ, সবাই জানেন, তিনি প্রবাসে কঠোর পরিশ্রম করে উপার্জিত অর্থ নিঃস্বার্থভাবে দেশের শিক্ষা ও সমাজকল্যাণে ব্যয় করছেন। কুমিল্লা ব্রাহ্মণপাড়ার মানুষ তাঁর অবদান স্বীকার করেন এবং তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে থাকেন। রাজনৈতিক বিষয়ে জানতে চাইলে, পঞ্চাশোর্ধ্ব মোশারফ হোসেন খান চৌধুরী বলেন, রাজনীতির প্রতি শ্রদ্ধা, সম্মান ছিল, আছে এবং থাকবে। তবে আমি ব্যক্তিগতভাবে কোনো রাজনীতির সঙ্গে জড়িত নই। আমার জেলা ও জন্মভূমি ব্রাহ্মণপাড়ার মানুষ আমাকে ভালোবাসে। প্রবাসে থেকেও নিজের জন্মভূমির উন্নয়নে নিবেদিত প্রাণ মোশারফ হোসেন খান চৌধুরী। শিক্ষা, ধর্মীয় প্রতিষ্ঠান, চিকিৎসা এবং সামাজিক উন্নয়নে তাঁর অবদান সত্যিই অনুকরণীয়। তাঁর মহৎ উদ্যোগ ও সমাজসেবামূলক কর্মকাণ্ড ব্রাহ্মণপাড়ার মানুষের মনে চিরস্মরণীয় হয়ে থাকবে।


# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## আন্তর্জাতিক লোকসঙ্গীত সম্মেলনের প্রস্তুতি সভা

৩ পৃষ্ঠার পর

এবারের সম্মেলনে কনভেনারের দায়িত্ব পালন করবেন প্রবাসের বিশিষ্ট চিকিৎসক ডা. হামিদুজ্জামান ও কো- কনভেনার থাকবেন মনিরুল ইসলাম মনির। সম্মেলনে সুর ছন্দের অন্তক বিশিষ্ট সংগীত গুরু এমদাদুল হকের পরিচালনায় লোকসংগীতের অনুষ্ঠানটি পরিচালিত হবে। এছাড়া প্রবাসী কবি সৈয়দ হাসমত আলীর সম্পাদনায় 'সুর' শিরোনামে একটি বর্ণিল স্মরণিকাও প্রকাশিত হবে।

এ সম্মেলনের প্রধান উপদেষ্টা হিসেবে রয়েছেন কাহাদ সোলায়মান, সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন প্রবাসের বিশিষ্ট সংগঠক আবু তালেব চৌধুরী চান্দু।

## নিউইয়র্কে মৌলভীবাজারবাসীর উদ্যোগে মতবিনিময় সভা

৬২ পৃষ্ঠার পর

আদতে সচেষ্ট থাকবো। যেহেতু দলীয় চেয়ারপার্সন সহ ভারপ্রাপ্ত চেয়ারম্যান আমাকে অনেক ভালো জানেন, তাই তাদের নেতৃত্বে সিলেটের উন্নয়নে আমি অবদান রাখার চেষ্টা করব।

সভায় সভাপতিত্ব করেন চৌধুরী নাসের। মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র সহ সভাপতি ও এস্টোরিয়ার ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন ও নুরুল রায় সভা পরিচালনা করেন। অনুষ্ঠিত সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জালাল চৌধুরী। সভায় বক্তারা সততা, নিষ্ঠা ও তৃণমূলের নেতা, সিলেটের কৃতি সন্তান ও সাবেক মন্ত্রী মরহুম এম সাইফুর রহমানের প্রতিচ্ছবি হিসেবে নাছিরুর রহমান-কে দেখতে পান উল্লেখ করেন এবং আগামী নির্বাচনে জনগনের সমর্থন নিয়ে সরকারের গুরুত্বপূর্ণ পদে তাকে দেখতে চান।

সভায় বক্তব্য রাখেন, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, আজমল হোসেন কুনু, জিল্লুর রহমান জিলু, জসিম ভূঁইয়া, সৈয়দ জুবায়ের আলী, হাজী আব্দুর রহমান, আবু সাঈদ আহমেদ, ফয়েজ আহমেদ চৌধুরী, সোহান আহমেদ (টুটুল), শাহ রফিক আলী, মিয়া মোহাম্মদ আলতাফ হোসেন, মাকসুদ চৌধুরী, সাইফুর খান হারুন, সৈয়দ এনাম আহমেদ, এবাদ চৌধুরী, খলিলুর রহমান, সাঈদ তারেক, মনজুর চৌধুরী জগলু, মোহাম্মদ মারুফ মিয়া, এ কে কাইয়ুম, কয়েস আহমেদ, এমদাদ রহমান তরফদার, শফি আহমেদ, হেলাল তরফদার, সুরঞ্জিত কিশোর দাস চৌধুরী প্রমুখ।

সভাটি আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলেন জিল্লুর খান, জুবেল খান, মহসিন মিয়া লাল, টিটু চৌধুরী, ইকু চৌধুরী, গণি খান, সাব্বির, এমাদ আহমেদ চৌধুরী, সায়েক হাসান, আতিক আহমেদ, এম ডি এ রহিম, জাহাঙ্গীর হাসান, মহসিন মিয়া লাল, খলিলুর রহমান, শাহনেওয়াজ আহমেদ, তোফায়েল আহমেদ, খালেদ আফসার সোহাগ, মোহাম্মদ এনায়েত, মির্জা আজম, মোহাম্মদ স্বপন, শহীদুল্লাহ শিকদার, তানিম আহমেদ, স্বপন, আলম খান, উত্তম বনিক, মোহাম্মদ সাবু মিয়া, জাবেদ আহমেদ, আহমেদ রুবেল, আবুল কাশেম, এস আলম, হেলাল চৌধুরী, তৌফিক আহিয়া টিপু, রায়হান পারভেজ, সোহেল শাহিন, সোহেলুর রহমান, এমডি নুরুল হক, মইনুল হক চৌধুরী।

## সারোয়ার বাবুর বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

১ পৃষ্ঠার পর

করেছে। সোশাল মিডিয়ায় অনেকে বলছেন, বাবু এমন কাজ করতে পারেন না। বিশ্বাস করতে কষ্ট হয়। অনেকে প্রশ্ন তুলেছেন, প্রমির চলাফেরার নিয়ে। অনেকে বলছেন, বাবু এমন কিছু করেছেন, যাতে প্রমি পুলিশকে জানাতে বাধ্য হয়েছেন। বাবুর সাথে বারবার যোগাযোগ করেও তাকে পাওয়া যায়নি। প্রমির স্বামী রায়হান তাজ সোশাল মিডিয়ায় তাদের পারিবারিক বিষয় নিয়ে লেখালেখি না করতে অনুরোধ করেছেন।

এ বিষয়ে কন্ঠশিল্পী প্রমি সাংবাদিকদের বলেছেন,১৮৬-১৩ হিলসাইড এভিনিউতে অবস্থিত এক্সিট রিয়েলটরের অফিসে কাজ করেন। সারোয়ার খান বাবুও এই অফিসে রিয়েল এস্টেট এজেন্ট হিসেবে দায়িত্বরত। মঙ্গলবার দুপুর ১ টার দিকে সারোওয়ার খান বাবু অফিসে কাজের কথা বলে তার ডেকে নিয়ে যান।

প্রমি বলেন, আমি তার রুমে ঢুকার পর সারোয়ার দরজা আটকে দেন এবং আমার হাত ধরে টেনে জোরপূর্বক তার দিকে টেনে নেয়ার চেষ্টা করেন এবং আমাকে চুমু দেয়ার চেষ্টা করেন এবং অশালীনভাবে হয়রানীর চেষ্টা করেন। পরে আমি তাঁর হাত থেকে ছুটে রুম থেকে বেরিয়ে আসি এবং ঘটনাটি সাথে সাথে অফিসের ম্যানেজারকে বলি। ঘটনা শুনে ম্যানেজার তাৎক্ষণিক তাঁকে চাকুরিচ্যুত করেন ও তখন ৯১১ এ কল দিয়ে পুলিশ ডাকা হয়।

প্রমি আরো বলেন, খবর পেয়ে পুলিশ অফিসে পৌঁছালে তখন সারোওয়ার সেখান থেকে পালিয়ে যায়। এজন্য পুলিশ তাকে আটক করতে পারেনি। এ বিষয়ে আমি পুলিশের কাছে লিখিত অভিযোগ দিয়েছি । পুলিশ তাকে গ্রেফতার করতে খুঁজছে। তিনি আরো বলেন,' আমি নিউইয়র্কে দীর্ঘ ১ যুগ ধরে কন্ঠশিল্পী হিসেবে পারফর্ম করছি । এছাড়া আমি এনওয়াই পিডি পুলিশ ডিপার্টমেন্টে চাকরি করছি। এবং পার্ট টাইম জব হিসেবে এক্সিট রিয়েলটরেও কর্মরত আছি । আমি চাই তদন্তের মাধ্যমে তার বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণ করা হোক । কারণ আমাদের কমিউনিটিতে এ রকম অপকর্ম যাতে কেউ করার সাহস না পায় ভবিষ্যতে।

প্রমি তাজ ঘটনার সময় চেয়ার দিয়ে নিজেকে রক্ষা করতে গিয়ে সামান্য আহত হয়েছেন। তার মধ্যে এক ধরনের প্যানিক তৈরি হয়েছিল। হাসপাতালে ভর্তি হয়েছিলেন তিনি। গত বুধবার প্রমি হাসপাতাল থেকে বাড়ি ফিরেছেন। উল্লেখ্য প্রমি পুলিশ ডিপার্টমেন্টের অফিসারি টিমে পার্টটাইম কাজ করছেন। ফুল টাইম কাজ করেন এক্সিট রিয়েলিটিতে।

## গাজায় যুদ্ধবিরতির জন্য ট্রাম্পকে বাইডেনের প্রশংসা

৬২ পৃষ্ঠার পর

আমি গভীরভাবে কৃতজ্ঞ ও স্বস্তিবোধ করছি।' তিনি লিখেছেন, 'শেষ পর্যন্ত জীবিত থাকা ২০ জন বন্দি, যারা অকল্পনীয় নরকযন্ত্রণার মধ্যে দিয়ে গেছেন, তারা অবশেষে তাদের পরিবার ও প্রিয়জনদের সঙ্গে পুনর্মিলিত হয়েছে এবং গাজায় যারা অগণিত প্রাণহানি ও ক্ষয়ক্ষতির শিকার হয়েছেন এবং এখন অবশেষে তাদের জীবন পুনর্গঠনের সুযোগ পাচ্ছেন, তাদের জন্যও আমি আনন্দিত।' বাইডেন আরও লেখেন, 'এখন যুক্তরাষ্ট্র ও বিশ্বের সমর্থনে মধ্যপ্রাচ্য এমন এক শান্তির পথে এগোচ্ছে, যা আমি আশা করি স্থায়ী হবে এবং ইসরায়েলি ও ফিলিস্তিনিদের জন্য সমানভাবে শান্তি, মর্যাদা ও নিরাপত্তার ভবিষ্যৎ বয়ে আনবে।'

## বাংলাদেশকে হারাল অস্ট্রেলিয়া

৫২ পৃষ্ঠার পর

ম্যাচের মধ্যে ১টিতে জয় পেলো। হারলো টানা চারটিতে। অস্ট্রেলিয়া ৫ ম্যাচের চারটিতে জয় পেয়েছে এবং ১টি ম্যাচ পরিত্যক্ত হয়েছিল। যার ফলে তাদের অর্জন ৯ পয়েন্ট এবং শীর্ষে রয়েছে দলটি।

## শাটডাউনে ফেডারেল কর্মীদের ছাঁটাই বেআইনী: আদালত

৩ পৃষ্ঠার পর

সমস্ত বাজি বন্ধ হয়ে গেছে, আইনগুলি আর তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তিনি আরও বলেন যে, তিনি বিশ্বাস করেন পরিকল্পিত ছাঁটাইগুলি আংশিকভাবে অগ্রহণযোগ্য, কারণ তারা রাজনৈতিকভাবে অনুপ্রাণিত, এবং রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যের দিকে ইঙ্গিত করেছিলেন যে কর্মকর্তারা ডেমোক্র্যাটদের পক্ষে থাকা কর্মসূচি এবং সংস্থাগুলিকে লক্ষ্যবস্তু করছে। বিচারক বলেন, যে রাজনীতি যা ঘটছে তা এই মামলায় উচ্চস্বরে প্রচার করা হচ্ছে এবং এমন কিছু আইন রয়েছে যা নিয়ন্ত্রণ করে যে আমরা কীভাবে কাজগুলি করতে পারি। আমরা কীভাবে কাজ করি তা নিয়ন্ত্রণ করে এমন আইনগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এখানে যে কার্যকলাপ করা হচ্ছে তা আইনের পরিপন্থী। সেপ্টেম্বরের শেষের দিকে একটি মেমো জারি করার পরে ট্রাম্প প্রশাসন শুক্রবার একাধিক সংস্থার প্রায় ৪,১০০ কর্মচারীকে শক্তি হ্রাস বা আরআইএফ নোটিশ জারি করতে শুরু করে, যদি সরকার বন্ধ হয়ে যায় তবে সংস্থাগুলিকে ব্যাপক ছাঁটাইয়ের জন্য প্রস্তুত থাকতে বলা হয়। ১ অক্টোবর থেকে শাটডাউন শুরু হয়। হোয়াইট হাউস বলেছে যে, তারা আরও ছাঁটাই বাস্তবায়ন করতে চায়। বুধবার রায়টি জারি হওয়ার আগে, অফিস অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট ডিরেক্টর রাস ভট বলেছিলেন যে ছাঁটাই সম্ভবত ১০,০০০ এর উপরে পৌঁছবে। তিনি বলেন, আমরা অবশ্যই হাজার হাজার মানুষের কথা বলছি। বেশিরভাগ প্রতিবেদন আদালতের ফ্লাপশটগুলির উপর ভিত্তি করে করা হয়েছে, যা তারা ৪,০০০ জনের মধ্যে প্রকাশ করেছে। তবে এটি কেবল একটি স্ন্যাপশট এবং আমি মনে করি এটি আরও অনেক বেশি হবে , বুধবারচলা চার্লি কার্ক শো-এ ভট বলেন।

## সিলেটের উন্নয়ন দাবিতে নিউইয়র্কে মানবন্ধন

৩ পৃষ্ঠার পর

এখনো ম্লান। সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ-এই চার জেলার মানুষ এখনো মনে করেন, উন্নয়ন তাদের দোরগোড়ায় পৌঁছায় না। অথচ দেশের বৈদেশিক মুদ্রার অন্যতম প্রধান উৎস এই প্রবাসী সিলেটবাসীরাই। অথচ নিজ অঞ্চলই পড়ে আছে প্রশাসনিক অবহেলার ছায়ায়। যদি এই বঞ্চনা চলতেই থাকে, তাহলে বিরক্তি বিক্ষোভে পরিণত হবে, আর বিক্ষোভ হয়তো একদিন বিচ্ছিন্নতার পথে গড়াবে। সমাবেশ শেষে সিলেটবাসীরা বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার কাছে একটি স্মারকলিপি প্রেরণ করে। এতে তারা তুলে ধরেছেন বৃহত্তর সিলেট অঞ্চলের দীর্ঘদিনের উন্নয়ন বঞ্চনা, বৈষম্য, এবং অবিলম্বে কার্যকর পদক্ষেপের দাবি।

স্মারকলিপিতে বলা হয়, স্বাধীনতার পঞ্চাশ বছর পরও সিলেট অঞ্চল অবহেলিত। রাস্তাঘাট ভাঙাচোরা, হাসপাতালের সেবা করুণ, রেললাইন জরাজীর্ণ, বিমানবন্দর সীমিত ক্ষমতার। উন্নয়ন প্রকল্প অনুমোদন হলেও তহবিলের অর্থ ছাড় হয় না-অগ্রগতি থেমে থাকে কাগজে-কলমে। সিলেটবাসীর দাবিগুলোর মধ্যে রয়েছে- ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরকে পূর্ণাঙ্গ আন্তর্জাতিক মানে উন্নীত করা, ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের আধুনিকায়ন, ঢাকা-সিলেট মহাসড়ককে দ্রুত ছয় লেনে উন্নীত করা, সিলেট-ঢাকা ও সিলেট চট্টগ্রাম রুটে নতুন ট্রেনের ব্যবস্থা করা, সিলেট-কক্সবাজার রুটে ট্রেন চলাচল শুরু করা, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষকে (এসডিএ) কার্যকর করা, প্রবাসীদের স্থাবর সম্পত্তি রক্ষায় আইনগত নিশ্চয়তা প্রদান, প্রতিটি জেলায় প্রবাসী বিষয়ক মনিটরিং সেল গঠন করা, বিমানবন্দর ও সরকারি অফিসে প্রবাসীদের হয়রানি বন্ধে কঠোর ব্যবস্থা নেয়া ইত্যাদি। এছাড়া, সিলেটের চিকিৎসা ও শিক্ষা খাতে উন্নয়ন, অফিস-আদালতে ঘুষ বন্ধ করা, বিদ্যুৎ সরবরাহে স্থানীয় উৎপাদনকে অগ্রাধিকার, সিলেটের নদী-খাল রক্ষা, অবৈধ দখলদারদের উচ্ছেদ এবং পর্যটন এলাকাগুলো সরকারি উদ্যোগে সংরক্ষণ ও উন্নয়নের দাবিও করা হয়।

সমাবেশে উপস্থিত ছিলেন, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আজিজুর রহমান সেলিম, ব্রুকলিন কমিউনিটি লিডার আব্দুল শহীদ, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক প্রেসিডেন্ট রানা ফিরদৌস, বর্তমান প্রেসিডেন্ট বদরুল খান, কমিউনিটি এক্টিভিস্ট দিলারুল ইসলাম বাবলা, মুক্তিযোদ্ধা মুকিত চৌধুরী, সাংবাদিক মাহফুজুর রহমান, এক্টিভিস্ট মেরি জোবায়দা, নূরে আলম জিকু, রিজু মোহাম্মদ, সেলিনা উদ্দিন, মাহবুব রহমান, শাহ মুজিবুর রহমান জকন, সালেহ চৌধুরী, আশিক উদ্দিন, শেখ আতিক, সৈয়দ উজ্জ্বল প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন জালালাবাদ অ্যাসোসিয়েশনের সেক্রেটারি রোকন হাকিম ও সাংবাদিক ইব্রাহীম চৌধুরী খোকন।





# মধ্যপন্থার ধর্ম ইসলাম

ইফতেখারুল হক হাসনাইন



'মধ্যপন্থা' ইসলামের অনন্য ও গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য; যা 'ভারসাম্য' বলেও অভিহিত। মধ্যপন্থা বা ভারসাম্য বলতে দুটি পরস্পরবিরোধী বিষয়ের মাঝে এমন সমন্বয়কে বোঝায়, যাতে কোনো একটি বিষয় অতিরিক্ত প্রাধান্য না পায় এবং অপরটি অবহেলিত ও উপেক্ষিত না হয়। খোদায়ি দাসত্ব, আধ্যাত্মিকতা ও বস্তুবাদ, পরকাল ও ইহকাল, ওহি ও বুদ্ধি, অতীত ও ভবিষ্যত, ব্যক্তিস্বাতন্ত্র্য ও সমষ্টিগততা, স্থিরতা ও পরিবর্তন- এসবে ইসলাম ভারসাম্য বজায় রাখে। এ ভারসাম্য মানে হলো, প্রতিটি বিষয়ের অধিকার ও সীমা সংরক্ষণ করা; যাতে কোনো কিছুর প্রতি অবিচার, অতিরঞ্জন বা জুলুম না হয়।

আকিদা ও দর্শনে ভারসাম্য : অনেকে আকিদা-বিশ্বাসে অতিরঞ্জন করে। আবার অনেকে বস্তুবাদী; যারা কেবল ইন্দ্রিয়গ্রাহ্য জিনিস ছাড়া অন্য কিছু মানে না। ইসলাম এ দুই সীমালংঘনের মাঝে একটি ভারসাম্যপূর্ণ পথ দেখায়। এমন বিশ্বাসের আহ্বান জানায়, যা যুক্তি ও প্রমাণের ওপর দাঁড়িয়ে আছে। আল্লাহ বলেন, 'তোমরা প্রমাণ পেশ কর, যদি সত্যবাদী হও।' *(সুরা বাকারা : ১১১)*। কিছু মানুষ স্রষ্টার অস্তিত্বই মানে না। আবার অনেকে গাছ, পাথর, প্রাণী বা মূর্তিকে উপাস্য মনে করে। ইসলাম এক ও অদ্বিতীয় আল্লাহর প্রতি বিশ্বাসের আহ্বান জানায়, যিনি সবকিছুর স্রষ্টা। তিনি ছাড়া কোনো সৃষ্টি উপাস্য হতে পারে না। আল্লাহ বলেন, 'যারা আল্লাহ ছাড়া অন্য কিছুর কাছে প্রার্থনা করে, তারা পথভ্রষ্ট।' *(সুরা আহকাফ : ৫)*। কিছু মানুষ এ দুনিয়াকে একমাত্র সত্য মনে করে। অনেকে আবার একে কল্পনা বা মরীচিকা ভাবে। ইসলাম বলে, এ বিশ্বজগত সত্য; কিন্তু এর পেছনে রয়েছে আরেকটি মহান সত্য। আল্লাহ এটি সৃষ্টি করেছেন ও পরিচালনা করছেন।

এরপর ৩৮ পৃষ্ঠায়

# মানুষকে অজান্তেই ধ্বংস করে হিংসা

মাওলানা শরিফ হাসান শাহীন

মানুষের অন্তরে এমন কিছু গোপন রোগ বাস করে, যা চোখে দেখা যায় না, কিন্তু ধীরে ধীরে তা আত্মাকে ভেতর থেকে পুড়িয়ে ধ্বংস করে। তার মধ্যে সবচেয়ে ভয়াবহ রোগগুলোর একটি হলো হিংসা। হিংসা এমন এক আগুন, যা অন্যের প্রাপ্ত অনুগ্রহ ও সাফল্যে জ্বলে ওঠে, আর সেই আগুনে শেষ পর্যন্ত হিংসুক ব্যক্তির নিজের অন্তর, তার শান্তি ও নেক আমল ছাই হয়ে যায়।

হজরত আদম আ.-এর দুই পুত্র, হাবিল ও কাবিলের মধ্যে কাবিল তার ভাইকে হিংসা করেছিল। হজরত আদম আ.-এর দুই পুত্র, হাবিল ও কাবিলের মধ্যে কাবিল তার ভাইকে হিংসা করেছিল। আল্লাহ তাআলা বলেন, তারা কি মানুষকে হিংসা করছে, যেহেতু আল্লাহ তাদেরকে তার অনুগ্রহ থেকে দিয়েছেন? *(সুরা নিসা: ৫৪)* অর্থাৎ, হিংসা আসলে আল্লাহর ফয়সালায় অসন্তুষ্ট হওয়ার নাম। যে ব্যক্তি অন্যের নিয়ামত দেখে কষ্ট পায়, সে মূলত আল্লাহর দেওয়া নিয়ামত বণ্টনের বিরোধিতা করে।

হিংসা মানব ইতিহাসের প্রথম হত্যার কারণ : হজরত আদম আ.-এর দুই পুত্র, হাবিল ও কাবিলের মধ্যে কাবিল তার ভাইকে হিংসা করেছিল। অবশেষে হিংসা ও অহংকার তাকে তার ভাইকে হত্যা করতে উদ্বুদ্ধ করল, ফলে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে গেল। *(সুরা মায়িদা: ৩০)*

এরপর ২৮ পৃষ্ঠায়



# ফিলিস্তিনের জন্য জেগে ওঠো দুনিয়া

আবু তালহা তারীফ



স্মরণকালের সবচেয়ে বর্বরতার শিকার হচ্ছে ফিলিস্তিনের মুসলমানরা। সভ্যতার এ আধুনিক সময়েও এভাবে নির্মমভাবে নারী-পুরুষ ও শিশুদের হত্যা করা প্রমাণ করে, সভ্যতার সবক যারা দিচ্ছে ভেতরটা তাদের কত বেশি কালো। ফিলিস্তিনদের ওপর এ নির্মমতার শুরু ইসরাইল রাষ্ট্র গঠনের মাধ্যমে। ইসরাইল প্রতিষ্ঠার পটভূমি বহু পুরোনো। ইহুদিরা হিব্রু সম্প্রদায় হিসাবে পরিচিত, যেহেতু তাদের ভাষা হিব্রু। মুসা (আ.) তাদের মিসর থেকে সিনাই উপত্যকা হয়ে কেনানে ফিরিয়ে আনার পর থেকে *(খ্রিষ্টপূর্ব আনুমানিক ১৪০০ সাল)* তারা জেরুজালেমে বসবাস করছিল। তবে দুই হাজার বছরের বেশি আগে *(৭০ খ্রিষ্টাব্দে)* রোমানরা জেরুজালেমে ইহুদিদের দ্বিতীয় মন্দির ধ্বংস করে তাদের জোরপূর্বক তাড়িয়ে দেয়। মূলত ইহুদির নাফরমানির কারণেই দুনিয়াতে তারা বিতাড়িত ও অভিশপ্ত জাতিতে পরিণত হয়। এ সম্পর্কে আল্লাহ বলেন, তাদের যেখানেই পাওয়া যাক, তাদের ওপর লাঞ্ছনার ছাপ মেরে দেওয়া হয়েছে। *(সূরা আলে ইমরান, ১১২)*।

আল্লাহর আয়াত অস্বীকার আর নবীদের হত্যার মতো ঘৃণ্য অপরাধের কারণে বিতাড়িত ইহুদিরা শুরু থেকেই চাচ্ছে, ফের জেরুজালেমে বসতি স্থাপন করে সারা বিশ্বকে তারা নেতৃত্ব দেবে। এ নিয়ে একটি নীলনকশাও আছে তাদের। যাকে বলা হয় জায়ানিজম। এটা একটা বিশেষ দৃষ্টিভঙ্গি ও পরিকল্পনার নাম। অর্থাৎ ইহুদিরাই গোটা বিশ্ব শাসন করার অধিকার রাখে। আর ইহুদিদের কেন্দ্র ওখানে স্থাপিত হবে, যেখানে বাইতুল মুকাদ্দাস রয়েছে। সেখান থেকে আশপাশের অঞ্চলে আক্রমণ করে করে সাম্রাজ্য বিস্তার করা হবে। এভাবে ওরা পুরো বিশ্ব শাসন করবে। এ বিবেচনায় প্রথমে ওরা সেখানে কিছু জমি খরিদ করতে আরম্ভ করে। যাতে ইহুদিদের সেখানে ঘাঁটি তৈরি করা যায়। এটা ১৯২০ সালের

এরপর ৩৮ পৃষ্ঠায়



# সৎ ব্যবসায়ীদের গুণাগুণ

তাবাসসুম মাহমুদ

নবীজি (সা.) ও সাহাবিদের অনেকেই ব্যবসা করেছেন; যা আমাদের আদর্শ। তা ছিল ন্যায়-নীতি ও সত্যের। সৎ ব্যবসায়ীদের জন্য রয়েছে ইহ-পরকালীন সুসংবাদ। তেমনি অসৎ ব্যবসায়ীদের জন্য রয়েছে ইহ-পরকালীন দুঃসবাদ। সৎপন্থায় ব্যবসা করলে তা দুনিয়া ও আখেরাতে সুফল বয়ে আনে। অসৎপন্থায় ব্যবসা করলে উভয় জগতের ব্যর্থতা ও কুফল রয়েছে। ইসলামের দৃষ্টিতে ব্যবসায়ীদের কেমন হতে হবে, তার কিছু নির্দেশনা তুলে ধরা হলো-

ধোঁকা না দেওয়া : ব্যবসায় সৎ থাকা জরুরি। গ্রাহক যখন বুঝতে পারবে, বিক্রেতা সৎ, তখন পরবর্তীতে সে আবারও সেই দোকানে আসবে। এর মাধ্যমে তার ব্যবসার উন্নতি সাধন ঘটবে। বিক্রেতা অসৎ হলে পরবর্তীতে সে ওই দোকানদারের ধারে ঘেঁষবে না। এটা ব্যবসায়ীর জন্য ক্ষতির কারণ হবে। ইসলামের দৃষ্টিতে এটি খুবই অপছন্দনীয়। মন্দ জিনিস ভালো বলে চালিয়ে দেওয়া, ভালোর সঙ্গে মন্দের মিশ্রণ ঘটিয়ে ধোঁকা দেয়া সম্পূর্ণ হারাম। আবু হুরায়রা (রা.) সূত্রে বর্ণিত; একদিন রাসুল (সা.)

এরপর ৩৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City অক্টোবর ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 18 | 5:55 | 7:11 | 12:41 | 3:43 | 6:11 | 7:26 |
| 19 | 5:56 | 7:12 | 12:41 | 3:42 | 6:09 | 7:25 |
| 20 | 5:57 | 7:13 | 12:41 | 3:41 | 6:08 | 7:23 |
| 21 | 5:58 | 7:14 | 12:41 | 3:40 | 6:06 | 7:22 |
| 22 | 6:00 | 7:15 | 12:40 | 3:39 | 6:05 | 7:21 |
| 23 | 6:01 | 7:16 | 12:40 | 3:38 | 6:04 | 7:19 |
| 24 | 6:02 | 7:17 | 12:40 | 3:36 | 6:02 | 7:18 |

source: salahtimes.com

## প্রবাসীদের ভোটার আইডির নামে মূলা

১ পৃষ্ঠার পর

পরিস্থিতিতে হাজার হাজার মানুষকে ভোটার আইডি প্রদানের সক্ষমতা বর্তমানে কনস্যুলেট বা দূতাবাসের নেই। নেই কোন জনবল ও লজিস্টিক্যাল সাপোর্ট। এটি একটি চলমান প্রক্রিয়া। প্রবাসীদের আকাংখার প্রতিফলন সরকার ঘটিয়েছেন। কিন্তু বাস্তবতার কারনেই সকল প্রবাসীকে ভোটার আইডি ফেব্রুয়ারির নির্বাচনের আগে দেয়া সম্ভব নয়। বাংলাদেশ থেকে জনবল এনে কার্যক্রম বাড়ানো কি সম্ভব নয়? জবাবে প্রেস মিনিস্টার বলেন, এমন অনুরোধ আমরা করেছি। জবাবের অপেক্ষায়। তবে একটি প্রক্রিয়া শুরু হয়েছে। যে দাবিটি প্রবাসীরা দীর্ঘদিন করে আসছিলেন। যুক্তরাষ্ট্রে প্রবাসী সকল বাংলাদেশিকে ভোটার আইডি/ন্যাশনাল আইডির আওতায় আনতে অনেক সময় লাগবে। এই প্রক্রিয়াটি চলমান রাখতে আমাদের গুরুত্ব দিতে হবে।

## বাংলাদেশ সোসাইটির মতবিনিময়

৬৪ পৃষ্ঠার পর

নবান্ন পার্টি হলে বাংলাদেশ সোসাইটির উদ্যোগে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর পরিচালনায় মতবিনিময় সভায় প্রধান অতিথি এবং মুল বক্তা ছিলেন নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক। এ সময় মঞ্চে উপবিষ্ট ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারন সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, বিশিষ্ট ব্যবসায়ী নুরুল আজিম, বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আজিজুর রহমান সোহেল, আনোয়ারুল আলম, বাংলাদেশ সোসাইটির কর্মকর্তা হাসান জিলানী প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। তিনি বলেন, বাংলাদেশ সোসাইটির পক্ষ থেকে আমরা আন্দোলন করে আসছিলাম এবং দাবি জানিয়ে আসছিলাম যাতে করে প্রবাসী বাংলাদেশিদের ভোটাধিকার দেওয়া হয়। বর্তমান অন্তর্বর্তী সরকার আমাদের সেই দাবি পূরণ করেছে।

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ প্রবাসী বাংলাদেশিদের দাবি পূরণের জন্য বর্তমান সরকারকে ধন্যবাদ জানান এবং কনসাল জেনারেলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন আজকের অনুষ্ঠানে এসে বিষয়টি সবার সামনে উপস্থাপনের জন্য।

কনসাল জেনারেল মোহাম্মদ হক বলেন, বাংলাদেশের পাসপোর্টধারী এবং আমেরিকায় জন্মগ্রহণকারী ১৮ বছরের অধিক বয়সী (২০০৮ সালের ১ জানুয়ারির আগে জন্মগ্রহণকারী) সন্তানরাও পাবেন এনআইডি (ন্যাশনাল আইডেন্টিটি কার্ড)। আবেদনের সময় জন্মগত সার্টিফিকেটের কপি অথবা নম্বর এবং বাংলাদেশি পাসপোর্টের কপি। মেয়াদের কোনো বিষয় নেই বাংলাদেশি পাসপোর্ট হলেই হবে। এ পাসপোর্টের নাম, জন্ম তারিখ এবং বার্থ সার্টিফিকেটের নাম ও জন্মতারিখে গরমিল হলে চলবে না। ইতিমধ্যেই যারা বাংলাদেশে আবেদন করেছেন তারা এখান থেকে আর কোন সুযোগ পাবেন না অর্থাৎ তাদের নতুন করে আবেদনের প্রয়োজন নেই। কারণ নিউইয়র্ক থেকে শুধু নয়া এনআইডি কার্ড ইস্যু করা হবে। প্রথমে এনআইডির জন্য আবেদন করা হবে। পরবর্তীতে ভোটার হতে হবে। আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, এনআইডি পাওয়ার পর যারা প্রবাস থেকে ভোটার হবেন তারা এখান থেকে ভোট দিতে পারবেন আর ভোটার না হলে তারা এনআইডির মাধ্যমে বাংলাদেশে গিয়ে ভোট দিতে পারবেন। পাসপোর্ট, জন্মসনদের পাশাপাশি গুরুত্বপূর্ণ হচ্ছে বাংলাদেশে যার নাম এবং যোগাযোগের নম্বর দেবেন। তাকে পুরো বিষয়টি বুঝিয়ে বলবেন। তা না হলে পুরো বিষয়টি ঝুলে যেতে পারে। তিনি আরো বলেন, নিউইয়র্ক বাংলাদেশ কন্স্যুলেটে থেকেও এটা করা যাচ্ছে। প্রয়োজনীয় লোকবলের অভাবে একটু ধীরগতিতে চলছে। তবে আগামী দিনের আরো দ্রুত করা হবে।

## সংগীতশিল্পী জাকারিয়া আর নেই

৬৪ পৃষ্ঠার পর

লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধিন ছিলেন। বাংলাদেশের পপগুরু আজম খান-এর গান তিনি অসাধারণভাবে পরিবেশন করতেন এই জাকারিয়া মহিউদ্দিন। যা তাঁকে নিউ ইয়র্কের বাঙালি মহলে বিশেষ খ্যাতি এনে দেয়। নানা ধরনের গিটার বাজানোর পারদর্শিতায়ও তিনি হয়ে উঠেছিলেন সঙ্গীতপ্রেমীদের প্রিয় মুখ। পপগুরু আজম খানকে স্মরণ করে নিউ ইয়র্কে এক বিশেষ কনসার্ট আয়োজনের পরিকল্পনা করেছিল সাউথ এশিয়ান মিউজিক সোসাইটি। সংগঠনের অন্যতম পরিচালক হিসেবে এই আয়োজনের বিশেষ দায়িত্বও নিয়েছিলেন জাকারিয়া মহিউদ্দিন। পপ গুরু হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় তিনি আর সেই অনুষ্ঠানে অংশ নিতে পারেননি। গত কয়েক মাস ধরে তিনি হাসপাতালের শয্যায় চিকিৎসাধীন ছিলেন। প্রবাসী বাঙালি মহলে তাদের প্রিয় শিল্পীর মৃত্যুর খবরে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

জাকারিয়া মহিউদ্দিন পঁয়ত্রিশ বছর আগে যুক্তরাষ্ট্রে আসেন ছাত্র হিসেবে এবং পড়াশুনা করেন ইয়ংস্টাউন ইউনিভার্সিটিতে। সংগীত চর্চায় তিনি ছিলেন নিবেদিত প্রাণ। গিটার বাজাতেন অসাধারণ এবং সংগ্রহে ছিল অনেক ধরনের গিটার। তাঁর বাসায় অনেক সময় কাটাতেন বিখ্যাত আইয়ুব বাচ্চু এবং ওদের দুজনের চেহারার অদ্ভুত মিল ছিল। জাকারিয়া মহিউদ্দিনের স্ত্রী বীনা বর্মন একজন বিশিস্ট সংগীতশিল্পী ও নৃত্যশিল্পী। জাকারিয়া বিড়াল খুব পছন্দ করতেন এবং এই মুহূর্তে তাঁর বাসায় ২৪টি বিড়াল আছে। কাকতালীয়ভাবে গতকাল তাঁর বাসার একটি বিড়ালও মারা গেছে বলে তাঁর স্ত্রী বীনা বর্মন জানান।

## সেনা কর্মকর্তাদের বেসামরিক আদালতে আনুন

১ পৃষ্ঠার পর

হেফাজতে রাখা হয়েছে বলে জানানো হয়। এর পরই জাতিসংঘ থেকে গত বুধবার এই আহবান জানানো হয়েছে। তারা জানায়, কর্তৃপক্ষকে সামরিক হেফাজতে রাখা সেনা কর্মকর্তাদের দ্রুত একটি উপযুক্ত বেসামরিক আদালতে বিচারের আহ্বান জানানো হয়েছে। গত সরকারের আমলে জোরপূর্বক অন্তর্ধান ও নির্যাতনসহ মানবতাবিরোধী অপরাধের তিনটি মামলায় বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গ্রেপ্তারি পরোয়ানা জারি করার কয়েকদিন পর বুধবার ওএইচসিএইচআর গণমাধ্যমের এক বিবৃতিতে এই আপিল করা হয়।

অভিযোগগুলি দুটি স্থাপনায় রিপোর্ট করা ঘটনার সাথে যুক্ত- জিজ্ঞাসাবাদের জন্য টাস্কফোর্স (টিএফআই) সেল এবং যৌথ জিজ্ঞাসাবাদ সেল (জেআইসি)। ট্রাইব্যুনাল আনুষ্ঠানিক অভিযোগ গ্রহণ করেছে এবং ২৫ জন কর্মকর্তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে, যাদের বেশিরভাগই প্রাক্তন, তবে বাংলাদেশ সেনাবাহিনীর কিছু কর্মরত সদস্যও রয়েছেন।

বিবৃতি অনুসারে, মানবাধিকার প্রধান ভলকার তুর্ক বলেছেন যে, দেশে জোরপূর্বক অন্তর্ধানের জন্য এই প্রথম আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করা হয়েছে, এটিকে ন্যায়বিচার এবং ভুক্তভোগীর পরিবারের জন্য একটি 'গুরুত্বপূর্ণ মুহূর্ত' হিসাবে বর্ণনা করেছেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে সেনাবাহিনী অবিলম্বে এই আটক কর্মকর্তাদের একটি উপযুক্ত অসামরিক আদালতে হাজির করবে, যাতে সুষ্ঠু ও স্বচ্ছ ফৌজদারি কার্যধারার জন্য।

আমরা আন্তর্জাতিক আইনের নিশ্চয়তা অনুযায়ী যথাযথ প্রক্রিয়া এবং সুষ্ঠু বিচারের সবচেয়ে বিচক্ষণ মানদণ্ডগুলির প্রতি পূর্ণ সম্মানের আহ্বান জানাই। এই সংবেদনশীল ও গুরুত্বপূর্ণ মামলাগুলিতে ভুক্তভোগী ও সাক্ষীদের সুরক্ষা নিশ্চিত করতে হবে।

গত শনিবার এক সংবাদ সম্মেলনে সেনাবাহিনী নিশ্চিত করেছে যে, ওয়ারেন্টে নাম থাকা ১৫ জন কর্মরত কর্মকর্তাকে আটক করে সামরিক হেফাজতে রাখা হয়েছে। পরের দিন, স্বরাষ্ট্র মন্ত্রক একটি বিজ্ঞপ্তি জারি করে তাদের রাখার জন্য ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে একটি ভবনকে অস্থায়ী কারাগারের সুবিধা হিসাবে ঘোষণা করে। পৃথকভাবে, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বিশেষ ব্যবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে, মনোনীত সামরিক কারাগারের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছে এবং বিচার ব্যবস্থার অধীনে সমান আচরণের আহ্বান জানিয়েছে।

এটি স্মরণ করিয়ে দেয় যে ২০২৪ সালের আগস্টে দেশটি জাতিসংঘের বলপূর্বক অন্তর্ধান সম্পর্কিত কনভেনশন এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের সংশোধনীর অনুমোদনের পরে প্রথমবারের মতো বাংলাদেশে জোরপূর্বক অন্তর্ধানকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেওয়া হয়েছিল। হাইকমিশনার কর্তৃপক্ষকে বিপুল সংখ্যক বিচারাধীন মামলার সমাধানকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানান-কিছু পূর্ববর্তী সরকারের সময় থেকে, অন্যরা তখন থেকে এবং প্রতিটি ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া নিশ্চিত করার জন্য। তিনি বলেন, প্রতিটি মামলায় যথাযথ প্রক্রিয়া ও সুষ্ঠু সমাধান নিশ্চিত করা এবং নির্বিচারে আটক যে কাউকে অবিলম্বে মুক্তি দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## সরকার ও সেনাবাহিনীর দূরত্ব বাড়ছেই

১ পৃষ্ঠার পর

নিয়েছে। বাংলাদেশে এত বেশি কর্মরত সেনা কর্মকর্তার বিরুদ্ধে আগে কখনও এভাবে মামলা দায়েরের কথা শোনা যায়নি। ফলে খবরটা চাউর হওয়ার পর নড়েচড়ে উঠেছেন।

সেনাবাহিনী গত ১১ আগস্ট অভিযুক্ত ১৫ জন সেনাকর্মকর্তাকে নিজেদের হেফাজতে নিয়েছে। মেজর জেনারেল কবির আহমেদ পালিয়ে গেছেন। তিনি শেখ হাসিনার আমলে প্রধানমন্ত্রীর সামরিক সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। আর এই বিষয়ে ব্যাখ্যা দিয়েছেন তাজুল ইসলাম। তিনি বলেছেন, আসামী গ্রেফতার হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে আদালতে তাদের হাজির করতে হবে। এইক্ষেত্রে সেনাবাহিনীর হেফাজতে নেওয়াকে গ্রেফতার হিসাবে গণ্য করা হচ্ছে না। তাজুল ইসলাম বলেন, ট্রাইব্যুনাল পুলিশকে গ্রেফতারের নির্দেশ দিয়েছে। তবে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা ক্যান্টনমেন্টের একটি বাড়িকে অস্থায়ী কারাগার হিসাবে ঘোষণা দিয়েছে। এতে করে স্পষ্ট যে, সেনা কর্মকর্তাদেরকে রাখার জন্যেই এই ভবনকে কারাগার ঘোষণা করা হয়েছে। সেনাবাহিনীর যে সকল উচ্চ পর্যায়ের কর্মকর্তাকে হেফাজতে নেওয়া হয়েছে তাদের মধ্যে দুইজন মেজর জেনারেল, হয়জন ব্রিগেডিয়ার জেনারেল, বেশ কয়েকজন লেফটেন্যান্ট কর্নেল এবং কর্নেল রয়েছেন।

সেনাবাহিনীর এই সকল কর্মকর্তা শেখ হাসিনার আমলে র‍্যাব কিংবা ডিজিএফআইয়ে কর্মরত ছিলেন। ওই সময়ে তারা অনেককে গুম করেছেন বলে অভিযোগ উঠেছে। সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির পর 'মায়ের ডাক' নামের একটি সংগঠন তাদের বিচারের দাবিতে আইসিটি'র সামনে (মাজার গেট) বিক্ষোভ করেছে। শেখ হাসিনার আমলে যত মানুষ গুম হয়েছেন; ওই সকল স্বজন হারাদের সংগঠনের নাম মায়ের ডাক। এদিকে, সেনাবাহিনীর সাবেক কর্মকর্তারা একটি সংবাদ সম্মেলন করে সেনা কর্মকর্তাদেরকে সামরিক আদালতে বিচারের দাবি করেন। বেসামরিক আদালতে বিচার না করার দাবি করেন। জাতিসংঘের মানবাধিকার সংস্থার প্রধান ভলকার তুর্ক এক বিবৃতিতে সেনা বিচার করার দাবি জানান। তবে তিনি বলেন যে, সেনা কর্মকর্তাদের বেসামরিক আদালতে হাজির করার আহ্বান জানান।

এইসব ঘটনা প্রবাহ বহির্বিশ্বে বাংলাদেশ সেনাবাহিনীর সুনাম ক্ষুন্ন হতে পারে। বাংলাদেশ সেনাবাহিনী জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কাজ করেন। এখন বাইরের দেশে বাংলাদেশের সেনা কর্মকর্তারা কী বলে পরিচয় পাবেন। তবে সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ এখনও প্রমাণিত হয়নি। কিন্তু দুনিয়ার মানুষ মনে করতে পারে যে, বাংলাদেশের সেনারা গুমের কাজে জড়িত। এই ধরনের এক একটি কাজ করে সেনাবাহিনীকে বিতর্কিত করা হচ্ছে। এই নিয়ে অন্তর্বর্তী সরকারের সঙ্গে সেনাবাহিনীর বিরোধ এখন চরম আকার ধারণ করেছে। এই বিষয়টা আরও স্পষ্ট হয়, জাতীয় ঐকমত্য কমিশনের এক বৈঠকে বিএনপি নেতা সালাউদ্দিন আহমেদের এক বক্তব্যে। ড. মুহাম্মদ ইউনূসের সামনে তাকে লক্ষ্য করে সালাউদ্দিন বলেন, 'আপনার সঙ্গে প্রতিরক্ষা বাহিনীর সুসম্পর্ক থাকুক'।

অন্তর্বর্তী সরকার এবং সেনাবাহিনী যে মুখোমুখি বিরোধে জড়িয়েছে তা এখন ওপেন সিক্রেট। প্রশ্ন হলো, ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় নির্বাচনে এই বিরোধ কোনও প্রভাব ফেলবে কিনা? এটা স্পষ্ট যে, সেনাবাহিনী বাংলাদেশের রাষ্ট্রক্ষমতা নিতে চায় না। কারণ তাদের সামনে অনেক সুযোগ এসেছে। তখনও ক্ষমতা দখল করেনি। তবে বিরোধের জায়গাটা এমন হয়েছে যে, তার প্রভাব নির্বাচনে ফেলতে পারে। জোটে একটা অনিশ্চয়তার সৃষ্টি করতে পারে। এটাই হলো শঙ্কার বিষয়।

## ল'সোসাইটির ফ্যামিলি নাইট অনুষ্ঠিত

১ পৃষ্ঠার পর

অ্যাডভোকেট এম মতিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সোসাইটির প্রতিষ্ঠাতা সভাপতি ও বর্তমান উপদেষ্টা অ্যাডভোকেট কাজী শামসুদ্দোহা, এটর্নী খায়রুল বাসার, সোসাইটির সাবেক সভাপতি অ্যাডভোকেট মুজিবুর রহমান, সাবেক সভাপতি অ্যাডভোকেট ও বর্তমান উপদেষ্টা নাসির উদ্দিন, ব্যারিস্টার মিজানুর রহমান, সুপ্রিম কোর্ট বারের সাবেক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট বশির আহমেদ, এটর্নী মুনজের আহমেদ মজুমদার। ফ্যামিলি নাইট-২০২৫ উদযাপন কমিটির আহবায়ক অ্যাডভোকেট মাহবুব আলম ও অ্যাডভোকেট রেহেনোয়ানা রাজ্জাক (সেতু) এর যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংগঠনের নব নির্বাচিত প্রধান নির্বাচন কমিশনার অ্যাডভোকেট সাইয়েদ মইন উদ্দিন জুয়েল, নির্বাচন কমিশনার অ্যাডভোকেট সাখিউল করিম আলমগীর, কার্যনির্বাহী কমিটির সদস্যদের মধ্যে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সোনিয়া সুলতানা, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট আতিকুর রহমান সাবু, সাবেক সহ সভাপতি অ্যাডভোকেট আব্দুল ওয়াহিদ, সাবেক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আতিকুর রহমান চৌধুরী, সাবেক যুগ্ম সম্পাদক মো: সাইদুর রহমান। এছাড়া অনেক আইনজীবী ও সুধী জন পরিবারসহ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের র‍্যাফেল ড্র'র মাধ্যমে বিভিন্ন পুরস্কার প্রদান করা হয়। এছাড়া মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, কবিতা আবৃত্তি ও নৃত্য পরিবেশিত হয়।

## 'অলকাউন্টি হোমকেয়ার'র শাখা উদ্বোধন

৬৪ পৃষ্ঠার পর

চ্যাম্পিয়ন' অ্যাওয়ার্ডপ্রাপ্ত আব্দুল কাদের শিশির আরো বলেন, স্বাস্থ্য এবং রিজিকের মালিক হলেন সৃষ্টিকর্তা। আমরা কেবলমাত্র উপলক্ষ্য। সে দায়িত্বটি সততা ও নিষ্ঠার সঙ্গে পালন করে মানবিকতার ক্ষেত্রে 'অলকাউন্টি হোমকেয়ার'-এর নাম স্মরণীয় করে রাখতে চাই। এ হোমকেয়ার সেন্টারে আগত প্রবীণরা দিনভর গল্প-আড্ডা, খেলাধুলার সুযোগও পাবেন। অর্থাৎ নিজস্ব সংস্কৃতির আমেজে প্রবীণরা দিন কাটাতে পারবেন। এমন একটি ব্যবস্থার দাবি ছিল অনেক দিনের। গত ২-৩ বছর আগে নিউইয়র্ক স্টেট প্রশাসনের পক্ষ থেকে সব কমিউনিটির অনন্যায় প্রবীণদের চিকিৎসা ও খাদ্যের ব্যবস্থা করা হয়েছে। এই সেন্টারে আনা-যাওয়ার জন্যে রয়েছে বিনা ভাড়ার গাড়িও। সকাল-সন্ধ্যা থাকেন নার্স। যখনই প্রয়োজন তখনই চিকিৎসার উদ্যোগ নেওয়া হয়। রোগী সেবা সংস্থার পরিচালক তাজুদ্দিন খাতুনের সঞ্চালনায় উদ্বোধনী সমাবেশে আরো বক্তব্য দেন রিপাবলিকান পার্টি থেকে সিটি কাউন্সিলের প্রার্থী শাহ শহিদুল হক সাঈদ। তিনি বলেন, এই সেন্টারে পরিবেশিত সকল খাবার শরিয়া অনুযায়ী তৈরি হচ্ছে জেনে স্বস্তিবোধ করছি। তিনি এই হোমকেয়ারের সেবা গ্রহণের জন্য বাংলাদেশি কমিউনিটির প্রতি আহবান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কমিউনিটি অ্যাকটিভিস্ট বদরুল হক আজাদ, ইঞ্জিনিয়ার আব্দুল সোবহান, মূলধারার রাজনীতিবিদ দিলীপ নাথ, কমিউনিটি অ্যাকটিভিস্ট মিয়া মোহাম্মদ দুলাল, মোহাম্মদ খোকন, মোহাম্মদ বাদল প্রমুখ।

## ঐতিহাসিক 'জাতীয় জুলাই সনদ' আজ স্বাক্ষর

৬৪ পৃষ্ঠার পর

উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বেশ কয়েকজন উপদেষ্টা ও উচ্চপর্যায়ের সরকারি কর্মকর্তারাও এ সময় উপস্থিত থাকবেন।

রাষ্ট্রীয় সংস্কারের ১৭টি বিষয়ে ৩২টি রাজনৈতিক দল ও জোটের পূর্ণ ঐকমত্যের ভিত্তিতে ৮৪ দফার জুলাই জাতীয় সনদ চূড়ান্ত করেছে জাতীয় ঐকমত্য কমিশন; বাকি ৬৭টি বিষয়ে রাজনৈতিক দলগুলোর কেউ কেউ বিরোধিতা করেছে এবং দিয়েছে নোট অব ডিসেন্ট।

গত ১৪ অক্টোবর সন্ধ্যায় ঐকমত্য কমিশনের সহসভাপতি আলী রীয়াজের স্বাক্ষরিত চিঠিতে মোট ৩৩টি রাজনৈতিক দল ও জোটের কাছে পৌঁছেছে চূড়ান্ত জুলাই জাতীয় সনদ। জুলাই সনদে রাষ্ট্রীয় সংস্কারের যে ৮৪ দফা, তার মধ্যে ৪৭টি বিষয়কে 'সংবিধান সংশোধন সাপেক্ষে সংস্কার' এবং বাকি ৩৭টি বিষয়কে 'আইন/অধ্যাদেশ, বিধি ও নির্বাহী আদেশের মাধ্যমে সংস্কার' হিসাবে চিহ্নিত করেছে ঐকমত্য কমিশন।

জুলাই সনদের পটভূমি ব্যাখ্যা করে সংস্কারসহ নিয়ে জাতীয় ঐকমত্য কমিশনের কার্যক্রম তুলে ধরার পর সংস্কারের ৮৪ দফা তুলে ধরা হয়েছে ৪০ পৃষ্ঠার সনদে। এর মধ্যে রাজনৈতিক দলগুলোর কী অঙ্গীকার করছে, তা উল্লেখ করার পর রাখা হয়েছে স্বাক্ষরের জায়গা। দফাগুলো বলার আগে 'ঐকমত্যের ঘোষণা'য় রাজনৈতিক দলগুলো প্রতিশ্রুতি দিতে যাচ্ছে, জাতীয় ঐকমত্য কমিশন এবং বিভিন্ন রাজনৈতিক দল ও জোটের সঙ্গে পারস্পরিক আলাপ-আলোচনার ভিত্তিতে, আমরা অংশগ্রহণকারী রাজনৈতিক দল ও জোটের প্রতিনিধিরা স্ব-স্ব দলের পক্ষ থেকে- বিদ্যমান শাসন ব্যবস্থা তথা সংবিধান, নির্বাচন ব্যবস্থা, বিচার ব্যবস্থা, জনপ্রশাসন, পুলিশি ব্যবস্থা ও দুর্নীতি দমন বিষয়ে নিম্নলিখিত কাঠামোগত, আইনি ও প্রাতিষ্ঠানিক পরিবর্তনের ব্যাপারে ঐকমত্যে উপনীত হয়েছি; এসব বিষয়কে এই জাতীয় সনদে (কিছু বিষয়ে ভিন্নমতসহ) সন্নিবেশিত করতে সম্মত হয়েছি; এবং ২০০৯ সাল পরবর্তী ১৬ বছরে ফ্যাসিবাদ বিরোধী গণতান্ত্রিক আন্দোলন এবং ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত গণঅভ্যুত্থানের বীর শহীদ ও আহতদের প্রতি গভীর শ্রদ্ধা প্রকাশ, গ্রেপ্তার ও কারাবরণকারীদের প্রতি সহমর্মিতা এবং উক্ত গণঅভ্যুত্থানে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণকারীদের প্রতি কৃতজ্ঞতার স্মারক হিসেবে আমরা এই সনদকে 'জুলাই জাতীয় সনদ ২০২৫' হিসেবে ঘোষণা করছি।

সংবিধান সংস্কার করে বাস্তবায়িত বিষয়ের মধ্যে বাংলার পাশাপাশি অন্য ভাষার স্বীকৃতি, বাংলাদেশি নাগরিক পরিচয়, সংবিধান সংস্কারের বিধান, সংবিধান বিলুপ্তি ও স্থগিতকরণ ইত্যাদির অপরাধের অনুচ্ছেদ বাতিল এবং জরুরি অবস্থা ঘোষণার বিধানে পরিবর্তনের কথা বলা হয়েছে এই সনদে। সংবিধানের রাষ্ট্র পরিচালনার মূলনীতি অংশে রাষ্ট্রীয় মূলনীতি বদলে যুক্ত করা হয়েছে 'সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক ন্যায়বিচার এবং ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতি'।

সকল সম্প্রদায়ের সহাবস্থানের বিধান সংযুক্তি, মৌলিক অধিকারের তালিকা সম্প্রসারণ, উচ্চকক্ষ ও নিম্নকক্ষের গোপন ভোটে রাষ্ট্রপতি নির্বাচন, রাষ্ট্রপতির ক্ষমতা ও দায়িত্ব সুনির্দিষ্টকরণ, রাষ্ট্রপতির অভিশংসন প্রক্রিয়ায় সংশোধন এবং রাষ্ট্রপতির ক্ষমা প্রদর্শনের ক্ষেত্রে মামলার বাদী বা ক্ষতিগ্রস্ত পরিবারের সম্মতি নেওয়ারও বিধান যুক্ত করার কথা রয়েছে।

একইসঙ্গে প্রধানমন্ত্রী ও তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা সম্পর্কিত অংশে প্রধানমন্ত্রী পদে এক ব্যক্তির সর্বোচ্চ ১০ বছর থাকার সীমা, প্রধানমন্ত্রীর দলীয় প্রধানের পদে না থাকা এবং তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার গঠন প্রক্রিয়া, কার্যাবলি ও মেয়াদ প্রভৃতি বিষয়ে সংবিধান সংশোধন করা হবে।

এদিকে একই ব্যক্তির প্রধানমন্ত্রী পদের মেয়াদ এবং তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা গঠন নিয়ে ৩০টি দল ও জোট একমত পোষণ করলেও প্রধানমন্ত্রী পদে দলীয় প্রধানের থাকা এবং তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ ও গঠনের বিভিন্ন পর্যায়ের ভিন্নমত ও 'নোট অব ডিসেন্ট' রয়েছে। এছাড়া, আইনসভা দ্বিকক্ষবিশিষ্ট করার ক্ষেত্রে ২৫টি রাজনৈতিক দল একমত পোষণ করেছে। বিপরীতে 'নোট অব ডিসেন্ট' দিয়েছে পাঁচটি দল। নিম্নকক্ষে প্রাপ্ত ভোটে উচ্চকক্ষ গঠনের যে প্রস্তাব জাতীয় ঐকমত্য কমিশন করেছে, তাতে ২৪টি রাজনৈতিক দল একমত হতে দেখা যাচ্ছে। আর সেখানে 'নোট অব ডিসেন্ট' আছে বিএনপিসহ ৭টি রাজনৈতিক দলের।

উচ্চকক্ষের গঠন, সদস্য নির্বাচন পদ্ধতি ও এখতিয়ার অংশে উচ্চকক্ষের দায়িত্ব ও ভূমিকা, উচ্চকক্ষের সদস্যদের যোগ্যতা ও অযোগ্যতা, জাতীয় সংসদে নারী প্রতিনিধিত্ব একশ জন করা, বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার ও সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি নির্বাচন, ৭০ অনুচ্ছেদের সংস্কার এবং আন্তর্জাতিক চুক্তি আইনসভায় অনুমোদনের বিষয় যুক্ত করা হয়েছে। সাংবিধানিকভাবে অস্থায়ী বিশেষ কমিটির গঠনের মাধ্যমে অনধিক ১০ বছরের পর সংসদীয় আসনের সীমানা নির্ধারণের কথা বলা হয়েছে নির্বাচন ব্যবস্থা অংশে।

সেইসঙ্গে বিচার ব্যবস্থা অংশে আপিল বিভাগের বিচারপতিদের মধ্য থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রধান বিচারপতি নিয়োগ, সুপ্রিম কোর্টের প্রয়োজনীয় সংখ্যক বিচারপতি নিয়োগ, সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগে 'স্বাধীন বিচার বিভাগীয় নিয়োগ কমিশন' গঠন ও এই কমিশনকে সংবিধানে অন্তর্ভুক্তকরণ, বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা, সুপ্রিম কোর্টের বিকেন্দ্রীকরণ, সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলকে শক্তিশালীকরণ, অধস্তন আদালতের বিচারকদের চাকরি নিয়ন্ত্রণ সুপ্রিম কোর্টকে দেওয়া এবং স্থায়ী অ্যাটর্নি সার্ভিস প্রতিষ্ঠার অঙ্গীকার করতে যাচ্ছে রাজনৈতিক দলগুলো। এছাড়া, বাছাই কমিটি গঠনের মাধ্যমে নির্বাচন কমিশন গঠন এবং তাদের কাজের ক্ষেত্রে যেসব সংশোধনীর প্রস্তাব জুলাই সনদে রাখা হয়েছে, তাতে ৩০টি রাজনৈতিক দল ও জোট একমত পোষণ করেছে। সাংবিধানিক প্রতিষ্ঠানে নিয়োগের বিধান হিসাবে ন্যায়পাল নিয়োগ, সরকারি কর্ম কমিশনে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক নিয়োগের ক্ষেত্রে সংস্কারের অঙ্গীকারও থাকছে জুলাই সনদে। দুর্নীতি দমন কমিশনকে সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান থেকে সাংবিধানিক প্রতিষ্ঠানে পরিণত করে সংবিধানে প্রয়োজনীয় সংশোধনের কথাও বলা হয়েছে।

'আইন বা অধ্যাদেশ, বিধি ও নির্বাহী আদেশের মাধ্যমে সংস্কারের বিষয়সমূহের' মধ্যে প্রথমে সংবিধানের অনুচ্ছেদ ৭৮ (৫) সংশোধন সাপেক্ষে আইন প্রণয়নের মাধ্যমে সংসদের কমিটিসমূহ ও সদস্যদের বিশেষ অধিকার, অধিকারের সীমা এবং দায় নির্ধারণের অঙ্গীকার থাকছে জুলাই সনদে।

ত্রয়োদশ সংসদ নির্বাচন সামনে রেখে সীমানা পুনর্নির্ধারণে আইন প্রণয়ন, বিচারকদের জন্য অবশ্য পালনীয় আচরণবিধি, সাবেক বিচারপতিদের জন্য অবশ্য পালনীয় আচরণবিধি, সুপ্রিম কোর্টের পৃথক সচিবালয় প্রতিষ্ঠা, স্বতন্ত্র ফৌজদারি তদন্ত সার্ভিস গঠন, বিচার বিভাগের জনবল বৃদ্ধি, জাতীয় আইনগত সহায়তা সংস্থাকে অধিদপ্তরে রূপান্তর, বিচারক ও সহায়ক কর্মচারীদের সম্পত্তির বিবরণ, আদালত ব্যবস্থাপনা সংস্কার ও ডিজিটাইজ করা, আইনজীবীদের আচরণবিধি সংক্রান্ত বিষয় রাখা হয়েছে 'আইন বা অধ্যাদেশ, বিধি ও নির্বাহী আদেশের মাধ্যমে সংস্কারের জন্য।

জনপ্রশাসন সংস্কার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে একটি স্বাধীন ও স্থায়ী জনপ্রশাসন সংস্কার কমিশন গঠন, প্রজাতন্ত্রের কর্মে জনবল নিয়োগের জন্য সরকারি কর্ম কমিশন (সাধারণ), সরকারি কর্ম কমিশন (শিক্ষা) এবং সরকারি কর্ম কমিশন (স্বাস্থ্য) গঠন করার কথা বলা হয়েছে জুলাই সনদে।

জুলাই সনদে বলা হয়েছে, নিরীক্ষা কার্যক্রমের স্বাধীনতা নিশ্চিত করা, হিসাব বিভাগ হতে নিরীক্ষা বিভাগের পৃথকীকরণ এবং নিরীক্ষার গুণগতমান উন্নতির জন্য নিরীক্ষা আইন প্রণয়ন করা হবে। ভৌগোলিক অবস্থান ও যাতায়াতের বিষয়টি বিবেচনায় নিয়ে কুমিল্লা ও ফরিদপুর নামে দুইটি প্রশাসনিক বিভাগ গঠন করার কথা বলা হয়েছে জুলাই সনদে। স্বাধীন পুলিশ কমিশন গঠন যেভাবে: জুলাই সনদে বলা হয়েছে, পুলিশ বাহিনীর পেশাদারিত্ব ও দায়বদ্ধতা নিশ্চিতকরণ এবং পুলিশি সেবাকে জনবান্ধব হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে একটি 'পুলিশ কমিশন' গঠন করা হবে। এই প্রস্তাবের সঙ্গে ৩০টি দল ও জোট একমত পোষণ করেছে, কারও ভিন্নমত পাওয়া যায়নি।

কমিশনের উদ্দেশ্য হিসাবে জুলাই সনদে বলা হয়েছে, ১। শৃঙ্খলা বাহিনী হিসেবে পুলিশ যাতে আইনানুগভাবে এবং প্রভাবমুক্তভাবে দক্ষতার সাথে দায়িত্ব পালন করতে সক্ষম হয় তা নিশ্চিত করা। ২। পুলিশ বাহিনীর যেকোনো সদস্যের উত্থাপিত অভিযোগের নিষ্পত্তিকরণ। ৩। নাগরিকদের পক্ষ হতে পুলিশ বাহিনীর কোনো সদস্য বা সদস্যদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের নিষ্পত্তিকরণ। কমিশনের গঠন প্রক্রিয়া জাতীয় সংসদ কর্তৃক প্রণীত আইনের দ্বারা নির্ধারিত হওয়ার কথা তুলে ধরে সেক্ষেত্রে কিছু প্রস্তাব বিবেচনায় নেওয়ার সুপারিশ করা হয়েছে জুলাই সনদে।

১। চেয়ারম্যান: আপিল বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি, যার বয়স ৭৫ (পঁচাত্তর) বছরের ঊর্ধ্বে নয়। ২। সদস্য সচিব: অতিরিক্ত পুলিশ মহা-পরিদর্শকের নিচে নয়, এমন একজন অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, যার বয়স ৬২ (বাষট্টি) বছরের ঊর্ধ্বে নয়। ৩। জাতীয় সংসদের সংসদ নেতার একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন। ৪। জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতার একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন। ৫। জাতীয় সংসদের স্পিকারের একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন। ৬। জাতীয় সংসদের ডেপুটি স্পিকারের (যিনি বিরোধী দল হতে নির্বাচিত) একজন প্রতিনিধি, যিনি সংসদ সদস্য হবেন। ৭। সচিব পদমর্যাদার নিচে নয়, এমন একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা (জেলা ম্যাজিস্ট্রেটের অভিজ্ঞতাসম্পন্ন)।

## হিউম্যান সাপোর্ট কর্পোরেশনের বিনামূল্যে টিকাদান কর্মসূচি

৩ পৃষ্ঠার পর

উপস্থিত থেকে টিকার ইনজেকশন প্রদান করেন ফার্মাসিস্ট মারী পিম ফার্মেসি টেকনিশিয়ান হাসিনা আক্তার তাকে সহয়তা করেন। মানুষ মানুষের জন্য স্লোগানে উদ্বুদ্ধ হয়ে হিউম্যান সাপোর্ট কর্পোরেশন গত ১৩ বছর যাবৎ ধারাবাহিক ভাবে টিকাদান কর্মসূচী পালন করছে।

কমিউনিটিতে এই কর্মসূচিকে ফলপ্রসূ করতে সাংবাদিক, সমাজসেবী, কবি সাহিত্যিক, শিল্পী, পেশাজীবী, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দসহ সবার সহযোগীতা চেয়েছেন আয়োজক সংগঠনটির সভাপতি মোঃ সোলায়মান আলী ও সাধারণ সম্পাদক তপন কুমার সেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক ইন্ডিয়ান প্রেস মিনিস্টার সাবান মাহমুদ। বিশেষ অতিথি ছিলেন সাবেক ছাত্র লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য ডাবির ছাত্র সাইফুদ্দিন নাসির, জে বি বি এ নেতা কাজী শামসুদদোহা, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি শরীফ কামরুল আলম হিরা, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপিকা মমতাজ শাহনাজ, এটিএন বাংলা নিউজ উত্তর আমেরিকার বার্তা প্রধান কানু দত্ত, আমেরিকা বাংলাদেশ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক শাহ ফারুক, টেলিভিশন ক্যামেরা জার্নালিস্ট এসোসিয়েশনের বারবার নির্বাচিত সাধারণ সম্পাদক শহীদুল হক জীবন, অরেন অফ মিডিয়া র বাংলাদেশ চ্যাপ্টারের সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ ত্রাণ ও সমাজকল্যাণ উপ কমিটির সদস্য ফারজানা শোভা, ইউ এস এ নিউজ অন লাইন সম্পাদক শাখাওয়াত হোসেন সেলিম ও বি ডি এস ওয়াল্ড নিউজ সাংবাদিক হারুনুর রশীদ প্রমুখ।

## জাতিসংঘ কঙ্গো শান্তি মিশন থেকে বাংলাদেশ পুলিশের বিদায়

৬২ পৃষ্ঠার পর

প্রভাব ফেলতে পারে বলে মনে করা হচ্ছে।

কনটিনজেন্টের নেতৃত্বে রয়েছেন পুলিশ সুপার জান্নাত আফরোজ তার ফেসবুকে লিখেছেন, জীবনের যে কোনো কঠিন পরিস্থিতিতে চুপ থেকে আল্লাহর সিদ্ধান্তকে মেনে নেওয়ার শিক্ষা আমি আমার বাবার কাছ থেকে পেয়েছি। আমি সবসময় বিশ্বাস করি, আল্লাহ যা করেন মঙ্গলের জন্যই করেন। আমার টোটাল কনটিনজেন্টের জন্য বেশ কষ্টের। ছয় মাস ট্রেনিং করে দেড় মাসের মাথায় ব্যাক করাটা কষ্টের আসলেই। তবে ওদের সঙ্গে আমি রেগুলার রোল কল যাচ্ছি। ওরা প্রাথমিক ধাক্কা সামলে উঠেছে। আমি তো টিম লিডার। আমাকে নিজের কষ্ট চাপা দিয়েই বাকিদের ওয়েলফেয়ার ভাবতে হবে।'

## নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের নির্বাচন কমিশন গঠন

৩ পৃষ্ঠার পর

ইসলাম ও আহসানউল্লাহ ফিলিপ।

সভায় জানানো হয়, ফাউন্ডেশনের বর্তমান কার্যকরী কমিটির মেয়াদ আগামী ৩০ নভেম্বর পর্যন্ত। সেই মোতাবেক ৩০ নভেম্বরের মধ্যে নতুন কমিটি ঘোষণা করতে হবে। নতুন কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন কমিশন প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। ফাউন্ডেশনের নতুন কমিটি গঠনের ব্যাপারে উত্তরবঙ্গবাসীর সার্বিক সহযোগিতা কামনা করা হয় সভায়।






## মানুষকে অজান্তেই ধ্বংস করে হিংসা

২৫ পৃষ্ঠার পর

এতে প্রমাণিত হয়, হিংসা শুধু একটি মনোভাব নয়, বরং এটি প্রথম হত্যাকাণ্ডের মূল কারণ, যা মানব সভ্যতায় রক্তপাতের ইতিহাসের সূচনা করেছে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, মানুষ ভালো থাকবে, যতক্ষণ তারা পরস্পরের প্রতি হিংসা করতে শুরু করবে না। (মুসনাদে আহমদ-১৪৩৩৫) অর্থাৎ, যতদিন মানুষের হৃদয়ে পরস্পরের প্রতি ভালোবাসা ও সম্প্রীতি থাকবে, সমাজে শান্তি থাকবে। কিন্তু যখন হিংসা ঢুকে যায়, তখন মানুষ সুখে থাকতে পারে না, আর সমাজে অশান্তি, বিভক্তি ও অবিশ্বাস ছড়িয়ে পড়ে।

হিংসার ভয়াবহ পরিণতি

১. হিংসা অন্তরকে জ্বালিয়ে দেয় : রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, হিংসা এমন আগুনের মতো, যা কাঠকে জ্বালিয়ে ফেলে। (সুনানু আবি দাউদ-৪৯০৩) হিংসুক ব্যক্তি অন্যের উন্নতি দেখে নিজের অন্তরে আগুন জ্বালায়। সে আল্লাহর নিয়ামতের প্রতি অসন্তুষ্ট হয়, ফলে তার অন্তর থেকে শান্তি, তৃপ্তি ও বরকত চলে যায়।

২. হিংসা আমলকে ধ্বংস করে : রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, হিংসা থেকে বাঁচো, কারণ হিংসা নেক আমলকে এমনভাবে ধ্বংস করে দেয়, যেমন আগুন কাঠকে পুড়িয়ে দেয়। (সুনানু আবি দাউদ: ৪৯০৩) অর্থাৎ, কেউ সারাজীবন নামাজ, রোজা, সাদকা করলেও যদি তার হৃদয়ে হিংসা থাকে, তার আমলের কল্যাণ নষ্ট হয়ে যায়।

৩. হিংসা সমাজে বিভেদ ও শত্রুতা তৈরি করে : হিংসুক ব্যক্তি কখনও শান্ত থাকতে পারে না। সে অন্যের অগ্রগতিতে সুখ পায় না, ফলে সমাজে ঘৃণা, সন্দেহ ও বিভক্তি জন্ম নেয়। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, তোমরা পরস্পর হিংসা করো না, বিদ্বেষ রেখো না, বরং আল্লাহর বান্দা হয়ে ভাই ভাই হও। (সহিহ বুখারি-৬০৬৫; সহিহ মুসলিম-২৫৬৩)।

হিংসার ঐতিহাসিক পরিণতি : ১. ইবলিসের পতন, আল্লাহর সান্নিধ্য থেকে চিরদিনের জন্য বিতাড়িত। ২.কাবিলের অপরাধ, মানব ইতিহাসের প্রথম হত্যাকারী যা হিংসার কারণে হয়েছে। ৩.হজরত ইয়াকুব আ.-এর সন্তানদের হিংসা, হজরত ইউসুফ আ.-কে কূপে ফেলে দেয়, ফলে বহু বছর তারা অনুশোচনায় পুড়েছিল। ৪.মুনাফিকদের হিংসা, নবীর প্রতি হিংসার কারণে তারা ইসলামকে আড়ালে ক্ষতিগ্রস্ত করার চেষ্টা করেছিল। এই উদাহরণগুলো প্রমাণ করে, হিংসা শুধু হৃদয়ের পাপ নয়, এটি ইতিহাস ও সমাজের ধ্বংসের কারণও বটে।

হিংসা থেকে বাঁচার উপায় : ১.আল্লাহর সিদ্ধান্তে সন্তুষ্ট থাকা (রিযা বিল কদর) যে জানে, আল্লাহ যা দিয়েছেন তা ন্যায়সঙ্গত ও হিকমতের ওপর ভিত্তি করে, সে কখনও হিংসা করে না। ২. অন্যের নিয়ামতের জন্য দোয়া করা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, যে ব্যক্তি কারও অনুগ্রহ দেখে "বারাকাল্লাহু লাহু" বলে দোয়া করে, তার অন্তরে হিংসা প্রবেশ করে না। ৩. আত্মসমালোচনা ও কৃতজ্ঞতা নিজের অবস্থার প্রতি কৃতজ্ঞ থাকা, আল্লাহর নিয়ামত স্মরণ করা এবং অন্যের দিকে ঈর্ষাভরে না তাকানো,এগুলো হিংসা দূর করে। ৪. হিংসার পরিবর্তে অনুপ্রেরণা গ্রহণ করা অন্যের উন্নতিকে প্রতিযোগিতার প্রেরণা হিসেবে নিলে সমাজ গড়ে ওঠে ইতিবাচকভাবে।

হিংসা এমন এক অন্তর্গত রোগ, যা বাহ্যিকভাবে অদৃশ্য, কিন্তু ধীরে ধীরে বিশ্বাস, নেক আমল, সম্পর্ক ও সমাজকে ভেতর থেকে ধ্বংস করে। হিংসুক ব্যক্তি অন্যের সুখে জ্বলে, কিন্তু নিজের জীবনকেই জাহান্নাম বানিয়ে ফেলে। আল্লাহ তায়ালা আমাদের হিংসা থেকে রক্ষা করুন আওফিক দান করুন।




## যুক্তরাষ্ট্রে আসছেন জামায়াত আমীর

৬৪ পৃষ্ঠার পর

আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করবেন বলে জানা গেছে। সফরে তিনি বিভিন্ন রাজ্যে মতবিনিময় সভায় অংশ নেবেন। দলীয় সূত্রে জানা গেছে, যুক্তরাষ্ট্র সফরের আগে পবিত্র ওমরা পালন করবেন শফিকুর রহমান। এজন্য তিনি ১৮ অক্টোবর রাতে তিনি সৌদি আরবের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। ওমরাহ পালন শেষে ২২ অক্টোবর নিউইয়র্কে পৌঁছাবেন। এ সফরে ব্যক্তিগত সহকারী ছাড়া দলের আর কেউ তার সফরসঙ্গী হচ্ছেন না। জানা গেছে, তিনি নিউইয়র্কে ২৬ অক্টোবর, বাফেলোতে ২৪অক্টোবর ও মিশিগানে ২৫ অক্টোবর পৃথক তিনটি সংবর্ধনা ও মতবিনিময় সভায় অংশ নেবেন। তবে এসব কর্মসূচি জামায়াতের ব্যানারে নয়, বিভিন্ন সংগঠনের নামে আয়োজন করা হচ্ছে বলে জানা গেছে। সফরকালে তিনি প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে মতবিনিময় করবেন। দীর্ঘদিন অসুস্থ অবস্থা থেকে সুস্থ হওয়ার পর এটিই তার প্রথম বিদেশ সফর। গত ১৯ জুলাই ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত এক সমাবেশে অসুস্থ হয়ে পড়েন শফিকুর রহমান। ৩৩ দিন হাসপাতালে চিকিৎসাধীন থাকার সময় ২ আগস্ট তার ওপেন-হার্ট সার্জারি হয়। এরপর দেশে কিছুদিনের বিশ্রাম শেষে সম্প্রতি দলীয় কার্যক্রমে সক্রিয় হয়েছেন। আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে ডা. শফিকুর রহমানের এই যুক্তরাষ্ট্র সফরকে রাজনৈতিকভাবে তাৎপর্যময় বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

## দুর্বৃত্তের হামলায় আহত সাংবাদিক সালাহউদ্দিন

৬৪ পৃষ্ঠার পর

ফিরছিলেন। বাসার সামনে দুর্বৃত্তরা আক্রমণ করে তার ফোন ও মানিব্যাগ নিয়ে যায়। ৯১১ কল করলে পুলিশ আসে ও তাকে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসা শেষে বৃহস্পতিবার সকালে তিনি বাসায় ফিরেছেন।

এ ঘটনার নিন্দা জানিয়েছেন কমিউনিটির নেতৃবৃন্দ। তারা দোষীদের অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছেন। নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মমিন মজুমদার ও সাবেক সভাপতি ডা. ওয়াজেদ এ খান অবিলম্বে দুর্বৃত্তদের গ্রেফতারের দাবি জানিয়েছেন। বৃহস্পতিবার সালাহউদ্দীনকে তার বাসভবনে দেখতে যান বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য রুহুল ইসলাম আলমগীর, সাংবাদিক মনোয়ারুল ইসলাম, মমিন মজুমদার, ফরিদ আলম, অনিক রাজ, সোলায়মান হোসেন ও বেলাল আহমেদ সহ অনেকে।

## সৈয়দ মনজুরুল ইসলাম: অবক্ষয়ের চোরাবালিতে আলোর দিশারী

৬ পৃষ্ঠার পর

রয়েছে সমাজবীক্ষণের সূক্ষ্ম দৃষ্টি ও নৈতিক চেতনার পরিশীলন, তেমনি তাঁর শিক্ষকতাও ছিল গভীর মানবিক মূল্যবোধে আবিষ্ট। তিনি বিশ্বাস করতেন যে, সাহিত্য কেবল কল্পনার রূপ বা ভাষার কারুকাজ নয়; এটি মানুষের আত্মাকে স্পর্শ করার এক নৈতিক অনুশীলন, যা পাঠককে করে তোলে সংবেদনশীল, ন্যায়ের পক্ষে দৃঢ় এবং মানবিকতার পথে দায়বদ্ধ। তাই সাহিত্যের পাঠে তিনি শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতেন শুধু কাহিনির কাঠামো বা চরিত্র বিশ্লেষণে নয়, বরং পাঠের অন্তর্নিহিত নৈতিক তাৎপর্য অনুধাবনে। আর সে কারণেই শিক্ষার্থীদের মতে, তাঁর শ্রেণিকক্ষে সাহিত্য হয়ে উঠত এক আধ্যাত্মিক যাত্রাযেখানে তারা আবিষ্কার করত জীবনের জটিল সত্য, সামাজিক বৈষম্যের নির্মমতাএবং নৈতিক দায়িত্বের মর্মবেদনা। তাঁর মতে, 'ভালো সাহিত্য আমাদের শেখায়আমরা মানুষ, এবং এই মানুষ হওয়াটাই এক অনন্ত সাধনা'। এই দৃষ্টিভঙ্গিই তাঁকে প্রথাগত পণ্ডিত বা শিক্ষকের সীমা অতিক্রম করে এক জীবনদ্রষ্টা গুরুর মর্যাদায় অধিষ্ঠিত করেছে। তাঁর সাহিত্যচর্চা ও শিক্ষকতা পরস্পরকে পরিপূর্ণ করেছে যাতে একদিকে ছিল চিন্তার স্বাধীনতা, অন্যদিকে ছিল নৈতিক বোধের শুদ্ধতা। তাই তিনি কেবল ভাষা ও সাহিত্যের শিক্ষক ছিলেন না; তিনি ছিলেন জীবন পাঠেরও এক উজ্জ্বল দিশারি।

বাংলা ও ইংরেজি দুই ভাষায়ই সমান স্বচ্ছন্দ ও সাবলীল সৈয়দ মনজুরুল ইসলাম ছিলেন এক বিরল দ্বিভাষিক সৃষ্টিশীল মননের অধিকারী। তাই তাঁর অনুবাদে বিশ্বসাহিত্যের রচনাগুলো যেন নতুন প্রাণ পেত। তাঁর হাতে ভাষা হয়ে উঠত কেবল যোগাযোগের মাধ্যম নয়, ভাব ও অনুভূতির সেতুবন্ধন। তাঁর অনুবাদে পাঠক আবিষ্কার করত এক অভূতপূর্ব সামঞ্জস্য তথা ভাষার সৌন্দর্য, চিন্তার গভীরতা এবং নৈতিক সংবেদনশীলতার অনন্য মেলবন্ধন। তিনি অনুবাদকে কেবল কারিগরি প্রয়াস হিসেবে দেখেননি; দেখেছেন এক মানবিক দায়িত্ব হিসেবেযার মাধ্যমে বিশ্বমানবতার চেতনা পৌঁছে যায় আমাদের সংস্কৃতির ভেতরেও। তাঁর এই আন্তঃসাংস্কৃতিক দৃষ্টিভঙ্গিই অনুপ্রেরণা জুগিয়েছে সমকালীন তরুণ লেখকদের। তাঁর লেখার শৈলী, ভাবনার প্রজ্ঞা ও দৃষ্টিভঙ্গির স্বচ্ছতা অনেক নবীন সাহিত্যিক ও সাহিত্য সমালোচকের কাছে হয়ে উঠেছে এক ধরনের দিকনির্দেশনা। তাঁরা দেখেছেন, কীভাবে সাহিত্য ও শিল্প হতে পারে নৈতিক অবস্থান নেওয়ার ক্ষেত্র, কীভাবে অনুবাদ হতে পারে এক সাংস্কৃতিক সংলাপের প্রক্রিয়া। এইভাবেই সৈয়দ মনজুরুল ইসলাম কেবল একজন অনুবাদক, সাহিত্যিক কিংবা সমালোচক নন, বরং এক সেতুবন্ধন নির্মাতা হিসেবে যিনি ভাষা ও সংস্কৃতির সীমা অতিক্রম করে মানবতার অভিন্ন সুরকে শ্রদ্ধার সঙ্গে তুলে ধরেছেন। তাঁর সহকর্মী ও ছাত্রছাত্রীরাসহ শুভানুধ্যায়ীরা যেভাবে স্মরণ করেছেন সৈয়দ মনজুরুল ইসলামকে, তাতে প্রতিফলিত হয় এক মানবিক চরিত্রের বিরল স্বচ্ছতা- অসাধারণ বিনয়, কঠোর নৈতিকতা, সততার প্রতি অটল বিশ্বাস, এবং জ্ঞানের প্রতি আজীবন নিষ্ঠা। এই গুণগুলোই তাঁকে আলাদা করে তুলেছিল এমন একসময়ে, যখন জ্ঞান অনেকাংশে পেশাগত প্রতিযোগিতা, সাফল্যের মাপকাঠি বা আত্মপ্রদর্শনের হাতিয়ার হয়ে উঠেছে। তিনি নিভৃতচারি ও নিরহংকারি চারিত্রিক স্বভাবে এসব প্রবণতার বাইরে অবস্থান করে জ্ঞানচর্চাকে দেখেছেন মানবমুক্তির এক নিরন্তর যাত্রা হিসেবে। সৈয়দ মনজুরুল ইসলামের কাছে জ্ঞান ছিল না ক্ষমতা অর্জনের উপকরণ, বরং আত্মশুদ্ধি ও সামষ্টিক কল্যাণে সামাজিক ন্যায়ের পথ। তিনি বিশ্বাস করতেন, জ্ঞান যদি মানুষকে বিনয়ী না করে, তবে তা কেবল বুদ্ধির খেলা- আলো নয়, অন্ধকারেরই আরেক রূপ। তাঁর জীবন ছিল সেই বিশ্বাসের বাস্তব রূপায়ণযেখানে শিক্ষকতা ছিল এক নৈতিক সাধনাআর পাঠদান ছিল আত্ম-উন্নয়ন ও মানবমুক্তির দিকনির্দেশনা। তিনি প্রমাণ করেছেন, প্রকৃত প্রজ্ঞা অহংকারে নয়, বিনয়ে; প্রতিযোগিতায় নয়, সহযোগিতায়; এবং নিজেকে নয়, অন্যকে জাগিয়ে তোলার মধ্যেই নিহিত।

সৈয়দ মনজুরুল ইসলাম ছিলেন এমন এক শিক্ষকযিনি নৈতিকতাকে সীমাবদ্ধ রাখেননি ব্যক্তিগত সততার গণ্ডিতে। তাঁর কাছে নৈতিকতা মানে ছিল সমাজের প্রতি দায়বদ্ধতা, অন্যায়ের বিরুদ্ধে অবস্থান, এবং মানবকল্যাণের প্রতি প্রতিশ্রুতি। তিনি তাঁর ছাত্রদের শিখিয়েছেন যে, জ্ঞান যদি সমাজকে স্পর্শ না করে, তবে তা অসম্পূর্ণ; আর শিক্ষিত হওয়া মানে কেবল তথ্য জানা নয়, বরং সেই তথ্যের নৈতিক প্রয়োগ জানা ও সে অনুসারে কাজ করা। তাঁর এক বিখ্যাত উপদেশ, 'শিক্ষিত হওয়া মানে কেবল তথ্য জানা নয়, বরং সঠিক প্রশ্ন করতে পারা' শিক্ষার্থীদের কাছে তাঁর শিক্ষকতার দর্শনের মর্মবাণী হিসেবে অনুরণিত হতে থাকবে জীবনের শেষ দিন অবধি। এই এক বাক্যের ভেতরেই নিহিত তাঁর শিক্ষাচিন্তার সারবস্তু তথা শিক্ষা হলো প্রশ্নের সাহস, নৈতিক অবস্থানের দৃঢ়তা, এবং সত্য অনুসন্ধানের এক অন্তহীন যাত্রা। তিনি চেয়েছিলেন এমন এক প্রজন্ম গড়ে তুলতে, যারা মুখস্থ বিদ্যায় নয়, বরং সমালোচনামূলক চিন্তা ও মানবিক দায়িত্ববোধে আলোকিত হবে। তাঁর শ্রেণিকক্ষে তাই প্রতিটি পাঠই ছিল সমাজ, সত্য ও ন্যায়ের প্রতি নতুন প্রজন্মের জন্য দিকনির্দেশনা তেজস্বীময় ভবিষ্যতেরহাতছানি।

শিক্ষক, সাহিত্যিক, সমালোচক ও নৈতিক চেতনার দিকনির্দেশক সৈয়দ মনজুরুল ইসলাম একজন প্রজ্ঞাময় অধ্যাপক হিসেবে জীবনের প্রতিটি পাঠে শিক্ষার্থীদের ভেতরে আলো জ্বালিয়েছেন। তাই তাঁর মৃত্যু যেন জাতীয় জীবনে প্রভাববিস্তারকারি এক আলোকবর্তিকার নিভে যাওয়া। কিন্তু বিয়োগান্তকের (প্যারাডক্সিক্যালি), এই নিভে যাওয়া আলোই রেখে গেছে অসংখ্য আলোকরেখা, যা আমাদের ভবিষ্যতের পথচলারপাথেয় হয়ে থাকবে। সৈয়দ মনজুরুল ইসলাম কেবল এক শিক্ষক ছিলেন না, জাতীয় সংস্কৃতির ফল্গুধারায় ছিলেন এক বৌদ্ধিক ও নৈতিক আলোকস্রোত, যিনি দেখিয়েছেন যে জ্ঞানের আসল উদ্দেশ্য কেবল জানার আনন্দ নয়, বরং সত্য ও ন্যায়ের পক্ষে দাঁড়ানোর সাহস। আজ যখন সমাজে নৈতিক অবক্ষয়, অসহিষ্ণুতা, আত্মকেন্দ্রিকতা ও ভোগবাদ ক্রমশ প্রাধান্য পাচ্ছে, তখন তাঁর জীবন ও চিন্তা আমাদের মনে করিয়ে দেয় যে, জ্ঞান যদি নৈতিকতার সঙ্গে যুক্ত না হয়, তবে তা মানুষকে মুক্ত করে না, বরং আরও বন্দি করে। তাঁর বৌদ্ধিক উত্তরাধিকার তাই আমাদের জন্য এক নৈতিক মানচিত্র যেখানে শিক্ষা মানে কেবল পেশাগত প্রস্তুতি নয়, বরং মানবমুক্তির এক নীরব সাধনা। তিনি আমাদের ছেড়ে চলে গেছেন, কিন্তু তাঁর চিন্তার দীপ্তি, মানবিকতার উষ্ণতা, আর নৈতিকতার সাহস আজও আমাদের শেখায় কীভাবে অন্ধকারেও গভীর আত্মপ্রত্যয়ে আলো জ্বালিয়ে রাখা যায়।

তিনি এখন আর শারীরিকভাবে আমাদের মাঝে বেঁচে নেই; কিন্তু তাঁর লেখনী, শ্রেণিকক্ষের স্মৃতি, উচ্চারণের মায়াময় ধ্বনি, হাস্যোজ্জ্বল মুখতাঁর অগণিত শিক্ষার্থীদের মনোজগতে বাকী জীবনও জীবন্ত, স্পন্দমান থাকবে। তাঁর ব্যবহৃত প্রতিটি বাক্য, তাঁর ধরিয়ে দেওয়া প্রতিটি চিন্তাসূত্র শিক্ষার্থীদের জীবনে তাঁর উপস্থিতির সাক্ষ্য বহন করে। তাই সৈয়দ মনজুরুল ইসলাম ছিলেন এবং থাকবেন এক মননশীলতার বাতিঘর হয়ে। তিনি দেখিয়েছেনএকজন প্রকৃত শিক্ষক কেবল পাঠ্যবইয়ের জ্ঞান দেন না, বরং শিক্ষার্থীর ভেতরে জ্ঞানের আলো জ্বালান; এমন এক আলো, যা প্রজন্ম থেকে প্রজন্ম অতিক্রম করে জ্ঞান বিকাশ ও বিস্তারের ঝিলমিলায় মানবতার দিকনির্দেশনা হয়ে থাকে। তিনি আমাদের শিখিয়ে গেছেন, শিক্ষকতা কোনো পেশা নয়; এটি এক নৈতিক দায় ও প্রতিশ্রুতি, এক মানবিক অঙ্গীকার। তাঁর কর্মময় জীবনের উদাহরণগুলোআমাদেরকে মনে করিয়ে দেয়, এক জন শিক্ষক যদি সত্যনিষ্ঠা, যুক্তিবোধ ও সহমর্মিতায় দৃঢ় থাকেন, তবে তিনি শুধু তাঁর শিক্ষার্থীদের নয়, পুরো জাতিকেও আলোকিত করতে পারেন। সেই অর্থে সৈয়দ মনজুরুল ইসলাম কেবল একজন শিক্ষক, সাহিত্যিক, সমালোচক কিংবা অনুবাদকই নন, তিনি বাংলাদেশের সাংস্কৃতিক ইতিহাসে এক অনন্য চেতনার স্ফূর্তি যিনি অবক্ষয়ের চোরাবালিতেও আলো জ্বেলে গেছেন নীরবে, সুন্দর ও সমৃদ্ধ আগামীর অবিচল বিশ্বাসে। আর তাঁর উত্তরসূরিদের দায় এখন সেই আলোকে বয়ে বেড়ানো, আর সেই আলোয় জাতিকে আলোকিত করে তোলার।

ড. মাহরুফ চৌধুরী: ভিজিটিং ফ্যাকাল্টি, ইউনিভার্সিটি অব রোহ্যাম্পটন, যুক্তরাজ্য।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



**COMMITTED HOME CARE**



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
ASIF AKBAR, ATIYA ANISHA, RANO NAWAZ & ANIK RAJ
GOLDEN AGE NIGHT
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
SUNDAY, OCT 19, 2025, 7.30-11.00 PM
AMAZURA CONCERT HALL
91-12 144th Pl, Jamaica, NY-11435
SILVER: $35 GOLD: $55 PREMIUM: $75 VIP: $150
SCAN FOR TICKET
For More Information: 929-538-7903
Media Partner:
আজকাল
ইনকিলাব
ORGANIZE BY:
Galaxy media
AYAR ENTERTAINMENT

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.co



AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
ঃ স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
Design by: ihopeprint.com, 929-538-7903
om | www.goldenagehomecare.com



## টর্চ-বিয়ারার অ্যাওয়ার্ড পেলেন ফখরুল ইসলাম দেলোয়ার

৩ পৃষ্ঠার পর

হয়েছেন। সংশ্লিষ্টরা জানান, 'টর্চ-বিয়ারার অ্যাওয়ার্ড' বিশ্বের বিভিন্ন প্রান্তে অবদান রাখা ব্যতিক্রমী ব্যক্তিদের দেওয়া হয়, যারা সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ২০২৫ সালের সম্মাননা তালিকায় মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ারকে যুক্ত করা হয়েছে তাঁর সমাজসেবা, নেতৃত্বগুণ এবং মানুষের পাশে দাঁড়ানোর জন্য।

বাংলাদেশের সিলেট জেলার বিয়ানীবাজারের সন্তান ফখরুল ইসলাম দেলোয়ার কিশোর বয়সে যুক্তরাষ্ট্রে অভিবাসী হন। স্থায়ী আবাস গড়েন নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকায়। দেলোয়ার প্রবাস জীবনের শুরু থেকেই নিজেকে সামাজিক কর্মকাণ্ডে যুক্ত করেন। জ্যামাইকার বাংলাদেশী কিশোরদের নিয়ে ২০০০ সালে প্রতিষ্ঠা করেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি। এই সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতিও তিনি। বর্তমানে তিনি ফ্রেন্ডস সোসাইটির সভাপতির দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি নিউইয়র্ক সিটির কুইন্স কমিউনিটি বোর্ড-৮ এর মেম্বার, জ্যামাইকা মুসলিম সেন্টার পরিচালনা কমিটির জয়েন্ট সেক্রেটারী, আমেরিকান বাংলাদেশী বিজনেস অ্যালায়েন্স-এর সভাপতি। ইতিপূর্বে বাংলাদেশী-আমেরিকান পাবলিক এফেয়ার্স ফ্রন্ট (বাপাফ)-এর সেক্রেটারী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সহ সাধারণ সম্পাদক এবং বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র সাবেক সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।

অ্যাওয়ার্ড আয়োজক কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার শুধু একজন কমিউনিটি লিডারই নন, তিনি একজন অনুপ্রেরণার প্রতীক, তিনি সমাজে আশার আলো জ্বালিয়ে চলেছেন।' তিনি প্রবাসে এবং দেশে দীর্ঘদিন ধরে বাংলাদেশী কমিউনিটির উন্নয়নে কাজ করে আসছেন। শিক্ষা, স্বাস্থ্য, যুব উন্নয়ন ও সামাজিক সচেতনতামূলক কার্যক্রমে তাঁর নেতৃত্ব মানুষের মধ্যে ইতিবাচক পরিবর্তন এনেছেন। বাংলাদেশী তরুণ প্রজন্মকে সমাজের মূলধারায় সম্পৃক্ত করতে এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

'টর্চ-বিয়ারার অ্যাওয়ার্ড' প্রাপ্তি নিয়ে মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, সম্মান দেয়া-নেয়ার মালিক মহান আল্লাহতায়ালা। আমি ছোট বেলা থেকেই মানুষের কল্যাণে কাজ করছি। মানুষের ভালোবাসাই আমার বড় পাওয়া। তারপরও মূলধারা থেকে শুরু করে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠন থেকে পাওয়া অ্যাওয়ার্ডগুলো আমাকে মানবসেবায় নতুন করে অনুপ্রেরণা যোগায়। এজন্য আমি সংশ্লিষ্ট সবার কাছে কৃতজ্ঞ।




## নজরুল একাডেমির ইউএসএ'র যুগপূর্তি ও নজরুল জয়ন্তী

৩ পৃষ্ঠার পর

শিক্ষক লিমন চৌধুরীর পরিচালনায় 'কান্ডারী হুঁশিয়ার' সমবেত সংগীত পরিবেশিত হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ডানা ইসলাম ও নিশাত খাজা। একাডেমির যুগপূর্তিকে কেন্দ্র করে স্মৃতিচারণমূলক পর্ব 'ফিরে দেখা'য় অংশ নেন অধ্যক্ষ আজিজুল হক, শিরিন আহমেদ, তাসের মাহমুদ ও শাহ আলম দুলাল। সঞ্চালনা করেন মোহাম্মদ মালেক। 'আবৃত্তি' পর্বে অংশগ্রহণ করেন ফারুক আজম, নাসরীন ইসলাম, জান্নাত সুলতানা ও কবির কিরণ। 'সমবেত নারী কণ্ঠ' পরিবেশনায় 'জাগো নারী জাগো বহ্নিশিখা' গানটি পরিবেশন করেন ফারহানা তুলী ও চন্দ্রা রায়। রাজিয়া নাজমীর সঞ্চালনায় সম্পূর্ণ নারী মঞ্চের বিশেষ পর্ব 'প্রেম-দ্রোহে নজরুল ও নারী'-তে অংশ নেন মনিজা রহমান ও নীপা সাক্সেনা। নারী কবিতার আবৃত্তি করেন ডা. রুমানা নাসুর। এ সময় একাডেমির প্রতিষ্ঠাতা সভাপতি মনজুর আহমেদ ও প্রতিষ্ঠাতা উপদেষ্টা মুক্তাদির বিশ্বাসকে ফুলেল শুভেচ্ছা জানান শাহ আলম দুলাল, ডানা ইসলাম, রোকশান আরা ও মোহাম্মদ কিউ জামান।

রেহানা মতলুবের হাওয়াইয়ান গিটারে নজরুল সংগীত পরিবেশনা শ্রোতাদের মুগ্ধ করে। এছাড়া তরুণ প্রজন্মের শিল্পী রিয়া, কামিল, আলভীন ও নিনা- নজরুল সংগীত পরিবেশন করে দর্শকদের প্রশংসা কুড়ান। একক নৃত্য পরিবেশন করেন নীলা জাহীন। অনুষ্ঠানের শেষ পর্ব 'সংগীতে সংগীতে নজরুল সন্ধ্যা'য় অংশ নেন ফারহানা তুলী, লিমন চৌধুরী, শাহনাজ রহমান লুমি, চন্দ্রা রায় ও চন্দন চৌধুরী। সবশেষে নজরুল একাডেমির সম্মানিত সভাপতি মোহাম্মদ কিউ জামানের ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়।



## চট্টগ্রাম সমিতির দোয়া ও মেজবান অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

মাহফিলে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সমিতির সভাপতি মো. আবু তাহের। সংগঠনের সাধারণ সম্পাদক আরিফুল ইসলামের সঞ্চালনায় মাহফিলে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডেমোক্রাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এ্যাট লার্জ মঈন চৌধুরী, 'আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশন'র প্রতিষ্ঠাতা ও সভাপতি এম এ কাদের মিয়া, চট্টগ্রাম সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি এম এ রহিম, প্রতিষ্ঠাতা-কোষাধ্যক্ষ শামসুল আলম চৌধুরী, সাবেক সভাপতি মোহাম্মদ হানিফ, কাজী আজম, সাবেক সেক্রেটারি মোর্শেদ রিজভী, নির্বাচন কমিশনার আবু তালেব চৌধুরী চান্দু প্রমুখ। সকল বক্তাই বীর চট্টলার প্রবাসীগণকে অভিনন্দন জানিয়ে বলেন, এই মাহফিলের মধ্যদিয়ে তারা ঐক্যের সুমহান এক ঐতিহ্যকে এগিয়ে নেয়ার পথ সুগম করলেন।

এই মাহফিলের জন্যে গঠিত সাব কমিটির আহবায়ক মো. টি আলম, যুগ্ম আহবায়ক মো. কলিমউল্লাহ, সদস্য সচিব শফিকুল আলম, যুগ্ম সদস্য-সচিব মোহাম্মদ ঈশা, প্রধান সমন্বয়কারি আরিফ চৌধুরী এবং সমন্বয়কারি তানিম মহসিন ছিলেন অতিথি আপ্যায়নে। দুর্যোগপূর্ণ আবহাওয়া সত্ত্বেও স্কুলের মিলনায়তন কানায় কানায় পূর্ণ হয়েছিল। উল্লেখ্য, ১৯৮৯ সালে চট্টগ্রাম সমিতি প্রতিষ্ঠিত হয় ঈদে মিলাদুন্নবী (স:) উদযাপনের মধ্যদিয়ে। এবারের আয়োজনেও সপরিবারে বিপুলসংখ্যক প্রবাসীর সমাগম ঘটায় সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন সমিতির সভাপতি মো. আবু তাহের এবং সেক্রেটারি আরিফুল ইসলাম।



## ইউনাইটেড বাঙালি লুথারেন চার্চ'র ২৫ বছরপূর্তি

৬৪ পৃষ্ঠার পর

প্রার্থনা দিয়ে শুরুর পরে বাইবেল ধর্ম গ্রন্থের আলোচনা এবং যীশু খৃষ্টের জীবনী ও মানব কল্যাণে তার জীবন উৎসর্গ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া প্রোগ্রাম চলাকালে থেমে থেমে সমবেত কণ্ঠে যীশু খ্রিষ্টের নামে প্রার্থনা সংগীত গাওয়া হয়। এ সময় উপস্থিত ছিলেন ইউনাইটেড বাঙালি লুথারেন চার্চ অব আমেরিকার প্রেসিডেন্ট ড. টমাস মৃদু রায়, সেক্রেটারি লুক এস কীর্তনিয়া, ট্রেজারার ম্যারিন্টালশা সরকার ও সিনিয়র কাউন্সিল জেমস রায়। উল্লেখ্য ২০০০ সালের ১৫ ই অক্টোবর ৮ জন বিভিন্ন জায়গার খ্রিষ্ট ধর্মাবলম্বীদের সমন্বয়ে এই ধর্মীয় সংগঠনের যাত্রা শুরু হয় যা ২৫ বছরে পদার্পন করে। আগামী ১৯ অক্টোবর রোববার ফাইনাল অনুষ্ঠানের মাধ্যমে ২৫ বর্ষ পূর্তি অনুষ্ঠানের সমাপ্তি হবে।

## যশোর সোসাইটির নতুন কমিটির অভিষেক

আজকাল রিপোর্ট

প্রবাসী বাংলাদেশিদের আঞ্চলিক সংগঠন যশোর সোসাইটি অব আমেরিকা ইনকের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি ২০২৫-২০২৬-এর অভিষেক অনুষ্ঠান গত ১১ অক্টোবর নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অ্যাটর্নি মঈন চৌধুরী। এনওয়াইপিডির ডেপুটি ইন্সপেক্টর কারাম চৌধুরী, ক্যাপ্টেন আক্কাস, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আবু তালেব চৌধুরী চান্দু, খলিল বিরিয়ানির প্রেসিডেন্ট খলিলুর রহমানসহ বিশিষ্ট কমিউনিটি নেতৃবৃন্দ এবং প্রবাসী যশোরবাসীসহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক ব্যক্তিরা এ সময় উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে নবনির্বাচিত সব সদস্যের পরিচয় করিয়ে দেওয়া হয় এবং তাদের আনুষ্ঠানিকভাবে অভিষিক্ত করা হয়। নবনির্বাচিত কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন অ্যাডভোকেট মো. আব্দুল মজিদ এবং সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব নেন মো. জাহাঙ্গীর আলম। কমিটিতে আরো রয়েছেন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এসকে মিজানুর রহমান এবং ভাইস প্রেসিডেন্ট হিসেবে মাহফুজুর রহমান, আবুল হাশেম, মেহেরুন্নেসা মল্লিক (মেরি), মামুন সরদার, মো. মজহারুল ইসলাম (অনিক) ও মেহেদী আল-মামুন। আরো রয়েছেন- মো. রিফাত হোসেন, শাফিউল ইসলাম (কনক), ইনামুর রহমান, মাহমুদুল কবির, মো. জিয়াউর রহমান, মিজুর রহমান তুষার, এসএম গোলাম ফারুক, সোনিয়া পারভিন মল্লিক, সাদিয়া মোহনা, মো. আমিনুল ইসলাম (গনি), মো. শরিফুল ইসলাম, শাহলা মুমিন (হাসু), শাহিন সরদার, মারিয়া মৌ (মৌসুমি), মো. শাহিদুল ইসলামসহ আরো অনেকে।

অনুষ্ঠানে বক্তারা বলেন, যশোর সোসাইটি অব আমেরিকা ইনক শুধু একটি সামাজিক সংগঠন নয়, এটি প্রবাসে যশোরের ইতিহাস, সংস্কৃতি ও ঐক্যের প্রতীক। নতুন কমিটি প্রবাসীদের কল্যাণে আরো সক্রিয় ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী।

## নিউইয়র্কে বেসমেন্ট বৈধ হচ্ছে

৬৪ পৃষ্ঠার পর

শহরের নিয়মে বলা হয়েছে, রাস্তা থেকে দৃশ্যমান না হলে ইউনিটের প্রবেশদ্বার নির্দেশক একটি সাইনবোর্ডে চিহ্নিত করতে হবে। এই সাইনবোর্ডে লাল রঙের অক্ষরে কমপক্ষে পাঁচ ইঞ্চি উচ্চতায় লেখা থাকতে হবে এবং একটি তীর দিয়ে প্রবেশদ্বারের দিকে নির্দেশ করতে হবে। এছাড়াও, এসব ইউনিটে দুটি এক্সিট থাকতে হবে, স্বয়ংক্রিয় স্প্রিংকলার ব্যবস্থা থাকতে হবে, জানালার ছাদ বা খোলা স্থানগুলো সিলের ছয় ইঞ্চির বেশি নিচে অবস্থিত হতে পারবে না ইত্যাদি।

তথ্য অনুযায়ী, ২০২৪ সালে ২ হাজার ৮০০-এর বেশি বাড়ির মালিক এডিইউ বিল্ডিং ইউনিট নির্মাণে আগ্রহ প্রকাশ করে। তবে সিটির ৫ লাখ ৬৫ হাজার ৪০০টি লটের মধ্যে আনুমানিক ৪ লাখ ৬০ হাজার লট এখনো বাড়তি ইউনিট নির্মাণের জন্য বিবেচ্য হবে না। ফলে কেবল প্রায় ৬৮ হাজারটি লটে এ ধরনের বাড়িতে অনুমোদিত হতে পারে।


সাপ্তাহিক আজকাল

বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন।

৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

Email: ajkalnews@gmail.com

## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS · JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS

JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## নায়কহীন নায়িকা !

৪৬ পৃষ্ঠার পর

শুরুতে বাংলাদেশ, থাইল্যান্ড ও যুক্তরাষ্ট্রে সিনেমাটির শুটিং শুরু করবো এবং সে বছরই প্রেক্ষাগৃহে মুক্তি দেবো।"
সিনেমাটির অ্যাকশন দৃশ্য পরিচালনা করবেন কলকাতার বাবা যাদব।
বলা দরকার, মাহিয়া মাহিকে সর্বশেষ দেখা গেছে ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত 'রাজকুমার' ছবিতে শাকিব খানের মায়ের চরিত্রে।

## যুক্তরাষ্ট্রে পুরস্কার জিতলো বাংলাদেশের 'নিশি'

৪৬ পৃষ্ঠার পর

জহিরুল ইসলাম।
গত ১১ অক্টোবর যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় সন্ধ্যায় রেকফোর্ড স্টুডিও সেন্টার, লস অ্যাঞ্জেলেসে পুরস্কারের ঘোষণা করা হয়। প্রযোজনা সংস্থা ইন্টারন্যাশনাল একাডেমি অব ফিল্ম অ্যান্ড মিডিয়া জানিয়েছে, এই নমিনেশনের মাধ্যমে 'নিশি' বিশ্বের সেরা তিনটি স্টুডেন্ট ফিল্মের একটি হিসেবে স্বীকৃতি পেয়েছে।
বিষয়টি নিয়ে গোলাম রাব্বানী বলেন, 'সত্যিই আনন্দের খবর। এই প্রাপ্তি আমার সিনেমা জার্নিকে আরও বেগবান করবে। আমি সিনেমায় সবসময় প্রাণ ও প্রকৃতির গল্প বলে যেতে চাই।'
ছবিটি ইউরোপিয়ান ইউনিয়ন বাংলাদেশ, গ্রিন ফিল্ম স্কুল অ্যালায়েন্স এবং ইউনেস্কো ঢাকার সহযোগিতায় নির্মিত হয়েছে। ছবির কাহিনিতে দেখা যায় একজন চা শ্রমিকের কন্যা নিশির পড়ালেখা বন্ধ হয়ে যায়। বাড়িতে টিউবওয়েল দেওয়ার নাম করে নাবালিকা নিশিকে বিয়ে করতে চায় কাঠ ব্যবসায়ী সালাউদ্দিন। সিনেমার দৃশ্যধারণ হয়েছে সিলেটের চা বাগানের বিভিন্ন লোকেশনে। গোলাম রাব্বানী জানান, ছবিটি বর্তমানে বিশ্বের বিভিন্ন চলচ্চিত্র উৎসবে অংশগ্রহণের জন্য পাঠানো হচ্ছে এবং শিগগিরই বাংলাদেশেও প্রদর্শিত হবে।

## কার আখের কে গোছায়

১২ পৃষ্ঠার পর

দিকেও পদক্ষেপ নেওয়া হয়েছে।
এদিকে ঋণখেলাপিরা মাত্র ২ শতাংশ ডাউন পেমেন্ট দিয়ে খেলাপি ঋণ পুনঃ তফসিলের সুবিধা আদায় করে নিয়েছেন। ফলে ঋণখেলাপিরা দুই বছরের গ্রেস পিরিয়ডসহ ঋণ পরিশোধে নতুন করে ১০ বছর সময় পাবেন। বিগত সরকারের আমলে সরকার ঘনিষ্ঠ বড় ব্যবসায়ীরা এ ধরনের বিশেষ সুবিধা পেতেন। এবার এই সুবিধা পাবেন আওয়ামী লীগ সরকারের সময়ে চাপে থাকা এবং বিএনপি ও জামায়াতের রাজনীতির সঙ্গে যুক্ত ব্যবসায়ী গোষ্ঠী।
অন্তর্বর্তী সরকারকে ব্যবহার করে আখের গোছানোর আরেকটি দৃষ্টান্ত হলো বেসরকারি টিভি চ্যানেলের লাইসেন্স বাগানো। প্রথম আলোর প্রকাশিত সংবাদ অনুসারে, এ বছরের জুন ও জুলাই মাসে এ রকম দুটি লাইসেন্স পেয়েছেন এনসিপির যুগ্ম মুখ্য সমন্বয়ক মো. আরিফুর রহমান তুহিন ও জাতীয় নাগরিক কমিটির সদস্য আরিফুর রহমান। তাঁদের টিভি চ্যানেল দুটির নাম যথাক্রমে 'নেক্সট টিভি' ও 'লাইভ টিভি'। নেক্সট টিভির সঙ্গে আরও আছেন বগুড়া বিএনপির সাবেক সংসদ সদস্য এ কে এম হাফিজুর রহমানের ছেলে এ কে এম গোলাম হাসনাইন। তিনি সোনি আতুন (পূর্বাঞ্চল) বিএনপির সভাপতি। লক্ষণীয় বিষয় হলো কোনো ধরনের সুনির্দিষ্ট নীতিমালা ও প্রতিযোগিতা ছাড়াই বিগত আওয়ামী সরকারের স্টাইলে রাজনৈতিক ও দলীয় বিবেচনায় এই লাইসেন্স দুটি দিয়েছে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
অথচ দেশে বিদ্যমান টিভি চ্যানেলগুলোই চলতে পারছে না। অনুমোদনপ্রাপ্ত টিভি চ্যানেলের সংখ্যা ৫০ হলেও চালু আছে ৩৬টি। এগুলোর অধিকাংশেরই আর্থিক অবস্থা ভালো নয়, দেশে বিজ্ঞাপনের বাজারও এই বিপুলসংখ্যক টিভি চ্যানেলের জন্য যথেষ্ট বিকশিত নয়। অন্তর্বর্তী সরকার গঠিত গণমাধ্যম সংস্কার কমিশনের প্রতিবেদনে দলীয় আনুগত্য, স্বজনপ্রীতি ও দুর্নীতির মাধ্যমে অর্থনীতি ও বাজারের চাহিদা ও সক্ষমতার চেয়ে অনেক বেশি সংখ্যায় লাইসেন্স দিয়ে সৃষ্ট নৈরাজ্যকর পরিস্থিতির কথা উল্লেখ করা হয়েছে। অন্তর্বর্তী সরকারের দায়িত্ব ছিল গণমাধ্যম সংস্কার কমিশনের সুপারিশ অনুসারে গণমাধ্যম কমিশন গঠন করে বেসরকারি টিভি চ্যানেলের লাইসেন্সের পর্যালোচনা করা। সেটা না করে রাজনৈতিক বিবেচনায় নতুন দুটি লাইসেন্স দেওয়া হলো।
এদিকে চট্টগ্রাম বন্দর লাভজনক থাকার পরেও বিদেশি কোম্পানির স্বার্থে বন্দরের মাশুল ৪১ শতাংশ বৃদ্ধি করেছে সরকার। এতে দেশে আমদানি-রপ্তানির খরচ বাড়লেও লাভবান হবে ডিপি ওয়ার্ল্ড, এপিএম টার্মিনালস, পিএসএ ইন্টারন্যাশনালের মতো বিদেশি অপারেটররা। বিশ্বব্যাংক গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশনের (আইএফসি) পরামর্শে এই মাশুল বৃদ্ধির ফলে বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা, মালয়েশিয়া, মিয়ানমার, ভিয়েতনাম ও কম্বোডিয়া-এই সাত দেশের ১৪টি বন্দরের মধ্যে ১৩টি বন্দরের মাশুলের চেয়ে চট্টগ্রামের মাশুল বেশি দাঁড়াবে।
এগুলো হলো বিভিন্ন দেশি-বিদেশি গোষ্ঠীর আখের গোছানোর কয়েকটি নমুনা, যেগুলো সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে। এর সঙ্গে যুক্ত হবে সংবাদমাধ্যমে এখনো প্রকাশিত না হওয়া দেশি এবং বিভিন্ন বিদেশি গোষ্ঠীর আখের গোছানোর তৎপরতা, যেগুলোর অনেক কিছু সম্পর্কে আমরা হয়তো জানি না।
অনেকেই একসময় চেয়েছিলেন অন্তর্বর্তী সরকার যেন বেশি দিন থাকে। তাঁরা ভেবেছিলেন, অন্তর্বর্তী সরকার যত বেশি দিন ক্ষমতায় থাকবে, ততই দেশের উপকার হবে, তত বেশি সংস্কার হবে। তাঁরা হয়তো তখন ভাবেননি, অন্তর্বর্তী সরকার ক্ষমতায় থাকা অবস্থায় কোনো অনিয়ম করলে তার জবাবদিহি কীভাবে আদায় করা হবে। রাজনৈতিক সরকারের মতো ভোট না দিয়ে তো এই সরকারকে শায়েস্তা করার উপায় নেই।
এখন এ রকম একটা সরকারের এক বছরের বেশি সময় ধরে ক্ষমতায় থাকার ফলাফল কী দাঁড়াচ্ছে? উপদেষ্টাদের বিরুদ্ধে আখের গোছানো ও সেফ এক্সিট খোঁজার মতো গুরুতর অভিযোগ তোলা হয়েছে। সেই সঙ্গে অভিযোগ উঠছে অন্তর্বর্তী সরকারকে কাজে লাগিয়ে বিভিন্ন দেশি-বিদেশি স্বার্থান্বেষী গোষ্ঠীর স্বার্থ হাসিলের। বিপুলসংখ্যক তাজা প্রাণের আত্মত্যাগের মধ্য দিয়ে সংঘটিত গণ-অভ্যুত্থানের পর এ রকম একটি পরিস্থিতি তৈরি হওয়া ভীষণ দুঃখজনক।
কল্লোল মোস্তফা: বিদ্যুৎ, জ্বালানি, পরিবেশ ও উন্নয়ন অর্থনীতিবিষয়ক লেখক।

## কানাডা-যুক্তরাষ্ট্র বাণিজ্যযুদ্ধে প্রবাসী বাংলাদেশিদের উদ্বেগ কেন

১২ পৃষ্ঠার পর

অ্যান্টিডাম্পিং ও কাউন্টারভেইলিং শুল্ক বজায় রাখে, যার গড় ৮ দশমিক ৫৯ শতাংশ।
যুক্তরাষ্ট্রের নীতিগত অস্থিরতার ঝুঁকির কারণে কানাডা রপ্তানি বাজারকে বৈচিত্র্যময় করার প্রচেষ্টা বাড়িয়েছে এবং পদ্ধতিগত ঝুঁকি হ্রাস করা ও যুক্তরাষ্ট্রের ওপর নির্ভরতা কমানোর চেষ্টা করছে। এ লক্ষ্যে সিপিটিপিপি এবং সিইটিএ প্রোগ্রামের মাধ্যমে এশিয়া-প্যাসিফিক ও ইউরোপীয় অঞ্চলে বহুপক্ষীয়, বহুমুখী ও বহুজাতীয় চুক্তির আওতায় রপ্তানি বৃদ্ধি করার চেষ্টা অব্যাহত রেখেছে।
কানাডার জন্য অর্থনৈতিক সার্বভৌমত্ব জোরদার করা মানে হলো উদ্ভাবনকে অগ্রাধিকার দেওয়া, কৌশলগত খাতে বিনিয়োগ করা এবং বৈচিত্র্যময় বাণিজ্য সম্পর্ক গড়ে তোলা। যুক্তরাষ্ট্রের জন্য চ্যালেঞ্জ হলো অভ্যন্তরীণ শিল্পনীতির প্রয়োজনীয়তা ও সমন্বিত মহাদেশীয় সাপ্লাই চেইন থেকে প্রাপ্ত দক্ষতার মধ্যে ভারসাম্য রক্ষা করা।
কানাডা-যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক বাণিজ্য-বিরোধের বিশ্লেষণ থেকে কয়েকটি গুরুত্বপূর্ণ নীতিগত শিক্ষা পাওয়া যায়, যা অন্যান্য দেশের জন্যও প্রযোজ্য।
দ্বিপক্ষীয় অর্থনৈতিক সম্পর্কের স্থিতিশীলতা মূলত প্রাতিষ্ঠানিক ও নিয়মভিত্তিক ব্যবস্থার ওপর নির্ভরশীল। একতরফা শুল্ক আরোপ ও বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া এড়িয়ে চলা বাজার আস্থাকে ক্ষুণ্ন করে এবং দীর্ঘমেয়াদি সমৃদ্ধিকে হুমকির মুখে ফেলে।
কানাডার জন্য অর্থনৈতিক সার্বভৌমত্ব জোরদার করা মানে হলো উদ্ভাবনকে অগ্রাধিকার দেওয়া, কৌশলগত খাতে বিনিয়োগ করা এবং বৈচিত্র্যময় বাণিজ্য সম্পর্ক গড়ে তোলা। যুক্তরাষ্ট্রের জন্য চ্যালেঞ্জ হলো অভ্যন্তরীণ শিল্পনীতির প্রয়োজনীয়তা ও সমন্বিত মহাদেশীয় সাপ্লাই চেইন থেকে প্রাপ্ত দক্ষতার মধ্যে ভারসাম্য রক্ষা করা।
অর্থনৈতিকভাবে পারস্পরিক নির্ভরশীল মিত্রদেশগুলোর মধ্যেও বাণিজ্যিক উত্তেজনা উন্নত আন্তর্জাতিক অর্থনৈতিক কাঠামোর ভঙ্গুরতা প্রকাশ করে। অভিযোজন, নিয়ন্ত্রণ নীতি ও ধারাবাহিক কূটনৈতিক সম্পৃক্ততা এ সম্পর্কের স্থায়িত্বের জন্য অপরিহার্য।
আগামী দিনে জলবায়ু-সম্পর্কিত বাণিজ্যনীতি, ডিজিটাল বাণিজ্য ও গুরুত্বপূর্ণ খনিজ সম্পদের ভূরাজনীতি বিদ্যমান প্রাতিষ্ঠানিক কাঠামোর অভিযোজন ক্ষমতাকে পরীক্ষা করবে।
২০২৪ সাল পর্যন্ত কানাডার প্রধানমন্ত্রী ট্রুডো ও মার্কিন প্রেসিডেন্ট বাইডেন উভয়ের সরকারি বক্তব্যে দ্বিপক্ষীয় বাণিজ্য সহযোগিতার প্রতি অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়েছে। যদিও দেশীয় ও বৈশ্বিক চাপ অব্যাহত রয়েছে। কানাডা-যুক্তরাষ্ট্রের বাণিজ্য সম্পর্ক প্রায়ই অর্থনৈতিক সংহতির মডেল হিসেবে বিবেচিত হলেও এটি নিয়মিত বিরোধ ও অভিযোজনের মধ্য দিয়ে গড়ে ওঠে। সাম্প্রতিক বিরোধ উত্তর আমেরিকার বাণিজ্যকাঠামোর শক্তি ও দুর্বলতা উভয়কেই স্পষ্ট করেছে। নীতিনির্ধারক ও গবেষকদের জন্য এ অভিজ্ঞতা শিক্ষা দেয় যে এক অনিশ্চয়তার যুগে শক্তিশালী প্রতিষ্ঠান, প্রমাণভিত্তিক নীতি এবং দূরদর্শী অর্থনৈতিক কূটনীতি অপরিহার্য।
উত্তর আমেরিকায় বাংলাদেশিদের সংগঠন কেবানা তার ২০২৫-এর সম্মেলনের আয়োজন করে মন্ট্রিয়ল শহরে। তিন দিনব্যাপী এ সম্মেলন শুরু হয় গত ২৯ আগস্ট। ৩০ আগস্ট নির্ধারিত ছিল সেমিনার সিরিজ।
রঙ্গরসপ্রিয় বাঙালি গানবাজনা-নৃত্যের বিনোদন বাদ দিয়ে সম্মেলনের একটি অংশ রেখেছে সেমিনারের জন্য এবং উত্তর আমেরিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বা সরকারের নীতিনির্ধারক পর্যায়ের বিশেষজ্ঞদের আমন্ত্রণ জানিয়েছে। এর মানে হলো আয়োজকেরা একটি জ্ঞানভিত্তিক সমাজ নির্মাণের আকাঙ্ক্ষা পোষণ করেন।
এর প্রধান কৃতিত্ব সেমিনার সিরিজের সমন্বয়ক অণুজীব বিজ্ঞানী ড. শোয়েব সাঈদের, যিনি অনেক দিন ধরে এ কঠিন কাজটি করে আসছেন। কিন্তু সেমিনারের কার্যকরী পর্ষদের সদিচ্ছা-সহযোগিতা ছাড়া এটা সম্ভব হতো না। পর্ষদের সভাপতি জিয়াউল হক জিয়া, মেম্বার সেক্রেটারি ইকবাল কবীর, কালচারাল ডিরেক্টর শামসাদ রানা, কেবানার কেন্দ্রীয় সভাপতি আতিকুর রহমান, নির্বাহী সচিব সেহেল রহিম, কেন্দ্রীয় কর্মকর্তা সেনারুল ইসলাম বাবলাসহ অসংখ্য মানুষের অক্লান্ত পরিশ্রমে অনুষ্ঠানটি সফল হতে পেরেছে।
চারটি সেশনের একটির আলোচ্য বিষয় ছিল 'অর্থনৈতিক জাতীয়তাবাদের যুগে যুক্তরাষ্ট্র-কানাডা বাণিজ্যযুদ্ধ'। এই সেশনে আমাকে আমন্ত্রণ জানানো হয়েছিল কি-নোট স্পিচ দেওয়ার জন্য। সেশন চেয়ার ছিলেন ম্যাকগিল ইউনিভার্সিটির অধ্যাপক ও কানাডিয়ান ইকোনমিকস অ্যাসোসিয়েশনের সাবেক প্রেসিডেন্ট জন গ্যালব্রেথ। বিষয় নির্ধারণ থেকেই বোঝা যায়, কানাডায় বসবাসরত বাংলাদেশি নাগরিকেরা যুক্তরাষ্ট্র-কানাডা বাণিজ্যযুদ্ধে উদ্বিগ্ন।
এ নিবন্ধ আমার বক্তৃতার অংশ। বক্তৃতায় আমি বলেছি, এ উদ্বিগ্ন হওয়াটা ভালো লক্ষণ। তাঁদের পরামর্শ দিয়েছি, কানাডার শিক্ষাপ্রতিষ্ঠানে ডিগ্রি বা প্রশিক্ষণ নিয়ে কানাডার চাকরির বাজারে ঢুকে যেতে এবং রাষ্ট্রের আদর্শ, সমাজের মূল্যবোধ ধারণ করে মনেপ্রাণে কানাডার নাগরিক হয়ে গিয়ে অবদান রাখতে। বাংলাদেশে বৈধ পন্থায় অর্থ পাঠানো বা বিনিয়োগ করার পরামর্শও দিয়েছি।
কানাডা সরকার জানে, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যযুদ্ধে কী করতে হবে। তারপরও আমি কয়েকটি পরামর্শ দিয়েছি, যা নীতিনির্ধারকদের আলোচনায় বা কর্মপরিকল্পনায় চোখে পড়ে না। সব খাতে নিজস্ব শিল্প গড়ে তুলতে হবে। যুক্তরাষ্ট্রের সঙ্গে তেল শোধনে বা গাড়ির যন্ত্রাংশ ভাগাভাগির নীতি বাদ দিতে হবে। প্রতিটি খাতে ৫০ বছরের পুরোনো নীতি অনুসরণ করা হচ্ছে। এই নীতি বর্তমান সময়ের সঙ্গে হালনাগাদ করতে হবে। প্রাইভেট-পাবলিক পার্টনারশিপ ও সরকারি তত্ত্বাবধানে ব্যক্তি খাতের উদ্যোগ নীতি গ্রহণ করতে হবে।
এম এম আকাশ: অর্থনীতির অধ্যাপক, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ। সাউথ এশিয়া।







# আমরাই একমাত্র যারা সর্বোচ্চ সুবিধার নির্ভরযোগ্য নিশ্চয়তা প্রদান করি



## ZAM ZAM TRAVEL US

### আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

### কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
*in a Partnership with*
إثراء الخير ITHRAA ALKHAIR

### এয়ার লাইন সমূহ

SAUDIA السعودية · QATAR AIRWAYS القطرية · Emirates · TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com    zamzamtravelus@gmail.com

## সৎ ব্যবসায়ীদের গুণাগুণ

২৫ পৃষ্ঠার পর

বাজারে গিয়ে একজন খাদ্য বিক্রেতার পাশ দিয়ে অতিক্রম করছিলেন। তিনি খাদ্যের ভেতরে হাত প্রবেশ করে দেখলেন, ভেতরের খাদ্যগুলো ভেজা বা নিম্নমান। এ অবস্থা দেখে রাসুল (সা.) বললেন, 'হে খাবারের পণ্যের মালিক! এটা কী?' লোকটি বলল, 'হে আল্লাহর রাসুল! এতে বৃষ্টি পড়েছিল।' রাসুল (সা.) বললেন, 'তুমি সেটাকে খাবারের ওপর রাখলে না কেন, যাতে লোকেরা দেখতে পেত? যে ধোঁকা দেয়, সে আমার উম্মত নয়।' (মুসলিম : ১০২)।

মিথ্যা না বলা : একজন মোমিনের অত্যাবশ্যকীয় গুণ হলো, সত্য বলা। সত্য সব সময়ই সুন্দর। মিথ্যা কেউই পছন্দ করে না। ব্যবসা করার ক্ষেত্রে অনেকেই মিথ্যা বলে বিক্রি করে। যা মোটেই উচিত নয়। মিথ্যা বলা কবিরা গোনাহ। রাসুল (সা.)-কে জিজ্ঞেস করা হলো, 'একজন মোমিন কি ভীরু হতে পারে?' তিনি বললেন, 'হ্যাঁ।' জিজ্ঞেস করা হলো, 'মোমিন কি কৃপণ হতে পারে?' বললেন, 'হ্যাঁ।' তারপর জিজ্ঞেস করা হলো, 'একজন মোমিন মিথ্যুক হতে পারে?' বললেন, 'না।' (সুনানে বায়হাকি : ৪৮১২)। মিথ্যা বলার শাস্তি অত্যন্ত ভয়াবহ। রাসুল (সা.) বলেছেন, 'সাবধান! মিথ্যা কথা পরিহার কর। নিশ্চয় মিথ্যা পাপাচারের দিকে নিয়ে যায়। আর পাপাচার জাহান্নামের পথে নিয়ে যায়। মানুষ মিথ্যা বলতে থাকে, অবশেষে সে আল্লাহর কাছে মিথ্যাবাদী সাব্যস্ত হয়।' (মুসলিম : ২৬০৭)।

ওজনে কম না দেওয়া : সঠিক ওজনে ক্রেতার কাছে পণ্য হস্তান্তর করা বিক্রেতার কর্তব্য। কোরআনুল কারিমে এ মর্মে বিভিন্ন জায়গায় নির্দেশ দেওয়া হয়েছে। আল্লাহতায়ালার নবী শোয়াইব (আ.) তার জাতিকে সঠিকভাবে পরিমাপের নির্দেশ দিয়েছেন। যারা ওজনে সঠিক পরিমাপ করে, তাদের জন্য রয়েছে ইহকাল ও পরকালে শুভ পরিণাম। আল্লাহতায়ালা বলেন, 'মেপে দেওয়ার সময় পূর্ণ মেপে দেবে এবং সঠিক পাল্লায় ওজন করবে। এটি উত্তম, এর পরিণাম শুভ।' (সুরা বনি ইসরাইল : ৩৫)। যারা এতে কমতি করে, কোরআনুল কারিমে তাদের জন্য রয়েছে ধ্বংসের কথা। আল্লাহতায়ালা বলেন, 'যারা পরিমাপে কম দেয়, তাদের জন্য ধ্বংস। যারা লোকদের কাছ থেকে মেপে নেওয়ার সময় পূর্ণমাত্রায় গ্রহণ করে; আর যখন তাদের মেপে দেয় অথবা ওজন করে দেয়, তখন কম দেয়।' (সুরা মুতাফফিফিন : ১-৩)। বেচাকেনার মাধ্যমে পরস্পরের হক সাব্যস্ত হয়। অনেক অসাধু ব্যবসায়ী ওজনে কম দেওয়ার কারণে ক্রেতার হক নষ্ট করেন। রাসুল (সা.) বলেছেন, 'যে ব্যক্তি অন্য কারও ক্ষতিসাধন করে, আল্লাহতায়ালা তা দিয়েই তার ক্ষতিসাধন করেন। যে ব্যক্তি অন্যকে কষ্ট দেয়, আল্লাহতায়ালা তাকে কষ্টে ফেলেন।' (তিরমিজি : ১৯৪০)।

কোমল ব্যবহার করা : যেসব বিক্রেতা কোমল ব্যবহার করে, ক্রেতাদের তাদের দোকানের প্রতি ঝোঁক থাকে। এতে তার দোকানের বেচাকেনা ধীরে ধীরে উন্নতি হতে থাকে। পক্ষান্তরে যে কোমল আচরণের অধিকারী হয় না, ক্রেতারা তার দোকান থেকে মুখ ফিরিয়ে রাখে। দিনকে দিন তার ব্যবসার অবনতি হতে থাকে। যারা কোমল আচরণ করে, ক্রেতার প্রতি সদয় থাকে, নবীজি (সা.) তাদের জন্য দোয়া করেছেন। রাসুল (সা.) বলেছেন, 'আল্লাহ তার প্রতি দয়া করুন, যে বিক্রির সময়, ক্রয়ের সময় এবং অভিযোগের সময় সদয় থাকে।' (বোখারি : ২০৭৬)।

মিথ্যা কসম না করা : অনেকে মিথ্যা বলে বিক্রি করে। এরপর মিথ্যাকে জোরদার করার জন্য এর ওপর শপথ করে। অথচ মিথ্যাবাদীর ওপর আল্লাহর অভিশাপ। মিথ্যা বলে সাময়িক বিক্রি হলেও পরবর্তীতে তা তার জন্য কাল হয়ে দাঁড়ায়। মিথ্যা বলে বা মিথ্যা শপথ করে পণ্য বিক্রি করার পরিণতি ভয়াবহ। রাসুল (সা.) বলেছেন, 'কেয়ামত দিবসে আল্লাহতায়ালা তিন ব্যক্তির সঙ্গে কোনো ধরনের কথা বলবেন না, তাদের প্রতি দৃষ্টিপাত করবেন না, তাদের পবিত্র করবেন না। তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। তাদের একজন হলো, যে তার ব্যবসায়িক পণ্য মিথ্যা কসম খেয়ে বিক্রি করে।' (মুসলিম : ১০৬)।

সুদের কারবার না করা : অনেকে পণ্য দিয়ে দোকান ভর্তি করার জন্য সুদে টাকা নেয়। অথচ সুদ সম্পূর্ণ হারাম। এতে যদিও দেখা যায় অনেক, কিন্তু পরিণামে রয়েছে খুবই স্বল্পতা। নবীজি (সা.) বলেছেন, 'সুদ যদিও বৃদ্ধি পায়, কিন্তু এর শেষ পরিণতি হচ্ছে স্বল্পতা।' (সুনানে ইবনে মাজাহ : ২২৭৯)। আবার অনেকে নগদ বিক্রির সময় নির্ধারিত মূল্য রাখে; কিন্তু বাকিতে বিক্রির সময় অথবা কিস্তিতে বিক্রির সময় অতিরিক্ত টাকা রাখে। এটাও সুদ। অথচ অনেকে এটা জানেই না। সুদের পরিণাম অত্যন্ত ভয়াবহ। আল্লাহতায়ালা বলেন, 'যারা সুদ খায়, তারা কেয়ামতের দিন দণ্ডায়মান হবে শয়তানের আসরে মোহাবিষ্টদের মতো। কারণ, তারা বলে, ব্যবসাও তো সুদের মতো। অথচ আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন।' (সুরা বাকারা : ২৭৫)।

ক্রেতাকে বাধ্য না করা : অনেক সময় বিক্রেতা এমন কথায় ক্রেতাকে আটকায় যে, এক প্রকার বাধ্য হয়েই তখন তার ক্রয় করতে হয়। অথচ এটা সম্পূর্ণ হারাম। নবীজি (সা.) বলেছেন, 'কোনো ব্যক্তির সম্পদ তার সন্তুষ্টি ছাড়া হালাল নয়।' আল্লাহতায়ালা বলেন, 'হে ঈমানদাররা! তোমরা একে অন্যের মাল অন্যায়ভাবে গ্রাস করো না। শুধু তোমাদের পরস্পরের সম্মতিক্রমে যে ব্যবসা করা হয়, তা বৈধ।' (সুরা নিসা : ২৯)।

দালালি না করা : বাজারঘাটে এমন অনেক লোক থাকে, যাদের পণ্য কেনার মোটেও ইচ্ছা নেই; কিন্তু অন্য লোকে যাতে ওই পণ্য বেশি দামে কিনতে উদ্বুদ্ধ হয়, সেজন্য পণ্যের পাশে ঘোরাঘুরি করে এবং দাম বাড়িয়ে বলতে থাকে। এটাই প্রতারণামূলক দালালি। রাসুল (সা.) বলেছেন, 'ক্রেতার ভান করে তোমরা পণ্যের দাম বাড়িয়ে দিও না।' (মিশকাতুল মাসাবিহ : ৫০২৮)।

মজুদের সংকট তৈরি না করা : অনেকে খাদ্য মজুদ করে রাখে। যখন সংকট তৈরি হবে, তখন তারা তা বেশি দামে বিক্রি করার আশা রাখে। এটা সম্পূর্ণ হারাম। কোনো মোমিন ব্যবসায়ী এমন কাজ করতে পারে না। রাসুল (সা.) বলেন, 'পাপী ব্যক্তিই মজুদদারি করে।' (মুসলিম : ১৬০৫)। এমন মজুদকারীর জন্য পরকালে রয়েছে কঠিন শাস্তি, ইহকালেও রয়েছে এর জন্য যেমন চরম দুর্ভোগ, হতাশা ও দুঃখ। নবীজি (সা.) বলেছেন, 'কেউ যদি খাদ্য গুদামজাত করে কৃত্রিম সংকট তৈরি করে, আল্লাহ তাকে দুরারোগ্য ব্যাধি ও দারিদ্র্য দ্বারা শাস্তি দেন।' (সুনানে ইবনে মাজাহ : ২২৩৮)।

ভেজাল পরিহার করা : ব্যবসায় বর্তমানে ভেজালের ছড়াছড়ি। ক্রেতারা আসল পণ্য খুঁজেও ভেজাল থেকে বাঁচতে পারে না। বিক্রেতারা অধিক লাভের আশায় ভেজাল মিশ্রিত দ্রব্য বিক্রি করে। এতে মানুষের সঙ্গে প্রতারণা করা হয়। তাদের ক্ষতিসাধন করা হয়। যা সম্পূর্ণ হারাম। তারা মনে করে, আমরা তো খাব না, অন্য মানুষে খাবে। অথচ রাসুল (সা.) বলেছেন, 'মুহাম্মদের প্রাণ যাঁর হাতে, তাঁর কসম! তোমাদের কেউ পূর্ণ মোমিন হবে না, যতক্ষণ না সে নিজের ভাইয়ের জন্য তা পছন্দ করে, যা সে নিজের জন্য পছন্দ করে থাকে।' (সুনানে নাসায়ি : ৫০১৭)।

## ফিলিস্তিনের জন্য জেগে ওঠো দুনিয়া

২৫ পৃষ্ঠার পর

দিকের কথা। ওই সময় যদিও ইহুদিরা সংখ্যায় ছিল খুবই নগণ্য; শুধু অল্প অল্প করে জমি ক্রয় করছিল। তখন হিন্দুস্তানে আমাদের উলামায়ে কেরাম ফতোয়া দিয়েছিলেন, ইহুদিদের কাছে জমি বিক্রি করা জায়েজ নয়। তারা ওখানকার মুসলমানদের বলেছিলেন, ইহুদিদের কাছে তোমরা জমি বিক্রি করো না। হাকিমুল উম্মত হজরত আশরাফ আলী থানবী (রহ.) ইমদাদুল ফতোয়াতে এ ফতোয়া দিয়েছিলেন, 'এই অঞ্চলে যেই পরিকল্পনা বাস্তবায়নের জন্য তাদের আনাগোনা চলছে, সেখানে ইহুদিদের কাছে জমি বিক্রি করা জায়েজ হবে না। কেননা তারা উপলব্ধি করতে পেরেছিলেন, জমি কেনা পর্যন্ত ওদের কাজ শেষ নয়। ওরা যখন আস্তানা গেড়ে বসবে তখন ওদের পরিকল্পনা মুখে আনবে।' (ইমদাদুল ফাতাওয়ার খণ্ড, ৫৯ পৃষ্ঠা।) । হে বিশ্ব মুসলমান! আমাদের নবী (সা.) বলেছেন, মুমিনগণ এক দেহতুল্য। দেহের কোনো অঙ্গ আহত হলে, কোথাও কোনো ব্যথা অনুভূত হলে গোটা শরীর রাতে ঘুমাতে পারে না। জ্বর এসে যায়। তেমনিভাবে ভূপৃষ্ঠে কোথাও কোনো মুসলিম নির্যাতিত হলে গোটা মুসলিম বিশ্ব তাতে ব্যথিত হবে-এমনটাই হওয়ার কথা ছিল।

কুরআনের ঘোষণা, সব মুমিন ভাই ভাই। কুরআন এ ঘোষণার মাধ্যমে জাতিগত ভেদাভেদের প্রাচীর ভেঙে দিয়েছে। বলেছে, মুমিনদের জাতি শুধু একটিই। আর তা হচ্ছে উম্মতে মুসলিমা। পৃথিবীর যে কোনো প্রান্তেই সে থাকুক না কেন, আফ্রিকায়, এশিয়ায়, ইউরোপে, মধ্যপ্রাচ্যে যেখানেই থাকুক, সব মুসলিম ভাই ভাই। আর হাদিসের ভাষ্য অনুযায়ী ভ্রাতৃত্বের দাবি হচ্ছে, এক মুসলমান তার ভাইকে সহায়-সম্বলহীন অসহায় অবস্থায় ছেড়ে দিতে পারে না। তাকে শত্রুর মুখে ঠেলে দিতে পারে না। এটাই হচ্ছে মুসলমানের পরিচয় ও বৈশিষ্ট্য। কুরআনে আল্লাহ বলেছেন, 'তোমাদের কী হয়ে গেল যে, তোমরা আল্লাহর রাস্তায় জিহাদ কর না এবং নিপীড়িত লোকদের পক্ষে, যারা এই দোয়া করছে যে, হে আল্লাহ! আমাদের সেই বসতি থেকে উদ্ধার করুন, যার অধিবাসী জালেম। আর আপনি আমাদের জন্য কোনো সাহায্যকারীর ব্যবস্থা করে দিন।' (সুরা নিসা, আয়াত ৭৫।) আজ এ আয়াতটি গাজার মুসলমানদের চিত্রায়ণ করছে। আজ তারা নির্যাতিত নিপীড়িত। তারা দোয়া করছে, হে আল্লাহ, আমাদের এ মুসিবত থেকে উদ্ধার করুন। কুরআন বলে যে, হে মুসলিমরা! তোমরা তাদের পক্ষে কেন জিহাদে অবতীর্ণ হচ্ছ না! এটা হলো কুরআনের বার্তা। এ সময় আমাদের করণীয় সম্পর্কে চমৎকার একটি কথা বলেছেন সময়ের শ্রেষ্ঠ দায়ি মুফতি তকি উসমানি। এক খুতবায় তিনি ফিলিস্তিনের মুসলমানদের পাশে দাঁড়ানো সম্পর্কে বলেন, 'আমরা সাধারণ মানুষ তো সেখানে গিয়ে জিহাদে শরিক হতে পারছি না। এটা আমাদের সক্ষমতারও বাইরে। ব্যক্তিগত উদ্যোগে কেউ যেতে চাইলেও সমস্যা তৈরি হওয়া ছাড়া কোনো কাজের কাজ হবে না। কিন্তু নিজেদের সরকারের প্রতি জোর দাবি জানান এবং তীব্র ক্ষোভ প্রকাশ করুন। যাতে সরকার কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে বাধ্য হয়। আমি মনে করি, আমাদের সরকার ও সেনাবাহিনী এতটা বোধহীন নয় যে, এতকিছু চাক্ষুষ দেখার পরও কোনো ধরনের উদ্যোগ গ্রহণ করবে না। অনেক সময় তাদের সেই প্রচেষ্টাগুলো জনসমুখে আসে না। কিন্তু জনগণের শক্তি যদি তাদের সঙ্গে থাকে তখন তারা সাহস বোধ করে। এজন্য সর্বস্তর থেকে এ মুহূর্তে প্রতিবাদের আওয়াজ উচ্চকিত হওয়া চাই। মুসলমানদের একটি বড় অস্ত্র হচ্ছে দোয়া। আফসোস, আমরা একে অস্ত্র মনে করি না। আল্লাহতায়ালা মুসাব্বিবুল আসবাব। রকেট, মিসাইল, রণতরী, যুদ্ধবিমান যতকিছু আছে সবই বাহ্যিক উপায়-উপকরণমাত্র। এতে প্রধান সৃষ্টিকারী কেও আল্লাহ ছাড়া আর কেউ না। আরেকটি হচ্ছে রুজু ইলাল্লাহ। প্রতিটি মুসলমানের প্রতি আমার আহ্বান-তাদের জন্য দোয়া করতে থাকুন। এমন যেন না হয় যে, আপনি তাদের জন্য দোয়াও করছেন না। আমাদের বুজুর্গদের একটি নিয়ম ছিল-যখন মুসলমানদের ওপর এমন দুর্দশা আসত তখন আয়াতে কারিমার-লা-ইলাহা ইল্লা আনতা সুবহা-নাকা ইন্নি কুনতু মিনায যলিমীন'-এর খতম হতো। হিসনে হাসীনের খতম হতো। মুসলমানরা একসঙ্গে বসে খতম পড়ত। এভাবে আল্লাহর প্রতি রুজু হতো। আমাদের এ বিষয়গুলোরও ইহতিমাম করা উচিত। দোয়া অত্যন্ত কার্যকরী একটি অস্ত্র। দোয়ার মাধ্যমে ছোট ছোট দল বিশাল বিশাল বাহিনীকে পরাস্ত করে ফেলে। ইতিহাসে এর অসংখ্য দৃষ্টান্ত রয়েছে। এ মুহূর্তে যা আলোচনা করার সময় নেই। কিন্তু এ সফলতা মূলত আল্লাহমুখী হওয়ার কারণে অর্জিত হয়েছে। সুতরাং নিজের গোনাহ থেকে তওবা করুন এবং দোয়া করুন। কেননা আমাদের গোনাহের কর্মফল আজ আমাদের ভুগতে হচ্ছে। আল্লাহতায়ালা যেন তা দূর করে দেন, এজন্য দোয়া করা, তওবা করা, ইস্তিগফার করা, আল্লাহমুখী হওয়া-এগুলো আমাদের কাজ হওয়া চাই এবং সকাল-সন্ধ্যার ওজিফা হওয়া চাই। আল্লাহতায়ালা স্বীয় রহমত, করুণা ও করমে আমাদের সেই তাওফিক দান করুন।'

লেখক : আলেম ও সাংবাদিক।

## 'ভালোবাসা চাই, ঘৃণা নয়'

৫২ পৃষ্ঠার পর

কখনো পারি, কখনো পারি না। জয় আসে, পরাজয়ও আসে-এটাই খেলাধুলার বাস্তবতা। জানি, আমরা যখন হেরে যাই, তখন আপনাদের কষ্ট হয়, রাগ হয়-কারণ আপনারাও এই দেশটাকে আমাদের মতোই ভালোবাসেন।'

গাড়িতে চড়াও হওয়া নিয়ে নাঈম লিখেছেন, 'আজ যেভাবে আমাদের প্রতি ঘৃণা, গাড়িতে আক্রমণ করা হয়েছে, তা সত্যিই কষ্ট দেয়। আমরা মানুষ, ভুল করি, কিন্তু কখনো দেশের প্রতি ভালোবাসা-চেষ্টার ঘাটতি রাখিনা। প্রতিটা মুহূর্তে চেষ্টা করি দেশের জন্য, মানুষের জন্য, আপনাদের মুখে হাসি ফোটাতে। ভালোবাসা চাই, ঘৃণা নয়। সমালোচনা হোক যুক্তিতে, রাগে নয়। কারণ আমরা সবাই একই পতাকার সন্তান। জয় হোক, পরাজয় হোক-লাল-সবুজ যেন আমাদের সবার গর্ব থাকে, ক্ষোভের নয়। আমরা পড়বো, আবার উঠবো - দেশের জন্য, আপনাদের জন্য, এই পতাকার জন্য। ইনশাআল্লাহ।'

## এক দিনে তিন লিগে নাম লেখালেন সাকিব

৫২ পৃষ্ঠার পর

আরও তিনটি লিগে, একই দিনে।

আবুধাবি টি-টেন লিগে সাকিব খেলবেন টুর্নামেন্টের নতুন দল রয়্যাল চ্যাম্পসে। ইনস্টাগ্রাম পোস্টে এই খবর নিশ্চিত করেছে রয়্যাল চ্যাম্পস।

রয়্যাল চ্যাম্পস তাদের পোস্টে লিখেছে, 'গোবাল লিজেন্ড অ্যালার্ট! সাকিব আল হাসান এখন রয়্যাল চ্যাম্পস পরিবারে যোগ দিয়েছেন। একজন সত্যিকারের অলরাউন্ডার, ম্যাচ উইনার, এখন তিনি টিটেন লিগের সদস্য।'

এছাড়া সাকিব খেলবেন যুক্তরাষ্ট্রের গোবাল লিগ ও ইন্ডিয়ান হ্যাভেন লিগেও। এই দুটি টুর্নামেন্ট হয় টি-টোয়েন্টি ফরম্যাটে। গোবাল লিগে সাকিব খেলবেন হিউস্টন রাইডার্সের হয়ে।

প্রথমবার হতে যাওয়া ইন্ডিয়ান হ্যাভেন লিগে বাংলাদেশি অলরাউন্ডার কোন দলে খেলবেন, সেটি এখনও জানা যায়নি। এক ভিডিও বার্তায় সাকিব এই টুর্নামেন্টে খেলার বিষয়টি নিশ্চিত করেছেন।

## ব্যর্থতায় চাকরি ছাড়লেন ক্লুইভার্ট আর কাবরেরা...

৫২ পৃষ্ঠার পর

স্প্যানিশ কোচ কাবরেরা। দল মাত্র দুই পয়েন্ট অর্জন করেছে। সব মিলিয়ে কাবরেরার অধীনে ৩৫ ম্যাচে জয়ের সংখ্যা আগের ইংলিশ কোচ জেমি ডের সমান ৯। ১৭ হারের বিপরীতে ড্র ৯টি। কাবরেরার অধীনে বাংলাদেশের সাফল্যের হার ২৫.৭১ শতাংশ।

২০২২ সালের ৮ জানুয়ারি বাংলাদেশ অধ্যায় শুরু করা কাবরেরার সাফে সেমিফাইনালে নিয়ে যাওয়া ছাড়া মোটাদাগে কোনও সাফল্য নেই। অথচ জামাল ভূঁইয়াদের নিয়ে সবচেয়ে দীর্ঘ দিন ধরে কোচের দায়িত্ব তার কাঁধে। যতই ব্যর্থতা আসুক না কেন, কাবরেরা শুধু সামনের দিকে তাকাতে চান। অথচ এখনও দল গঠন ঠিকমতো করতে তাকে গলদঘর্ম হতে হচ্ছে। অধিকাংশ সময় স্পেনে থাকেন, খেলার কিছু দিন আগে ঢাকায় আসেন। এই যেমন হংকং থেকে দেশে ফিরে গেছেন।

এছাড়া মাঠে খেলোয়াড়দের পজিশন নিয়ে পরীক্ষা নিরীক্ষা তো রয়েছেই। মুখ চেনা কিছু খেলোয়াড়ের পারফরম্যান্স না থাকলেও খেলিয়ে যান। যেখানে শমিত-জামালরা থাকেন ব্রাত্য! তাই একাধিক ম্যাচে জিততে পারেনি বাংলাদেশ দল। এ নিয়ে অধিনায়ক জামাল ভূঁইয়াকেও কথা বলতে হয়।

হামজা চৌধুরীদের মতো উঁচু মানের খেলোয়াড় দলে রয়েছেন। রয়েছেন এক ঝাঁক প্রবাসী। তাদের ঠিকমতো দলে কতটা পরিচালনা করতে পারেন এ নিয়ে প্রশ্ন অনেকের। সেই যোগ্যতা কোচের কতটুকু আছে তা নিয়ে অনেকেই সন্দিহান। তার পরেও কাবরেরা টানা মেয়াদ বাড়িয়ে ২০২৬ এপ্রিল পর্যন্ত থাকবেন। তাবিথ আউয়ালের বাফুফেও অজানা কারণে কাবরেরার ওপর ভর করে এগিয়ে যাচ্ছে।

এবার এশিয়ান কাপে অপেক্ষা কৃত সহজ গ্রুপ পেয়েও বাংলাদেশ ব্যর্থ হয়েছে। নভেম্বরে ঢাকায় ভারতের বিপক্ষে এশিয়ান কাপ বাছাইয়ের ম্যাচ। এরপর নতুন বছরে মার্চের আগে খেলা নেই। সব মিলিয়ে কাবরেরার কোচিং ভাগ্য এভাবেই চলবে নাকি ব্যতিক্রম কিছু হতে পারে তা সময় বলে দেবে।

## 'ইত্যাদি' সেজেছে এবার ভাওয়াইয়া সুরে

৪৬ পৃষ্ঠার পর

অংশগ্রহণকারীক নৃত্যশিল্পী। নাচটির কোরিওগ্রাফি করেছে এস কে জাহিদ, কণ্ঠ দিয়েছেন রাকিব ও তানজিনা রুমা। গানটির সুর করেছেন হানিফ সংকেত এবং সংগীত আয়োজন করেছেন মেহেদী। চিলমারী বন্দরকে নিয়ে ভাওয়াইয়া সম্রাট আব্বাসউদ্দীনের গাওয়া বিখ্যাত গান 'ও কি গাড়িয়াল ভাই' নতুন করে গেয়েছেন সালমা আক্তার ও উত্তরাঞ্চলের ভাওয়াইয়া শিল্পী পূর্ণচন্দ্র রায়।

দর্শক পর্বের নিয়ম অনুযায়ী ধারণস্থান কুড়িগ্রামকে ঘিরে করা প্রশ্নোত্তরের মাধ্যমে উপস্থিত দর্শকের মাঝখান থেকে ৪ জন দর্শক নির্বাচন করা হয়। দ্বিতীয় পর্বে নির্বাচিত দর্শকদের নিয়ে সুরের শহর কুড়িগ্রামের ঐতিহ্যবাহী ভাওয়াইয়া গানকে নিয়ে একটি পর্ব করা হয়।

শিকড়-সন্ধানী 'ইত্যাদি' সবসময়ই দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে প্রচার বিমুখ, জনকল্যাণে নিবেদিত মানুষদের তুলে ধরার পাশাপাশি প্রত্যন্ত অঞ্চলের অচেনা-অজানা বিষয় ও তথ্যভিত্তিক শিক্ষামূলক প্রতিবেদন প্রচার করে আসছে। আর সেই ধারাবাহিকতায় এবারের পর্বেও রয়েছে কয়েকটি অনবদ্য প্রতিবেদন। রয়েছে কুড়িগ্রাম জেলার ইতিহাস-ঐতিহ্যসহ এর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান-স্থাপনা, মহারাণী স্বর্ণময়ী, মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর বাড়ি, বীর প্রতীক তারামন বিবি, মুক্তিযুদ্ধে কুড়িগ্রাম, চিলমারী নদীবন্দরসহ বিভিন্ন বিষয়ের ওপর একটি তথ্যভিত্তিক প্রতিবেদন। ভাওয়াইয়া চর্চা, প্রচার-প্রসার এবং নতুন প্রজন্মকে ভাওয়াইয়া সংগীতের তালিম দেয়ার লক্ষ্যে প্রখ্যাত ভাওয়াইয়া শিল্পী ভূপতি ভূষণ বর্মা প্রতিষ্ঠিত বাংলাদেশ ভাওয়াইয়া অ্যাকাডেমি ও ভাওয়াইয়া গান সম্পর্কে রয়েছে একটি বিশেষ প্রতিবেদন।

উল্লেখ্য, ভাওয়াইয়া গানকে অবক্ষয়ের হাত থেকে রক্ষা করার জন্য যাদের অবদান রয়েছে তাদেরই একজন ভূপতি ভূষণ বর্মা। এই পর্বে শিল্পী বর্মা ও তার শিক্ষার্থীরা একটি ভাওয়াইয়া গানও পরিবেশন করেন। ২০১১ সালের জুলাই মাসে প্রচারিত ইত্যাদিতে কুড়িগ্রামের একজন কর্ম-উদ্যোগী যুবক আব্দুল কাদেরের ওপর একটি প্রতিবেদন প্রচার করা হয়েছিল। এবারের ইত্যাদিতে তার ওপর রয়েছে একটি ফলোআপ প্রতিবেদন। নদ-নদীবেষ্টিত জেলা কুড়িগ্রামে প্রায় চার শতাধিক চর রয়েছে। এই চর ও চরাঞ্চলের মানুষের জীবন-জীবিকা ও সম্ভাবনা নিয়ে রয়েছে একটি অনুসন্ধানী প্রতিবেদন। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য কুড়িগ্রামের চিলমারীতে রিকশা আখতার বানু নির্মিত 'রিকশা আখতার বানু (পুষ্প) বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয়'-এর ওপর রয়েছে একটি মানবিক প্রতিবেদন।

এবারে বিদেশি প্রতিবেদনে দেখানো হবে আধুনিক স্থাপত্যশৈলী আর অপরূপ সৌন্দর্যে ভরপুর সিঙ্গাপুরের দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দ্বীপ-সেন্ট জনস আইল্যান্ড ও রহস্যময় কুসু দ্বীপ।

থাকছে কাশেম টিভির সাংবাদিকের সঙ্গে নাতির মজার আলাপন, যা দর্শককে যেমন হাসাবে, তেমনি ভাবনাতেও ফেলবে। এছাড়াও ইত্যাদির নিয়মিত আয়োজন চিঠিপত্র পর্ব ছাড়াও রয়েছে বেশ কিছু সামাজিক অসংগতি ও সমসাময়িক প্রসঙ্গনির্ভর তীর্যক নাট্যাংশ।

এবারের পর্বের উল্লেখযোগ্য শিল্পীরা হলেন- সোলায়মান খোকা, আব্দুল আজিজ, আবদুল্লাহ রানা, সুভাশিষ ভৌমিক, জিল্লুর রহমান, মুকিত জাকারিয়া, আমিন আজাদ, শহীদ আলী, আশরাফুল আলম সোহাগ, তারিক স্বপন, শিপু, আবু হেনা রনি, শাওন মজুমদার, সাবরিনা লিনা, জামিল হোসেন, তিথি রোজা খন্দকার, সাদিয়া অনন্তিন, সুজাত শিমুল, হানিফ পালোয়ান, নজরুল ইসলাম, সূচনা শিকদার, রাজীব সালেহীন, বেলাল আহমেদ মুরাদসহ অনেকে।

বরাবরের মতো এবারও 'ইত্যাদি'র শিল্প নির্দেশনা ও মঞ্চ পরিকল্পনায় ছিলেন মুকিতুল আনোয়ার মুকিম। পর্বটি আগামী ৩১ অক্টোবর, শুক্রবার-রাত ৮টার বাংলা সংবাদের পর প্রচার হবে বাংলাদেশ টেলিভিশনে।

'ইত্যাদি' রচনা, পরিচালনা ও উপস্থাপনা করেছেন হানিফ সংকেত। নির্মাণ করেছে ফাগুন অডিও ভিশন। স্পন্সর করেছে যথারীতি কেয়া কসমেটিকস লিমিটেড।

## মধ্যপন্থার ধর্ম ইসলাম

২৫ পৃষ্ঠার পর

ইবাদতে মধ্যপন্থা : কিছু ধর্ম ইবাদতকে পুরোপুরি অস্বীকার করে, আবার কিছু ধর্ম বলে, দুনিয়া ছেড়ে কেবল ইবাদতে মগ্ন থাকতে। ইসলাম এ দুই চরমের মাঝে পথ দেখায়। ইসলাম মুসলমানদের জন্য নির্দিষ্ট ইবাদতের নির্দেশ দেয়। যেমন- দিনে পাঁচ ওয়াক্ত নামাজ, রমজানের রোজা, জীবনে একবার হজ। এগুলোর মাধ্যমে মানুষ আল্লাহর সঙ্গে সংযুক্ত থাকে। কিন্তু ইবাদতের পর সে দুনিয়ার কাজে ফিরে যেতে পারে। রাসুলুল্লাহ (সা.)-এর আদর্শ ছিল মধ্যপন্থা। সেখানে রোজা, নামাজ, পরিবার, বিশ্রাম, বন্ধুদের হক- সবকিছুর ভারসাম্য বজায় রাখা হয়।

আবদুল্লাহ ইবনে আমরের ঘটনা তারই প্রমাণ। তিনি ছিলেন কুরাইশের সন্তান। তার পিতা আমর ইবনুল আস খন্দকের যুদ্ধের পর ইসলাম গ্রহণ করেন। কিন্তু এ সৌভাগ্যবান সাহাবি অল্প বয়সেই ইসলাম গ্রহণ করেন এবং রাসুলুল্লাহ (সা.)-এর সঙ্গে পূর্ণ সঙ্গ দেন। তিনি ছিলেন অত্যন্ত ধার্মিক। জিহাদে নিয়মিত অংশ নিতেন। জ্ঞানার্জনের জন্য প্রচুর সময় দিতেন। পাশাপাশি এমনভাবে ইবাদত-সাধনায় আকৃষ্ট ছিলেন, তা সন্ন্যাসবাদের সীমা ছুঁয়েছিল। রাসুলুল্লাহ (সা.) এটি জানতে পেরে তাকে ডাকলেন। এ ঘটনার বর্ণনাকারী আবদুল্লাহ ইবনে আমর (রা.) নিজেই।

তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) জিজ্ঞেস করলেন, 'তুমি নাকি সারাদিন রোজা রাখ এবং সারারাত নামাজে কাটাও?' তিনি বললেন, 'জী, সত্য।' রাসুলুল্লাহ (সা.) তাকে নিষেধ করলেন। বললেন, 'একটানা রোজা রেখ না। কখনও রেখ, কখনও ছেড়ে দিও। রাতভর নামাজে দাঁড়িয়ে থেক না। রাতের কিছু অংশ ইবাদতে কাটাও, আর কিছু অংশ বিশ্রামে। তোমার শরীরেরও তোমার ওপর হক আছে, তোমার চোখেরও হক আছে, তোমার স্ত্রীরও হক আছে এবং তোমার সঙ্গে দেখা করতে আসা বন্ধু-বান্ধবেরও হক আছে। তোমার জন্য যথেষ্ট হলো, তুমি প্রতি মাসে তিনটি রোজা রাখবে। এতে স্থায়ী রোজাদার হিসেবে গণ্য হবে। কারণ, প্রতিটি নেকির বিনিময়ে দশগুণ পুরস্কার দেওয়া হবে।' (বোখারি : ১৯৭৬, মুসলিম : ১১৫৯)।

আত্মাকে মধ্যপন্থা : কিছু মানুষ মনে করে, মানুষ ফেরেশতার মতো; তাই তাদের জন্য এমন নৈতিক মানদ- তৈরি করে, যা পূরণ করা অসম্ভব। আবার কিছু মানুষ মানুষকে পশুর মতো মনে করে। ইসলাম বলে, মানুষ একটি সমন্বিত সৃষ্টি। তার মধ্যে বুদ্ধি, প্রবৃত্তি ও আধ্যাত্মিকতা রয়েছে। সে ভালো ও মন্দ- দুই পথেই যেতে পারে। তার সবচেয়ে বড় কাজ হলো নিজের নফসের সঙ্গে জিহাদ করা, যাতে সে নিজেকে পরিশুদ্ধ করতে পারে। আল্লাহ বলেন, 'যে তার নফসকে পরিশুদ্ধ করেছে, সে সফল; আর যে তাকে দমিয়ে রেখেছে, সে ব্যর্থ।' (সুরা শামস : ৯-১০)। ইসলাম মানুষকে রুহ ও দেহের সমন্বয় হিসেবে দেখে। আল্লাহ মানুষকে মাটি থেকে সৃষ্টি করেছেন এবং তাতে তার রুহ ফুঁকে দিয়েছেন। তাই ইসলাম রুহ ও দেহ- দুইয়েরই অধিকার রক্ষা করে।

আইনে মধ্যপন্থা : ইসলামের আইনিব্যবস্থাও মধ্যপন্থার ওপর দাঁড়িয়ে আছে। কিছু ধর্ম অনেক কিছুকে হারাম করে নিয়েছে, যা আল্লাহ হারাম করেননি। আবার কিছু ধর্ম এমন জিনিস হালাল করেছে, যা আল্লাহ নিষেধ করেছেন। ইসলাম হালাল ও হারামের অধিকার কেবল আল্লাহর হাতে রেখেছে। আল্লাহ পবিত্র ও উপকারী জিনিস হালাল এবং অপবিত্র ও ক্ষতিকর জিনিস হারাম করেছেন। (সুরা আরাফ : ১৫৭)। পারিবারিক বিষয়েও ইসলাম মধ্যপন্থী। যেমন- ইসলাম একাধিক বিয়ের অনুমতি দেয়, তবে শর্ত হলো ন্যায়বিচার ও আর্থিক সামর্থ্য। যদি কেউ ন্যায়বিচার করতে না পারে, তবে তার জন্য এক স্ত্রীতেই সন্তুষ্ট থাকা বাধ্যতামূলক। (সুরা নিসা : ৩)। তালাকের ক্ষেত্রেও ইসলাম মধ্যপন্থী। কিছু ধর্ম তালাককে পুরোপুরি নিষিদ্ধ করে, আবার কিছু তালাককে এতটা সহজ করে দেয়, বৈবাহিক বন্ধন ভঙ্গুর হয়ে যায়। ইসলাম তালাককে বৈধ করেছে, তবে তা শেষ পন্থা হিসেবে, যখন আর কোনো সমাধান থাকে না। (সুরা বাকারা : ২২৯)।

ব্যক্তি ও সমাজে মধ্যপন্থা : ইসলাম ব্যক্তি ও সমাজেও ভারসাম্য রক্ষা করে। লিবারেলিজম বা কথিত উদারবাদ ব্যক্তিকে অতিরিক্ত প্রাধান্য দেয়। আর সমাজতন্ত্র সমাজকে। ইসলাম দুইয়ের মাঝে একটি ন্যায়সঙ্গত সমন্বয় সাধন করে। এটি ব্যক্তির স্বাধীনতা ও সমাজের কল্যাণ- দুইয়েরই অধিকার ও দায়িত্ব নিশ্চিত করে। ইসলাম ব্যক্তির সম্মান ও মর্যাদা রক্ষা করে; কিন্তু সমাজের প্রতি তার দায়িত্বও ভোলে না। এভাবে ইসলাম একটি সুন্দর ও সুষম সমাজ গড়ে তোলে, যেখানে কেউ কারও ওপর জুলুম করে না। ইসলামের এ মধ্যপন্থা তাকে স্বভাবজাত দ্বীন করে তুলেছে, যা মানুষের স্বাভাবিক প্রকৃতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। আল্লাহ মানুষকে যে প্রকৃতি দিয়েছেন, তাতে ব্যক্তিস্বাতন্ত্র্য ও সমষ্টিগততা রয়েছে। ইসলাম এই দুইয়ের মাঝে ভারসাম্য রেখে মানুষকে একটি পরিপূর্ণ জীবনের পথ দেখায়।

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# TUITION FREE TAX SCHOOL*

## লিবার্টি ট্যাক্স স্কুল

## BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

* Tuition is Free but there is little fee for books

- Day and Evening Classes are available for your convenience.

**PLEASE CONTACT : (718) 297-3500**

**147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435**

Email: libertytaxschool101@gmail.com (আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## জ্যাকসন হাইটস মসজিদে ভোট চাইলেন এন্ড্রু কুমো

৬২ পৃষ্ঠার পর

ধর্মীয় সম্প্রীতির অনন্য তীর্থস্থান। সেই ঐতিহ্য অটুট রেখেই আমরা এগিয়ে যেতে চাই। তিনি বলেন, নিউইয়র্ক সিটিতে হিন্দু, মুসলিম, খ্রিস্টান ও বৌদ্ধরা সমান অধিকার নিয়ে বসবাস করছে। এই সহযোগিতার ধারা ব্যাহত হতে দেওয়া যাবে না। এ সময় আলোচকরা বলেন, আমরা বিপুল অঙ্কের ট্যাক্স দিয়ে থাকি কিন্তু সিটির কাছ থেকে যথাযথ সুবিধা পাই না। আশা করি কুমো মেয়র হলে এই অবস্থার পরিবর্তন হবে।

ডেমোক্রেটিক প্রার্থী নির্বাচনে মুসলিম-আমেরিকান মামদানির কাছে পরাজয়ের পর কুমো স্বতন্ত্র প্রার্থী হিসেবে মাঠে নেমেছেন। সম্প্রতি মেয়র এরিক অ্যাডামসও প্রার্থিতা প্রত্যাহার করেছেন, ফলে এই সিদ্ধান্তের সুফল কুমো পেতে পারেন বলে তারা ধারণা করছেন। এখনো বিভিন্ন জরিপে এগিয়ে রয়েছেন জোহরান মামদানি।

## যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

ধ্বংস করছে, মানবাধিকার লঙ্ঘন করছে। বাংলাদেশকে রক্ষার জন্য যার যার অবস্থান থেকে প্রতিরোধ গড়ে তুলতে প্রবাসী বাংলাদেশীসহ সবাইকে আহ্বান জানান।

যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক রানা হাসান মাহমুদের সঞ্চালনায় এবং যুগ্ম সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়ার সার্বিক সহযোগিতায় এই আলোচনা সভায় যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় নেতৃবৃন্দ ছাড়াও উপস্থিত ছিলেন নিউ ইংল্যান্ড, মিশিগান, ক্যালিফোর্নিয়া, পেনসিলভানিয়া, ফ্লোরিডা, নিউ ইয়র্ক এবং টেক্সাস রাজ্য শাখার সভাপতি এবং সাধারণ সম্পাদকবৃন্দের নেতৃত্বে স্ব স্ব রাজ্যের সদস্যরা।

কানাডা বঙ্গবন্ধু পরিষদের সভাপতি আমিন মিয়ার নেতৃত্বে সদস্যবৃন্দ, ব্রিটিশ কলাম্বিয়া -কানাডা বঙ্গবন্ধু পরিষদের জ্যেষ্ঠ উপদেষ্টা আব্দুস সালামের নেতৃত্বে সদস্যবৃন্দ, যুক্তরাজ্য বঙ্গবন্ধু পরিষদের সভাপতি লোকমান হোসেনের নেতৃত্বে পরিষদের সদস্য বৃন্দ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন ঢাকা মহানগর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক উইলিয়াম পি সমাদ্দার, বাংলাদেশ মহিলা আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি দীপিকা সমাদ্দার, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোহাম্মদ আলী সিদ্দিক, নিউ ইয়র্ক ডেমোক্রেটিক পার্টি লিডার ডঃ দিলীপ নাথ, একাত্তরের প্রহরী এবং বঙ্গবন্ধু আন্তর্জাতিক বইমেলার অন্যতম পৃষ্ঠপোষক আব্দুল কাদের মিয়া এবং মানবাধিকার কর্মী কামরুন নাহার নীরু প্রমুখ।

## যুক্তরাষ্ট্রে অতি গোপন নথিসহ ভারতীয় গ্রেফতার

৬২ পৃষ্ঠার পর

দপ্তরে ঢুকে অত্যন্ত গোপনীয় নথি প্রিন্ট করতে দেখা গেছে, যার মধ্যে যুক্তরাষ্ট্রের সামরিক বিমান সক্ষমতা সম্পর্কিত তথ্যও ছিল। নিরাপত্তা ক্যামেরায় তাকে ভবনগুলো থেকে ব্রিফকেস হাতে বের হতে দেখা গেছে।

১১ অক্টোবর ভার্জিনিয়ার ভিয়েনায় টেলিসের বাসায় তল্লাশি চালিয়ে ১ হাজারেরও বেশি শ্রেণিবদ্ধ নথি উদ্ধার করা হয়, সেগুলোর ওপর 'অত্যন্ত গোপনীয়' ও 'গোপনীয়' চিহ্নের সিল ছিল। নথিগুলো তিনি তার বাড়িতে ফাইল ক্যাবিনেট ও আবর্জনার ব্যাগে লুকিয়ে রেখেছিলেন'।

এদিকে, বিষয়ে টেলিস নিজে কোনো মন্তব্য করেননি। তার আইনজীবী জেভোরা কার্টিস মার্কিন সংবাদমাধ্যমকে বলেন, আমরা আদালতের শুনানির অপেক্ষায় আছি, যেখানে প্রমাণ উপস্থাপনের সুযোগ পাবো। মুম্বাইয়ে বেড়ে ওঠা অ্যাশলি টেলিস পড়াশোনার জন্য যুক্তরাষ্ট্রে আসেন। তিনি বহু বছর ধরে মার্কিন সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছেন ও বর্তমানে দেশটির পররাষ্ট্র দপ্তরে জ্যেষ্ঠ উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন।

টেলিস মার্কিন সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি সাবেক প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ প্রশাসনের জাতীয় নিরাপত্তা পরিষদের সদস্য ছিলেন ও বর্তমানে প্রতিরক্ষা দপ্তরের অফিস অব নেট অ্যাসেসমেন্টের কন্ট্রাক্টর হিসেবে কাজ করছেন। ট্রাম্প প্রশাসন এই দপ্তরের নাম পরিবর্তন করে 'ডিপার্টমেন্ট অব ওয়ার' করেছে।

এফবিআই জানায়, সাম্প্রতিক বছরগুলোতে টেলিস কয়েকবার চীনা সরকারি কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করেছেন। ২০২২ সালের সেপ্টেম্বরে ভার্জিনিয়ার ফেয়ারফ্যাক্সের এক রেস্তোরাঁয় অনুষ্ঠিত এক বৈঠকে তাকে একটি ম্যানিলা খাম হাতে আসতে দেখা যায়, তবে বের হওয়ার সময় সেটি তার সঙ্গে ছিল না বলে অভিযোগ নথিতে উল্লেখ রয়েছে।

## নির্বাচনে টিম স্মলের সমর্থনে ব্যবসায়ি এসোসিয়েশন

৬২ পৃষ্ঠার পর

মংগলবার অনুষ্ঠিতব্য নির্বাচনে টিম স্মলের প্রার্থীদের সহ ডেমোক্র্যাট দলের প্রার্থীদেরকে বি কলামে ভোট দিয়ে জয়ী করার জন্য সবার প্রতি আহ্বান জানান। মেয়র মার্টি স্মল তাঁর প্যানেলের প্রার্থীদেরকে সমর্থন জানানোয় ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দদের ধন্যবাদ জানান। উল্লেখ্য, টিম স্মলের প্যানেল থেকে মেয়র পদে বর্তমান মেয়র মার্টি স্মল সিনিয়র, কাউন্সিল এট লার্জ পদে প্যাটিসিয়া বেইলি, ডিকেনি মার্শাল ও সোহেল আহমেদ এবং আটলান্টিক সিটি স্কুল বোর্ড নির্বাচনে সুব্রত চৌধুরী, ক্যাশওয়ান ম্যাকিনলে ও ব্যালিশা ট্রিজারন প্রতিদ্বন্দ্বীতা করছেন।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
